পোয়াতি ছিলেন । মারা যান ডেলিভারি হবার পরেই । হেপাটাইটিস বি হয়ে যায় । সংক্রমণ হাসপাতাল থেকে । মেয়েটা পিসির পায়ের কাছে শোয়ানো ছিলো । সেও মৃত । আমার এই পিসি নিজের কাজিনকে বিয়ে করেন । আমার ঠাকুমার কাজিনের ছেলেকে । আমার আরেক পিসি আছে সে বাবার কাজিন (মাসির মেয়ে) আমারই বয়সী সেও নিজের মামার ছেলের সাথে রিলেশানশিপে ছিলো । সেই ছেলে **এমবিএ** করে বিরাট চাকরি করতো । এখন কি করে জানিনা কারণ আমি ওদের সাথে টাচে নেই । **সেই কাকু, সাহিত্যিক রমাপদ চৌধুরির মেয়েকে বিয়ে করেছে । রমণ ম্যাগসাইসাই পুরস্কার পাওয়া লেখক । উনি দেশ পত্রিকার সম্পাদক ছিলেন ।**

এই কাকু একবার নিজের মায়ের গহনা নিয়ে পলায়ন করে । কিন্তু এমবিএ পাশ ও সুচাকুরে । তাই এমন বড় পরিবারে বিয়ে হয় । তখন ঐ কাজিনের সাথে বিয়েও হয়না । ঐ কাজিনের সাথে শারীরিক সম্পর্কও

ছিলো । মেয়েটি ; যে আমার পিসি ও আমার খুবই কাছের মানুষ এবং ওয়ান অফ্ দা মোস্ট জেনুইন পার্সন আই হ্যাভ এভার মেট ইন মাই লাইফ ; খুব দু:খ পায় । যাদবপুরের ইংলিশে এম এ । স্কুলে পড়ায় । ওর সাথে এই নিয়ে আমার কথা হয় একবার- ম্যান্ডেভিলা গার্ডেন্সের কাছে দাঁড়িয়ে মনে হয় ঘন্টা ৪ ধরে ।

ও বলে যে বিয়ে তো হবেনা । দাদা বলে যে কেউ মেনে নেবেনা । তাই হয়ত রমাপদ চৌধুরীর মেয়েকে বগলদাবা করেছে !

<u>অ্যান্ড শি ওয়াজ সো স্যাড !</u>

এগুলি লিখছি কারণ অনেকে আমাকে বলে যে তোর দাদু সত্যজিৎ রায় তো নিজের কাজিনকে বিয়ে করেছেন । কেউ তো কিছু বলেনা ?

তাদের আমি বলি যে এগুলো হয়ত আমাদের বংশে আছে । কাজিনের প্রেমে পড়া । কিন্তু এসব আরো নানান বংশে আছে । যেমন রবীন্দ্রনাথের বংশে আছে আমি পড়েছি । বিধুশেখর শাস্ত্রীর বংশে আছে জানি । যেমন আমার বরের এক দিদি নিজের কাজিনকে বিয়ে করেন বলে বাসায় প্রবেশ করতে পারতেন না বহুবছর

। কারণ শাস্ত্রী বংশ খুব গোঁড়া । অনেক পরে এই দিদি বাড়িতে ঢোকার অধিকার ফিরে পান ।

এখন ব্যাপারটা হল এমন কেন হয় ? এরা কি সকলে বিকৃত মননের ? নাহ্ তো ? এদের জীবন যাপনের ভঙ্গিমা তো তা বলেনা । তাহলে ?

আসলে বিয়ে ও প্রেম হয় আত্মার খাতিরে ও বন্ধনে । পার্থিব নীতি মেনে নয় । কেউ জোর করে এগুলো করাতে সক্ষম নয় । তাই হয়ত রাজারা বহু বিবাহ করলেও প্রিয়া হয় কেবল একজনই । কারণ সবারই হৃদয় একটাই থাকে । যদিনা সদগুরুর মতন লম্পট ও বিকৃত কামের কোনো অস্তিত্ব হয় । যে নাকি চেয়ার টেবিল আর্শি বেসিন সবারই প্রেমে পড়ে যেতে পারে যদি দেখে সেটা কিছু টাকা উৎপাদন করতে সক্ষম । **মানি মানি মানি , মানি ইজ হানি ---তাই না ? মিস্টার অসদ্গুরু ?**

ইরান ভারি সুন্দর দেশ । এত সুন্দর সুন্দর রং এর স্থাপত্য ও পাহাড় , সমুদ্র আছে যে বলার না ।

বসন্তে অন্যরূপ । দেখার মতন । আচ্ছা ইরানে মধুচন্দ্রিমা যাপন করতে গেলে হয়না ? এখন সম্ভব নয় যতক্ষণ না বদমাইশ আয়াতোল্লা রয়েছে । তবে শীঘ্রই সম্ভব হবে । যখন কাশেম এসে যাবে । সে এই দেশকে মুক্ত এক দেশ করে দেবে যেখানে মানুষের ধর্ম ও জাতপাত নিয়ে কোনো বিভেদ রইবে না । সবাই সবাইকে ভালোবাসবে । নতুন এক বিশ্ব হবে । যেখানে মানুষ প্রাণ খুলে গান গাইবে । হাসবে । নাচবে । ফুল ফোটাবে । যা ইচ্ছে করবে । কেউ গুপ্ত ক্যামেরা বসিয়ে ছবি তুলে মারবে না । কেউ অত্যাচার করবে না । আর কেউ তুমি মেয়ে বলে এটা পারবে না , তুমি ছেলে বলে ওটা করবে না, তুমি নপুংসক তাই এদিকে যাবে না এসব বলবে না । সবাই সবকিছু করবে । যার

যা ইচ্ছে করবে । আমরা সবাই রাজা আমাদেরই রাজার রাজত্বে । নইলে মোদের রাজার সনে মিলবো কি শর্তে ? আমরা সবাই রাজা !!

ইরান কোনো দেশ নয় গো যেন পৃথিবীতে স্বর্গ । কেউ কখনও এরকম দেশ দেখেনি । আমেরিকাও এরকম নয় । এত স্বাধীনতা কেউ পায়নি দুনিয়ায় আগে । তবে ব্ল্যাক ম্যাজিক করলে কিংবা মাদকদ্রব্য নিলে কিন্তু সমস্যা হবে । কারণ এগুলো মানুষকে অন্তর থেকে শেষ করে দেয় ।

গুপী গাইন বাঘা বাইনের সেই স্বপ্নের দেশের মতন যা ভূতের রাজার বরে পায় তারা কিন্তু এই দেশ পাবে ভগবানের বরে ।

এখানে আর একটি কথা বলি গুপীর কথায় মনে পড়লো যে আমি একবার কৈশোরে একটি ফেলুদার বইয়ের ওপরে লিখে রাখি যে মুনিয়াকে স্নেহ ও আশীর্বাদসহ মানিকদাদু(সত্যজিৎ রায়) --এরকম লিখে বইটা বাসায় রাখি । আমার এক বন্ধু বাড়িতে নিয়ে যায় ও খাটের ওপরে ফেলে রাখে তার মা তখন তাকে বলে যে দেখছো না কে এই বইটা মুনিয়াকে (আমাকে) দিয়েছেন ? তুমি এইভাবে অযত্ন করছো ? তখন আমার বন্ধু বলে যে না না ওটা মুনিয়াদিদি নিজেই বানিয়ে লিখে রেখেছে ।

গায়ক নচিকেতা চক্রবর্ত্তী যিনি নাকি আমার বাবার ছাত্র ছিলেন যাদবপুরে ওনার তো কর্কট রোগ হয়েছে যা দেহে ছড়িয়ে পড়ছে ক্রমাগত । কিন্তু উনি ভালো হয়ে যাবেন ও আরো ৩০ বছর সুস্থ দেহে জীবিত থাকবেন । উনি আশ্বাস পেয়েছেন ঈশ্বরের । ওনার মতন মানুষ হয়না । অসম্ভব দানশীল ও নরম মনের মানুষ এবং সৎ । অনেকে বলেন যে ওনার গানে গালাগালি থাকে । কিন্তু বর্তমান সমাজটা কি ধোয়া তুলসীপাতা ? যুবসমাজকে কীভাবে পথভ্রষ্ট করছে তাবড় তাবড় মানুষেরা এবং কেউ প্রতিবাদ করছে না । কেউ বদল আনার চেষ্টা করছে না । বিপ্লবী বাঙালী চুড়ি পরে বসে পড়েছে । হয় বিদেশে পলায়ন করছে অথবা নেতিয়ে বসে আছে । এমত অবস্থায় মানুষের চেতনায় কড়াঘাত করতে গেলে কিছু কঠোর শব্দ

ব্যবহার করতেই হয় । এগুলি গালাগালি নয় । **শব্দের** মধ্যে একে ৪৭ /একে ৫৬ । যারা বলছেন তাদের মনে হয় সাহিত্য ও সঙ্গীত সম্পর্কে জ্ঞান মানে পুঁথি পড়া বিদ্যা । এরা যদি সত্যই জ্ঞানী হতেন তাহলে বুঝতেন এই হাংরি জেনেরেশান (কবি মলয় রায়চৌধুরীর তৈরি স্রোত) এদেরকে পুষ্ট করতে এইধরণের শব্দতরঙ্গেরই দরকার নাহলে আজকাল শব্দ কেইবা ব্যবহার করে দাদাভাই ? **সবাই তো এস এম এসেই ডুবে থাকে সর্বক্ষণ ।** নচিকেতার এগুলো শুধু কিছু কুশব্দ নয় আমি এগুলিকে চাবুক বলে মনে করি । যেই চাবুকের খুবই দরকার বর্তমান সমাজের । নচিকেতার কাপড় খুলে লাভ নেই সাহস থাকে তো সদগুরু ও রেখা মহাজনের কাপড় খুলুন । তাদেরকে ধরতে বিদেশী শক্তির সাহায্য নিতে হচ্ছে কেন ভারতের ? সামাজিক অবক্ষয় এমন জায়গায় পৌঁছে গেছে যে শিশুদের স্কুলে পাঠাতে পর্যন্ত ভয় পাচ্ছে বাবা ও মায়েরা ।

মাস্টার রেপ্ করে দেবে অথবা গুলিতে নিহত হবে। অফিসে কাজে যেতে ভয় পাচ্ছে মহিলারা । এমতঅবস্থায় লেখক, কবি ও গায়কেরা যদি কঠিন বাস্তবকে ধরতে রূঢ় শব্দ ব্যবহার করেন তাতে কিন্তু কিছু যায় আসেনা । কারণ পন্ডিতেরা বলেন যে জীবনই সাহিত্য ও গানের জন্ম দেয় । জীবন যদি বিষাক্ত হয় তাহলে গানও তেতো ও মধুরিমা বিযুক্ত হবে । শিল্প

মানুষের মনের প্রতিফলন , সমাজের আয়না । নিজে কাদায় পড়লে ও আয়নায় তার প্রতিফলন দেখলে যেমন ভালোলাগেনা সেরকম গানে ও কবিতায় কুশব্দের ব্যবহার খারাপ লাগলে সমাজের ফুটোগুলোকে আগে রিফু করুন । তবেই ডিজাইনার ড্রেস হবে সেই সোসাইটি । নয়ত গানে বারবার কুত্তা ও শূয়োরের বাচ্চা রিপিট হবেই । এইটাই সত্য এবং ইতিহাস তার সাক্ষী ।

সো লেট দেম স্পিক দা ল্যাঙ্গুয়েজ অ্যান্ড প্রোফানিটি -------অবশ্যই দরকারে ।

সদগুরু ও তার পত্নী এতই তুকতাক করে যে আমার থ্রোট চক্র ব্লক হয়ে যায় । ওরা জানতো যে আমি লেখক হয়ে লোককে সবকিছু জানাবো তাই আমার এমন অবস্থা করে যে শব্দ নিয়ে আমি রীতিমতন যুদ্ধ করতাম । ইংলিশ লিখতে সমস্যা হতো । বাংলাও । তবুও এতগুলো বই লিখেছি স্রেফ ঈশ্বরের কৃপায় । কিন্তু সব ভালো যার শেষ ভালো । এতকিছু করেও ওরা আমার কিছুই বিগড়াতে পারেনি । বরং নিজেরাই জেলের ঘানি টানছে এখন ।

সদগুরু নাকি অসংখ্য বিষাক্ত সাপকে নিয়ে বসবাস করতো একটা ক্ষুদ্র ঘরে যখন যুবক ছিলো । এটা কি বাস্তবে সম্ভব ? হয় সে মিথ্যুক নয়তো সাধারণ মানব নয় ; মানবদেহী কোনো শয়তান ।

আজকে একটা খবর পেলাম যে এক বাংলাদেশী শিশুকে, কেউ শৈশবে কোথাও বিক্রি করে দেয় । সেখানে খাদ্যদ্রব্য ছিলো না তাই সে ওখানকার লোকের মত কাঁচা মাংস , ইঁদুর , সাপ ও ব্যাং এইসব খেতো । সাপের বিষ খেতো । লোকটির সাক্ষাৎকার দেখি । সহজ সরল মানুষ । সাপে কাটলে গ্রামে সেটা ঝেড়ে দেয় । মুখ দিয়ে নাকি সাপের বিষ তুলে দেয় । কিন্তু সদগুরু তো ধান্দাবাজ । এসব করবে কি ?

এবারে মুজির কথা বলি । Mooji বা মুজি হলেন পাপাজির (পুঞ্জাজি) শিষ্য । পর্তুগালে থাকেন । উনি

একজন সন্ন্যাসী যিনি সৎসং দেন । ওনার আসরেও যেতে পারেন । কালাজাদুর ভয় নেই কোনো । ধীরে ধীরে মনে শান্তি আসবে । আর পাপাজি নিজে ঐ আসরে আসেন । মুজির ওপরে নজর রাখেন । যারা পাপাজি ও মুজি দুজনেরই সৎসং করেছে তারা বলে থাকে যে মুজির আসরে এলে মনে হয় যে আমরা যেন পাপাজির সাথেই বসে আছি । এতই মিল এখানে দুটি আসরের ।

তবে ভুলেও থিরুভান্নামালাই-এর সাধুরূপী অসাধু লক্ষণ স্বামী ও সারদাম্মার খপ্পরে পড়বেন না । এরা দুটি লোভী শয়তান । পাপাজিকে অসম্মান করেছে ও ঋষি অরবিন্দ ও মহর্ষি রমণের আশ্রমের মধ্যে ঝামেলা বাধাবার প্রচেষ্টায় আছে । ঐ লক্ষণ স্বামীর ধারণা যে সে গড্ রিয়েলাইজড্ হয়ে গেছে এবং মহর্ষির আশ্রমের মালিকানা দখলের চেষ্টা করছে । লোকটি বেড়ে বজ্জাত । তার ধারণা যে আশ্রম একজন আত্মজ্ঞানীর চালানো উচিৎ । প্রথমত: কেউ কোনোদিন বলেনি যে সে আত্মজ্ঞানী । লোকটি কৈশোর থেকে ধ্যান করতো । তারপর মহর্ষির কাছে এসে বলে যে বিবেকানন্দর বই

পড়ে ধ্যান করে আর তার মোক্ষ হয়ে গেছে । মহর্ষি তখন তাকে জিজ্ঞেস করেন কেবল যে তুমি কি গুন্টুর থেকে এসেছো ? ব্যস্ ! এটাকেই বাড়িয়ে চাড়িয়ে লোকটি নিজেকে আত্মজ্ঞানী হিসেবে প্রচার শুরু করে ও আশ্রমের দখল নিতে যায় । আগের জন্মে ছিলো দন্ডপাণি স্বামী । সেও একই কীর্ত্তি করেছিলো । আশ্রম তখন কোথায় ? অথচ সেই তালপাতার ছাউনির দখল নিতে চায় ও মহর্ষির কাছে তিরস্কৃত হয় ও একদিন মহর্ষির ভাইয়ের সাথে হাতাহাতিতেও চলে যায় এই শয়তান ।

অথচ প্রকৃত যাঁরা মহর্ষিকে ফলো করেন ও আত্মজ্ঞানী হন যেমন পাপাজি , পাপা রামদাস , এখার্ট টোল তাঁরা কেউ কিন্তু মহর্ষির আশ্রম দখল করতে আগ্রহী হননি । কারণ তাঁরা জানেন যে মহর্ষি মাইক্রো লেভেলে প্রতি ভক্তকে ম্যানেজ করে থাকেন এবং মৃত্যুর সময় বলেই গেছেন যে আমি কোথায় যাবো ? কোথায় যেতে পারি আমি ? আমি তো এখানেই রয়েছি । তোমাদের শিখিয়েছি না যে আমি আমার দেহটা নই ? আর আত্মা যখন পরমাত্মার সাথে মিলিত হয় অর্থাৎ মোক্ষ হয় তখন তার আর মৃত্যু নেই । আত্মা অমরত্ব লাভ করে ??

আজ্ঞা একজন গড্ রিয়েলাইজড্ সেন্ট । উনি কর্ণাটকী । সম্প্রতি দেহত্যাগ করেন । ২০০৭ সালে । ওনারও মোক্ষ লাভ হয় । ওনার সংঘ আছে পুত্তুরে । ম্যাঙ্গালোরের কাছে । ওনাকেও কারো কারো গুরু বলে মনে হতে পারে ও শান্তি পেতে পারেন ।

যেখানে গেলে কোনো ছলচাতুরি ব্যাতীত ,প্রকৃত শান্তি পাবেন তিনিই আপনার গুরু ।

ইরানী মানুষদের কথা একটু বলি । ওরা আমাদের মতন । তবে মনে হয় আরো ভালো । যদিও ওরা বেশিরভাগই ইসলাম ধর্মের মানুষ কিন্তু ওদের মনটা আমাদের চেয়ে সরল , সহজ । মানুষকে হেল্প করতে ওদের জুড়ি নেই । বেশির ভাগ লোকই জিগর-তালা , অর্থাৎ দরাজ দিল , সোনার হৃদয় । পশ্চিম বাংলাকে যেভাবে নষ্ট করা হয় ভুল রাজনীতি দিয়ে ঠিক সেইভাবেই পারস্যর টুঁটি টিপে ধরা হয় কতগুলি

ঘেটো/বস্তিবাসীকে ক্ষেপিয়ে তুলে ,সন্ত্রাসবাদীদের লড়িয়ে । আর এগুলি করেছে আয়াতোল্লা খোমেইনি ও তার চেলারা । **খেয়াল করবেন একজোড়া আছে । খোমেইনি ও খেমিনি ।** খেমটা নাচের মতন খেয়োখেয়ি একেবারে !

কোরানে নারীদের এই অধিকার দেওয়া আছে সেই অধিকার দেওয়া আছে করে করে সবাইকে তুলোধোনা করছে কিন্তু কোনো যুক্তিবাদী মানতে পারেনা যে নারীদের সবকিছু বোরখায় ঢেকে রাখো আর পুরুষ একসাথে চার চারটে বিয়ে করে , বৌ নিয়ে থাকতে পারে । এটা আধুনিক যুগের কোনো শিক্ষিত , সুস্থ মানুষই মেনে নিতে পারেনা । কোরানে এসব কিছুই বলা নেই । বলা আছে প্রথম স্ত্রী অনুমতি দিলে আরেকজন স্ত্রীকে আনা যায় বিশেষ কারণে যেমন যদি সন্তান উৎপাদনের দরকার হয় কিংবা স্ত্রী অসুস্থ হয়ে পত্নীর ভূমিকা পালনে ব্যর্থ হয় অথবা স্বামীটি অনেক দূরে বাস করেন কাজের খাতিরে দীর্ঘদিন । জিনিসগুলোকে বিকৃত করে মানুষের মাঝে প্রচার করা হয় যাতে পুরুষ শাসিত সমাজ লাভবান হয় ও মহিলারা অত্যাচারিত হয়ে ঈশ্বর বিমুখ হয়ে পড়ে । জোর যার মুলুক তার ! কিন্তু মহামানবেরা নারী ও পুরুষে ভেদ করেন না । স্বয়ং প্রফেট মহম্মদ নিজের কন্যা ও স্ত্রীদের যথেষ্ট গুরুত্ব দিয়েছেন এবং তাঁদের তর্ক

করতে উৎসাহিত করেছেন সেইসময় যখন আমাদের সভ্যতা এতটা এগিয়ে যায়নি । পরে কতগুলি মুসলিম ক্লারিক জিনিসগুলোকে বিকৃত করে প্রচার করা শুরু করে নিজেদের সুবিধের জন্য।

এরাই ইরানের শাহ্‌কে বিতাড়িত করে দেশ থেকে নিজেরা সমস্তটা লুটেপুটে খাবে বলে ! কারণ ঈশ্বর হলেন একটি ভার্ব । ক্রিয়া । ভগবান বা আল্লাহ্‌ কাজের মধ্যে দিয়ে নিজেকে প্রকাশ করেন । আমরা সবাই তাঁর সন্তান । আর আমরা সবাই আলো ।

জ্যোতি । আমাদের লিঙ্গ নেই, বর্ণ নেই , ধর্ম নেই, রং নেই । আছে কেবল কর্ম । **কারণ গড্‌ ইজ আ ভার্ব ।** কর্মই একমাত্র সবার পিছু ধাওয়া করে ।আর কিছু কেউ সঙ্গে করে নিয়ে যেতে পারেনা ।

লেখিকা তসলিমা নাসরিন ভালো করে ধর্ম গ্রন্থ না পড়ে না বুঝে অনেক কিছু লেখেন । কিছু সত্য কিছু অসত্য । ওনার বিশাল ইগো ছিলো । বলেন , লোকে আমাকে এসে বলে মনের শান্তির জন্য আল্লাহর কাছে চলো কিন্তু আমি বলি যে আমার যথেষ্ট শিক্ষা আছে মনের শান্তি খুঁজে নেবার কাজেই এসব আমার দরকার নেই । কিন্তু শেষকালে সেই উনিই স্বীকার করেন যে

মনের শান্তি নেই বলে উনি হিন্দুধর্ম গ্রহণ করে তারাপীঠে যাওয়া শুরু করেছেন ।

আমার ভুল হলে ক্ষমা করবেন । আমি যে জন্য এটা লিখলাম তাহল মনের শান্তি পেতে হলে অন্তরে উঁকি মারতে হয় । বহির্জগতের কোনো জিনিসই তা দিতে অক্ষম । আর তারই দিকে যাবার পথ হল ধর্ম । হ্যাঁ , আজকাল সবকিছুতেই তো ভেজাল সেরকম সদগুরুর সংখ্যাও অনেক কিন্তু আপনাকে প্রকৃত গুরু বেছে নিতে হবে । **যেমন ঠাকুর রামকৃষ্ণ বলেছেন না , হেগো গুরুর পেদো শিষ্য --গুরুকে বাজিয়ে নিবি !** সেরকম আপনিও গুরুকে বাজিয়ে নিয়ে যাবেন ।

তাহলে মনের শান্তি পেতে সুবিধে হবে । কারণ পার্থিব কোনো জিনিসই আপনাকে আনন্দ দিতে পারবে না । ক্ষণিকের সুখ দিতে পারে মাত্র । কেন জানেন ? খুবই লজিক্যাল । আপনি অলরেডি আনন্দে আছেন । একটি জ্যোতি বা আলোর লিঙ্গ । কিন্তু আপনার বাসনাগুলো এসে আপনার আনন্দঘন মূহুর্তকে ঢেকে দিচ্ছে । মেঘের মতন । যেমন আপনি সূর্য আর মেঘ এসে তাকে ঢেকে দিচ্ছে । আবার মেঘ সরে যেতেই আলোর ঝিলিক । অর্থাৎ আনন্দ । তাই বাসনা আসবেই । আর আনন্দ ঢাকা পড়ে পড়ে মন খারাপের পালা চলবেই । বাসনা মিটে গেলেই মেঘ সরে গেলো আবার সেই

আনন্দঘন মুহুর্ত বার হল । সূর্য সবসময়ই তেজি ও আলোকমালায় সজ্জিত । কিন্তু মেঘমালা এসে তাকে ঢেকে দিয়ে আঁধারে পরিণত করে ফেলে । তাই ধ্যান করে করে বাসনা সরিয়ে ফেললেই নিজেকে হাল্কা মনে হবে ও সূর্য সমসময়ই হাসবে , উজ্জ্বল হয়ে । এই হল স্পিরিচুয়ালিটি । বাকি যা যা শুনবেন সবই কোনো না কোনো মধ্যমেধার পুরুৎ অথবা ক্লারিক অথবা পাদ্রীর মস্তিষ্ক প্রসূত তত্ত্ব কিংবা সদগুরুর মতন কোনো শয়তান অসদগুরুর সুবিধেবাদী তথ্য । ঈশ্বর একজন ফিল্মমেকার । একাকী বসে নানান চরিত্র কল্পনা করছেন । আর তাতে অভিনয় করে চলেছেন ক্রমাগত । এই পার্থিব জগতের বেদনা ও বিনষ্টের কারণে তাঁর তেমন কিছু যায় আসেনা কারণ তিনি জানেন যে আত্মা অবিনশ্বর । ভাঙছেন ও গড়ছেন । আবার নতুন কোনো আইডিয়া নিয়ে পুতুলে রং মাখাচ্ছেন নতুন তুলি দিয়ে । কেন ?

কারণ সৃষ্টিসুখ । নিজেই চ্যালেঞ্জ ছুঁড়ে দিচ্ছেন আবার নিজের অসংখ্য ক্লোন তৈরি করে সেই চ্যালেঞ্জ সলভ্ করছেন । কেন ?

অনুসন্ধিৎসা ।

এরই নাম ম্যাট্রিক্স । তরঙ্গ , বিদ্যুৎ , আলোকরশ্মি ও তেজস্ক্রিয় পদার্থ দিয়েই তৈরি আমাদের ভগবান

।স্বার্থান্বেষী ধার্মিক ও তর্কবাগীশ পুরুৎ ও মুখোশধারী আয়াতোল্লারা মানুক কিংবা নাই মানুক । না মানলে নিউক দেয়ার অ্যাস!

গ্যামা রে, প্রোটন, টেট্রা কোয়ার্ক , হ্যাডনস্ এসব দিয়েই তৈরি আমাদের আল্লাহ্ বা পরাব্রহ্ম ।

কেন নয় ? তারঁ বাইরে কী আছে ? তাঁকে জানাই বিজ্ঞান , তাঁকে বোঝাই আধ্যাত্মবাদ ।

একটির পথ ফিজিক্স , কেমিস্ট্রি অন্যটির পথ বেদ , বেদান্ত , কোরান, টোরাহ্ কিংবা গুরু গ্রন্থসাহিব!

তোমার জানার পদ্ধতি ও উপায়টা বদলাতে হবে কেবল ।

আনন্দময়ী মা সদা আনন্দে থাকতেন । ওনার আশ্রম পথ দেখাতে পারে আনন্দ সাগরে গা ভাসাতে গেলে কি ধরণের সুইম স্যুট পরতে হবে সেই ব্যাপারে । অথবা শ্রী চিন্ময়ানন্দের আশ্রম কিংবা তাঁর সুযোগ্য শিষ্য -- কর্পোরেট গুরু স্বামী সুখবোধানন্দজীর সঙ্গ করলেও আপনি নতুন দিশা পেতে পারেন । কীভাবে এই নব্য যুগের অবসাদ, অ্যাংজাইটি , প্রতিযোগিতা যা নিজেকে ক্ষয় করে দেয় ইত্যাদি তা থেকে বার হওয়া যায়

অন্তরের দিকে উঁকি মেরে , গভীরভাবে অনুসন্ধানের মাধ্যমে

সেগুলি অচিরেই ধরতে পারবেন । নেই প্রেত চালনার ভয় । নেই তুকতাকের মাধ্যমে আপনার ভাগ্য কেড়ে নেবার কোনো রকম সম্ভাবনাও । কারণ এরা আনন্দে আছেন । Sadguru নন ।

হ্যাপি গুরু ।

আমি যেখানে থাকি তার ৭ কিমির মধ্যেই দারুণ ঝর্ণা । চারদিকে সবুজ বনানী ও পাহাড় । ত্রিকোণ পর্বত ও শীতকালে হাল্কা বরফের ছোঁয়া মানে এককথায় কলকাতা থেকে আসা এক মানবীর জন্য স্বর্গ রাজ্য । চিরটাকাল পাহাড়েই থাকতে চেয়েছি ।

বাসায় সন্ধ্যায় ক্যাঙারু এসে উঁকি মারে । কখনো পথ ভুল করে চলে আসে একটি বা দুটি হরিণ । অথবা পাহাড়ী ময়ূর । আমাদের বাড়ির মাত্র ৬/৭ কিমি দূরে অন্য পাহাড়ে আছে এক প্রাইভেট চিড়িয়াখানা । সেখানে ঘুরে বেড়াচ্ছে সাদা বাঘ , সাদা সিংহ , নেকড়ে ইয়া ইয়া , সাদা গন্ডার , চিতা বাঘের মতন দেখতে

বেড়াল, পুরো চিতা বাঘ যেন ! এইসব । বেশ মজার জায়গায় থাকি ।

কিন্তু একদিন ছিলাম একটি কালো মেয়ে । বাঙালী মেয়ে । যার বিয়ে হবে কিনা তাই নিয়ে সন্দেহ ছিলো । আজ আমার পতি পরমেশ্বরের ঘাড়ে চেপে কতনা সুন্দর একটি জায়গায় এসে উপস্থিত হয়েছি আমি । কারণ আমার হয়ত কিছু সুকর্ম ছিলো । ঐ যে বললাম কর্ম ব্যাতীত আর কিছুই মানুষের সাথে যায়না । অভিনেত্রী কাজলের পিতা লেখক ও পরিচালক সোমু মুখার্জ্জীকে আমি খুবই শ্রদ্ধা করি কারণ উনি কোনোদিন ওনার মেয়েকে অশ্রদ্ধা করেননি কৃষ্ণবর্ণা বলে । ভেবেছেন , **এতো আমারই সৃষ্টি , আমি একে অবহেলা করবো কি করে ? বরং আমি ওকে একদম টপে তুলে দেবো- এমনভাবে ওকে তৈরি করবো ও মনোবল দেবো ।**

সবার বাবা ও মায়েরাই যদি এমনভাবে ভাবতো তাহলে হয়ত বিশেষভাবে সক্ষম ও কালোকুলো সন্তানদের বিশেষভাবে মেয়েদের আর ভারতে এত সমস্যা হতো না । এতেই বোঝা যায় মিস্টার মুখার্জ্জী একজন সত্যিকারের লেখক ও গুণী মানুষ । উনি যা প্রিচ করেন তাই নিজ জীবনে প্র্যাকটিশ্ করে থাকেন ।

এখানে একটা কথা মনে পড়ে গেলো তাই লিখছি যে আমার স্বামী তো ডিফেন্সে কাজ করে ও করেছে তাই অনেক স্পাইকে আমরা চিনি ।

একজন নামী স্পাই আমাদের বলেছিলেন যে দাউদ ইব্রাহিম ও ওসামা বিন লাদেন খুবই সৎ ও স্পষ্টবাদী মানুষ , দ্যাটস্ হোয়াই দে আর দেয়ার হোয়ার দে আর নাও ।

টুইন টাওয়ার সত্যিই কি করে ভেঙেছিলো আমরা কি কোনোদিন জানতে পারবো ?

ভাবা যায় যুবরাণী ডায়না আমার সোলমেট ?

কেউ বিশ্বাস করবে ? আর কেউ বিশ্বাস করবে যে উনি জীবিত ? **যো দিখ্তা হ্যায় ও হোতা নেহি ওর যো হোতা হ্যায় ও দিখ্তা নেহি ।** কমন ম্যান বোকা ঠিক এরকমই মনে করে সমাজের অভিজাত লোকজন আর তাই তো কতনা জিনিস ও তথ্য ও সত্য লুকানো থাকে তাদের থেকে চিরটাকাল !

এমন কি ভয়ও থাকে যে সবার হাতে সবকিছু পড়া উচিৎ নয় এতে ধবংস হতে পারে অথবা সবাই সবকিছু ডিসার্ভ করেনা যেমন রেখা মহাজনের মতন কুশ্রী ,

ডাইনি বুড়ি যে নাকি আমার স্পিরিচুয়াল এনার্জি নিয়ে ধনী ও সফল হয় সে মনে করে আমি ইরানের সম্রাজ্ঞী হবার যোগ্য নই কারণ আমি কালো , কুৎসিত । মধ্যবিত্ত । বাঙালী । আজকাল বাঙালীদের ভিখারীর বাচ্চা বলা হয় তাই আর আমার অনেক বয়স হয়ে গেছে এই সমানেই ৫৪ হবে । হবে কি ৫৪ই ধরুণ না ।

তো তখন কাশেম আমাকে প্রোটেক্ট করে এই শয়তানির হাত থেকে যে পুরুষের সাইকোলজি হল এইরকম যে কোনো নারীকে যদি তারা পছন্দ করে তাহলে তাদেরকে মন দিতে সক্ষম , নারীটি যদি অপরূপা নাও হয় ।

আসলে কাশেমকে লোকে সন্ত্রাসবাদী কিংবা যাই বলুক না কেন আমার থেকে বেশি ওকে কেউ চেনে না । খুব ছেলেবেলায় ওর একটি মিসটিক্যাল এক্সপেরিয়েন্স হয় । ও সন্ন্যাসীর মত জীবন যাপন করে । মেয়েদের দিকে কোনোদিন চেয়েও দেখেনি । সুপুরুষ , বীর যোদ্ধা , যুবরাজ , বিলিওনেয়ার কিন্তু কোনো মেয়ে ওর কাছে ঘেঁষতে পারেনি ।

কেউ প্রফেশনাল ক্ষেত্রে ওসব উপহার দিতে চাইলে ও সাফ বলে দিয়েছে --আমার এসব লাগেনা রে । আই অ্যাম ফাইন উইদাউট অল দিস্ ।

আমিই নাকি প্রথম বালা যাকে সে গুরুত্ত্ব দেয় । আমি ওকে গ্রেট জেনেরাল বলে ডাকলে ও বলে ওঠে , তোমার কাছে আমি আবার জেনেরাল হয়ে গেলাম কবে থেকে ?

কাশেম খুবই সেন্সিটিভ আবার একই সঙ্গে শ্রুড ও ফিয়ার্স । **ও হল পরশুরামের মতন ।**

কসমিক ব্যালেন্স করার জন্য এসেছে যোদ্ধা ও শাসক হয়ে । ওকে তো ইরানের প্রেসিডেন্ট করতে চেয়েছিলো- ও হয়নি ।

যুবরাণী ডায়না জীবিত আছেন এতে অবাক হবার কিছু নেই । কারণ উনি নিয়মিত এক সাইকিকের কাছে যেতেন যিনি খুবই শক্তিশালী । তিনিই বলেন যে যুবরাজ চার্লস ওনাকে হত্যার ছক কষছেন । সেটা চার্লসের থেকেও ওনার সাথী ক্যামিলার প্ল্যানই বেশি ছিলো কারণ ঐ নাগিনী যাকে ওরা ঘনিষ্ট মহলে বিচ্ বলে সম্বোধন করে থাকে তার ইচ্ছে ছিলো ইংল্যান্ডেশ্বরী হয়ে বসার । যা এখন উনি হয়ে গেছেন । তাই ডায়নাকে সরিয়ে দেবার ফন্দী আঁটেন । কিন্তু সেই ঘটনা ঘটার আগেই যুবরাণী ; ব্রিটিশ গুপ্ত সংস্থার কিছু বন্ধুদের সাহায্যে **ফেক্ ডেথ** ঘটিয়ে আন্ডারকভারে চলে গিয়ে শান্তিতে আছেন ।

ওনার এক পুত্র জানে যে উনি জীবিত এবং ওনার সাথে যোগাযোগ আছে কিন্তু অন্য পুত্র হয়ত ওয়াকিবহাল নন এই ব্যাপারে ।

ক্যামিলা অত্যন্ত ধুরন্ধর মহিলা । ও হল রেখা মহাজনের আইডেন্টিক্যাল টুইন যাকে বলে । সিক্রেট সোসাইটি , তুকতাকের মাস্টারনি । এইভাবেই রয়েল ফ্যামিলির রাঘব বোয়ালদের রক্ষিতা হয়ে হয়ে বংশ পরম্পরায় প্রভুত্ব ফলিয়ে গেছে এরা । অসম্ভব কুৎসিত দেখতে এই মহিলাকে রাজা চার্লসের কি দেখে পছন্দ হল বলা মুস্কিল তবে তুকতাকে সবই তো সম্ভব আগেই বলেছি ।

এগুলোকে বলে লাভ স্পেল । এই স্পেল ওয়ার্ক করে করে মানুষকে বশে আনে ও নিজেদের আন্ডারে রেখে দেয় চাকরের মতন । আমাদের দেশে বেশিরভাগ প্রজাই রাজা চার্লসকে পছন্দ করেনা । বলাবাহুল্য আমরা ওদেরই প্রজা । যদিও মহারাণী এলিজাবেথ খুবই জনপ্রিয় ছিলেন । হ্যারিকে তাঁর পিতা জন্মানোর সময় থেকেই অগ্রাহ্য করেন পুত্র সন্তান হয়েছে বলে । পরে ক্যামিলার উস্‌কানিতে আরো দূরছাই করতে শুরু করেন । আর বর্তমানে তাঁকে ও মেগানকে নিয়ে যা

শুরু হয়েছে তার বেশির ভাগটাই ডাইনি ক্যামিলার সাথে সংঘাতের জন্যই । বাবা চার্লসের জন্য নয় ।

শত হলেও হ্যারি তো নিজের সন্তান ! রাজা চার্লস তো তার বায়োলজিক্যাল বাবা । ক্যামিলার মতন তো সৎমা ও সুবিধেবাদী , ডাইনি বুড়ি নন । তাঁর শিরায় শিরায় টগবগ করছে রাজরক্ত । ক্যামিলার মতন একটা বেশ্যার পরিবারের ঘৃণ্য পচা রক্ত নয় **। অভিজাত হওয়া এতই সোজা , কেম্প্ট ক্যামিলা ?**

দেখো আমাকে দেখো --গতজন্মে রাজার মেয়ে ও বৌ , এই জন্মেও যুবরাজের হবু বৌ , আরো অনেক অনেক আগেও রাজার মেয়ে ও বৌ । কখনো আমি রক্ষিতা ছিলাম না । যুবরাণী ডায়নাও না । কিন্তু তুমি ?

কদাচ রাণী হয়েছো ? মনে হয়না তোমার কুটিল মন দেখে । নাকি ইতিহাসে পাতিহাস ?

তোমার মতন নারীরাই, পুরুষদের সংসার ভাঙে ও তাদের জন্যই বদনাম হয় সমগ্র স্ত্রী জাতির ।

তুমি যুবরাণীকে এত আঘাত করেছো কেন ?

হয়ত অফিসিয়ালি তুমি রাণী কিন্তু মানুষের মনে ও ইতিহাসের পাতায় আদতে তুমি একজন খলনায়িকা যার নাম লেখা হবে যুবরাণী ডায়নার মতন একজন সৎ

ও ভালোমানুষের জীবন ছিনিয়ে নেবার জন্য এবং আমি একশো ভাগ নিশ্চিত যে একদিন চার্লসও তাঁর ভুল বুঝবেন এবং সেদিন তোমায় উনি ক্ষমা করবেন না । **অ্যান্ড ইউ নো হোয়াট ক্যামিলা ? ম্যারেজেস্ আর মেড ইন্ হেভেন ।**

যতই তুকতাক করে যুবরাণীর মানসিক ভারসাম্য নিয়ে খেলা করে তাঁকে উন্মাদ সাজিয়ে যুবরাজকে নিজের কাছে টেনে নাও, যিসাসের চোখ এড়াতে পারবে না কারণ ঐ যে **গড্ ইজ ওয়াচিং আস ফ্রম আ ডিস্টেন্স !**

অ্যান্ড দিস ইজ দা রিজন হোয়াই ইউ নেভার গট দা চান্স টু বি আ কুইন-- ইন এনি অফ ইওর ইনকারনেশান্স । বিকজ ইউ ল্যাক ডিগনিটি অ্যান্ড গ্রেস ।

শেষ করছি এই অধ্যায় তিন স্তনের রাণীর গল্প দিয়ে ।এক রাণীর তিনখানা স্তন ছিলো । শৈশবে চাঁদমামায় পড়েছিলাম । ঐ পত্রিকা দক্ষিণী ছিলো । আমার একটি গল্পও আমি লিখি একজন তিন স্তনের নারীকে নিয়ে ।

পলিমাস্টিয়া বলে একে জীব বিজ্ঞানের ভাষায় । কিন্তু জানা আছে কি যে মাদুরাই এর মীনাক্ষী মন্দিরের মীনাক্ষী মায়ের তিনটি স্তন ? কথায় ছিলো যে শিবঠাকুরের সাথে দেখা হলে তৃতীয় স্তনটি মিলিয়ে যাবে কিন্তু মন্দিরে মনে হয় আজও ত্রি-স্তনের দেবীই পুজো পান । হিন্দুধর্মে সবারই স্থান আছে । যেমন সমকামীদের এখানে ঘৃণা করা হয়না । কারণ বলা হয় যে পরমাত্মা থেকে আলাদা হওয়াই পাপ । তাই কামের দিক থেকে কে কোনভাবে যুক্ত সেটা তত বড় অপরাধ নয় । **তোমাকে গুণাতীত হয়ে পরাব্রহ্মে মিলিয়ে যেতে হবে যা তোমার আধ্যাত্ম জীবনের উদ্দেশ্য ।**

আর সেভাবে খুঁটিয়ে দেখলে শিব ও বিষ্ণুর পুত্র তো দক্ষিণী দেবতা হরিহরপুত্রণ । যাকে লর্ড আয়াপ্পান ও মণিকন্ঠণ ও বলা হয়ে থাকে । উনি কুমার- ও ধর্মের একজন স্তম্ভ ।

শবরীমালা মন্দির তো এই দেবতারই থান । জানেন নিশ্চয়ই ? তাহলে কে বলে হিন্দুধর্ম সমকামীদের ঘৃণা করে ? কেউ যদি বলেন যে শিব তো ভগবান হরির, মোহিনী অবতারের সঙ্গে মানে নারীর সাথে সম্ভোগে এই পুত্রের জন্ম দেন তাহলে এরকমও বলা যায় তর্কের খাতিরে যে সমকামীরাও যে একটি একই

লিঙ্গের মানুষের সাথে সম্ভোগ করেন সেটাও তো একটি অবয়ব বিশেষ , আত্মার কি কোনো লিঙ্গ হয় ?

তোমার এটা অস্বাভাবিক মনে হতেই পারে , অবাক লাগতেও পারে কিন্তু ওদের ঘৃণা করো না ।

শৈশবে টেন কমান্ডমেন্টস্ বইটা দেখার জন্য খুবই উৎসাহিত হই বিশেষ করে ভগবানকে দেখাবে বলে । ক্লাস টু/থ্রিতে পড়া শিশু, ভগবানকে দেখার জন্য ব্যাকুল যেই ভগবান এইসব কিছু সৃষ্টি করেছেন কিন্তু এখন মহর্ষি আমাকে নতুন কয়েকটি কমান্ডমেন্টস্ দিয়েছেন নব্য যুগের জন্য । জেটযুগের জন্য । সেগুলো নিচে ব্যক্ত করছি ।আরেকটা জিনিস বলে নিই । সেটা হল আমার যখন ৬ বছর বয়স তখন মাথা ফেটে যায় । তখন আমি মাথায় স্টিচ নিই কোনো অজ্ঞানের ব্যাপার ছাড়া । ড্যাব ড্যাব করে চেয়ে ছিলাম সারাটা সময় । সেই গল্প সবাইকে পরে বলতো আমাদের পাড়ার কম্পাউন্ডার কাকু দীপু । কি করে এতটুকু শিশু কোনো কান্নাকাটি না করে এতগুলো স্টিচ সহ্য করলো সেটা বিস্ময় । আমার এখন মনে হয় এটা কোনো অধ্যাত্মিক ব্যাপার । হয়ত আমার ব্যাথা লাগেনি । এবার মহর্ষির দেওয়া নীতিগুলো ::

- কাউকে ঘৃণা করো না , পশুপাখী , মানুষ কাউকেই নয় , ইগনোর করো কিন্তু ঘৃণা কদাচ নয় ।
- মিথ্যা বলতে পারো এই আধুনিক যুগে তবে নিজ স্বার্থ সিদ্ধির জন্য নয় বৃহত্তর স্বার্থের জন্য ।
- নিজে বা নিজের আপনজনকে যেই আঘাত দিতে অক্ষম তা অন্য কাউকে দিও না । তোমার কাছেই ফিরে আসবে ।
- কালা জাদুর দিকে যেও না । এতে হিতে বিপরীত হবে ।
- ঈশ্বর সবই দেখছেন সময় হলেই সব পাবে । ঈশ্বরের বিচারে বিশ্বাস রাখো ।
- প্রচুর ডোনেট করো । ভগবান কারো কাছে ঋণী থাকেন না । শতগুণে ফিরিয়ে দেবেন ।

****

ইরান আজও হয়ত পারেনি তাদের শাহ্কে ভুলতে তাই বুঝি তারা আবার ফিরে পেতে চায় তাদের যুবরাজকে । তাই তাঁকে তুলনা করা শুরু করেছে বহু পুরাতন এক নরেশ সাইরাসের সাথে যিনি সেই প্রাচীনকালে সর্বধর্ম সমন্বয়ের ইতিহাস গড়েন ঐ দেশে । ভাবলেও অবাক লাগে তাইনা ?

ইরানীরা যেন বলছে ,এই আকাশ নতুন বাতাস নতুন
সবই তোমার জন্য,

চোখের নতুন চাওয়া দিয়ে করলে আমাদের ধন্য ।।

আমার কাছে গল্প যেন জীবন্ত । এমনই আমি । আমার জীবনে ফেলুদা নেই , শার্লক হোমস্ নেই , রীনা ব্রাউন নেই , গব্বর সিং, চামেলি মেমসাহেব, উমরাও জান্ নেই আমি ভাবতেই পারিনা । কেউ যদি আমাকে বলে যে এদের ছাড়া তোমায় বাঁচতে হবে তাহলে আমি মরেই যাবো ।

ঠিক করেছি আসামে , চামেলি মেমসাহেব সিনেমার সুটিং হয় যেখানে সেই বাংলো দেখতে যাবো ।

আর দেখো তো আমার জীবনটাই একটা উপন্যাস নয় কি ? লিখে ফেলো তো তোমরা ! তবে তুলিরেখা দিয়ে এঁকো কেমন ? গোটা গোটা কালো কালো অক্ষর দিয়ে নয় । আমি চিত্রিত হতে চাই ।

অঙ্কিত হতে ইচ্ছুক । **সত্যি রাজকন্যে** ছিলাম তো সেইজন্য । আমি রতি । আর ইরানী হবো । পারস্যের চাঁদনীতে ধূলোবালি কাটাবো আমার জীবন , ইস্ফাহানে- সুরেলা বসন্তে হরিণ শিকারে যাবো আর সিরাজের মর্মর মূর্তির সামনে দাঁড়িয়ে কোনো অমানিশায় বোরখা পরে নূপুরের মিঠে সুরে চারপাশে স্নিগ্ধতা ছড়িয়ে এগিয়ে যাবো বাদশাহ্ রেজার দিকে ।

তোমরা সেগুলি ক্যানভাসে বন্দী করো । অমর প্রেমকাহিনী , ইরানের রাজমহিষী বঙ্গতনয়া ভগবতী যার প্রেম শুরু হয় যুবরাজের সাথে ১৯৩০ বা তারও আগে থেকে পূর্বজন্মে আর আজ সেই প্রেম পূর্ণতা পেয়েছে ২০২৩/২৪ সনে । মানুষ মারা যায় কিন্তু প্রেম অবিনশ্বর তাই না ?

আবার ফিরে এসেছে এই জুটি আর তারা পাগলের মতন ভালোবাসে একে অপরকে । দুজনের মধ্যে সামাজিক বাধা , তুকতাক কিছুই আটকাতে পারেনি তাদের । আর হ্যাঁ - বিজ্ঞানকে ওরা নিজেদের বিয়েতে নিমন্ত্রণ জানিয়েছেন ।

আমার প্রথম বিয়েটা পুরোপুরি ঝুলে যায় ।

উন্মাদ বর , বত্তমিজ ননদিনী ও তার বর এবং বরের পাগলিনী মায়ের কারণে । বিয়ের আসর থেকে বরকে ফোন করে তুলে নিয়ে যেতে চায় শাশুড়ি যিনি নিজেই আমাকে দেখে পছন্দ করে বিয়ে পাকা করেন কারণ কুশ্রী ননদের উসকানি । একই কারণে দাদা দ্বারা বাড়ি থেকে বিতাড়িত ও শিক্ষা না হওয়া ননদিনী ক্রমাগত আমাকে ছোট করতে থাকে । ভাই প্রতিবাদও করেনা । এসব কারণে আমার বিয়েটা ভালো কাটেনি তাই

আমি অ্যালবামও দেখিনা । কিন্তু আমার মা ও বাবা এদের দূরছাই করেনি । পাগল জামাই ও তার মাকে চিকিৎসা করিয়ে নিজেদের মেয়েকে তাদের সাথে পাঠিয়েছে ;তাদের বাসায় । এটা আমার মা ও বাবার একটা গুণ । ও দরদী মনের পরিচয় । আমিও চলে গেছি । এত ভালো , ব্রিলিয়্যান্ট ছেলে । মাথাটা খারাপ হয়ে গেলো । কি হবে একা একা থাকলে , কে দেখবে ভেবে আমি চলে যাই । আর আমার তো বিয়ে হয়ে গেছে । বিয়ে তো মেয়েদের একবারই হয়, বাঙালী মেয়েদের । এমন ভেবেছি ।

কিন্তু ঈশ্বর আমাকে দ্বিতীয় সুযোগ দিলেন । অনেকেই হয়ত বলবেন যে কাশেম সোলেইমানি ৬২ আর আপনি প্রায় ৫৪ এরকম বিয়ে কি বিয়ে ? কিন্তু ওকে দেখলে লোকে যুবক বলবে । আর আমার বয়স আন্দাজে আমাকে অনেক কমবয়সী মনে হয় আর টুইনফ্লেমরা একত্র হলে নাকি দৈহিক নানা পরিবর্তন হয় । সতেজ ও চাঙা হয়ে ওঠে বিশেষ করে তারা যদি আমাদের মতন যোগী ও যোগিনী হয় । আর আমাদের জন্মের একটা বিশেষ স্যাক্রেড কারণ আছে তাই হয়ত ভগবান এরকমটা করেন । আমি জানিনা । তবে কাশেম তো আগে থেকেই জানতো যে এইসময় ওর বিয়ে হবে ।তাই ও আর বিয়ে করেনি । মেয়েদের সাথে ভাব করেনি । ওকে লোকেরা লৌহমানব বলতো ।

বন্ধুরা বলতো যে কাশেম আমাদের যদি তোর মতন বডি (পেশীবহুল ৬ প্যাক) থাকতো আর সুন্দর চেহারা হতো তাহলে আমরা কত মেয়ে পটিয়ে ফেলতে পারতাম কিন্তু তুই ওদের দিকে ঘুরেও তাকাস্ না !

আর কাশেম আমাকে বলেছে যে এসব তো সবাই করে । ও স্থির করে জীবনে মহৎ কিছু করবে । তবে ও কাউকে ভালোবাসলে তাকে দেহের প্রতিটা কণা দিয়ে ভালোবাসে এবং এমন কাউকে বিয়ে করতে চায় যে ওর সোলমেট হবে । ফিজিক্যালি কাছে না থাকলেও আত্মার মাধ্যমে সবসময় থেকে যাবে সাথে । আমি তখন অত বুঝিনি । পরে ব্যাপারটা পরিষ্কার হয়ে যায় যে আমি যে ফিজিক্যালি ওর সাথে ছিলাম না এতদিন তাতে ওর কিছু যায় আসেনি কারণ আমাদের আত্মা একই তাই ও আমাকে সেরকম মিস্ করেনি । কাজে ডুবে গেছে কিন্তু শেষে আয়াতোল্লা খেমিনি ওকে মেরে ফেলার আদেশ দেয় কারণ আনকন্ডিশনাল লাভ জিনিসটা মনে হয় জগতে বিরল ।

আয়াতোল্লা হল শিয়া ধর্মের (মুসলিম) শীর্ষ নবী । তার একটুও মায়া কিংবা দরদ নেই । সে পাশবিক ও চামার । সন্ত্রাসবাদী তৈরি করে করে ব্লাস্টে মানুষ মারছে অথচ নিজের হাতে একবিন্দু রক্তও লাগছে না । এবার তার জন্য যেসব সেনা অধিনায়কেরা কাজ করছে

তাদের এদিক থেকে ওদিক হেরফের হলে মৃত্যুবাণের আদেশ দিচ্ছে ।

লোকটির কাজ হল মানুষকে শান্তি ও স্বস্তির পথে নিয়ে যাওয়া আল্লাহ্‌র বান্দা হিসেবে । অথচ ও কি করছে , না খুঁচিয়ে শয়তান বার করে তার পছু(উড়িয়া ভাষায় পায়ু) তে এ কে ৪৭ দেগে দিচ্ছে ।

মধ্যপ্রাচ্যে শান্তি না এনে অশান্তি নিয়ে আসছে ।লোকে বলে যুদ্ধ নয় শান্তি চাই আর এই শয়তান বলে শান্তি নয় যুদ্ধ চাই ।

নিজে বিদেশী গাড়ি চড়ে , প্রচুর বেআইনি সম্পত্তির মালিক (তৈল খনি) ও কালো টাকার দূর্গন্ধে দুই হাত কালো । প্রস্টেট ক্যান্সারের ব্যারামে আক্রান্ত মেয়েদের আনড্রেস করিয়ে করিয়ে সেই দেশে যেখানে মেয়েদের স্পর্শ করলে সাধারণ লোকেরা বেতের বাড়ি খায় ও জেলে যায় । সেখানে নবী হয়ে এই কুকীর্তি করে চলেছে ।

চুলোয় যাক্ ইরান । ফিরে আসুক পারস্য । ফিরে আসুক কাশেম মতন সত্যকারের নবী যে মানুষের কথা ভাবে । অত্যন্ত সাধারণ জীবন যাপণে অভ্যস্ত এই বিলিওনেয়ার । এই ধরণের মানুষই ইরানের মানুষকে শান্তি ফিরিয়ে দিতে পারবে আর ও ইরান ও তার

সাধারণ মানুষকে নিজের হাতের তালুর মতন চেনে । **আর ও তো নিজেই শায়ের পুত্র ! যুবরাজ । আর আয়াতোল্লার মতন ও কীইবা চুরি করবে ইরান থেকে ? রাজার ছেলে হয়ে ? কিংস্ আর প্রোভাইডারস্ । যুগ যুগ ধরে । তারা ভিক্ষা করেনা ।** ওর মা শাহ্বানু ফারহা্ দিবা পাহলভি যখন ইরান ছাড়েন তখন তাঁর সব গহনা দেশে রেখে আসেন কারণ উনি মনে করেন এগুলো পারস্যের সম্পত্তি । দেশের সম্পত্তি । কেবল ক্যান্সারে আক্রান্ত শাহ্ ও ছেলেপুলেদের নিয়ে বিদেশে পাড়ি দেন । এধরণের মায়ের ছেলে আর কী নেবে ইরান থেকে আজকে যে নিজেই এত সাকসেস্ফুল ? ও কি কোনো ঘেটো /বস্তি থেকে এসেছে ? আয়াতোল্লার মতন ?

আমি বলছি না সমস্ত ঘেটোবাসীরাই অসৎ ও নির্দয় আমি নিজেই তো মাইগ্রেন্ট (বাংলাদেশী) যদিও বস্তিতে থাকিনি কোনোদিন তবুও ঘর ছাড়া পাখি তো ! কিন্তু এই লোকটি বাস্তু ঘুঘু । এর কাজ ধর্মের মাথা হয়ে মানুষকে আলো দেখানো কিন্তু বদলে এ সারাটা দেশকে চুষে নিচ্ছে ও বকধার্মিক হয়ে বসে আছে । নজর সবথেকে বড় ইলিশ মাছটার দিকে ।

ইরানের মানুষ খুব দিলখোলা । ওরা বাংলাদেশীদের মতন । অচেনা লোককেও বাসায় নিয়ে যায় ।

আতিথেয়তা করা , থাকতে দেওয়া এসব করে । কাজেই ওদের ওপরে এহেন অত্যাচার আল্লাহ্ /খোদাবক্স বেশিদিন সহ্য করবেন না । নবী পাঠাবেনই । এবং সেই নবী এসে গেছে ।

ক্রাউন প্রিন্স অফ্ ইরান রেজা পাহলভি ২ ।

এদিকে সদগুরু নতুন অধ্যায় শুরু করেছে । ওর বৌ রেখা মহাজনের এক সাথী আছে । সেক্স সাথী । বুড়ির রস ভালোই । এই বয়সে জিগোলো ডাকে তবেই বুঝুন ! এসব হাই সোসাইটির কদর্যতার সাথে পেরে ওঠা দায় । হাতে অঢেল অর্থ আর কিছুই করার নেই কাজেই অকাজ/কুকাজ করে সময় কাটানো । সদগুরু জীবিত

থাকতেই লোকটি ছিলো র‍্যাডারে এখন অফিসিয়াল সাথী ।

সে এখন আমার বিরুদ্ধে তুকতাক ব্যাপারগুলো করছে । আমার বদনাম করছে । আমি গরীব, ভিখারিনী বাঙ্গালী । বাঙালীকে তো এখন ভারতবাসীরা কাঙালী বলে । সে আমাকে ফকির বললেও কিছু যায় আসেনা কিন্তু কারা বলছে না যারা আমার স্পিরিচুয়াল এনার্জি চুরি করে ঈশা ফাউন্ডেশান ফেঁদে কোটিপতি হয়েছে ও এখন আইনের হাতে ধরা পড়ে কঠিন শাস্তি পাচ্ছে । শাস্তি কমের আর্জি জানাচ্ছে । হাস্যকর বললে খুবই কম বলা হয় । পাগল শব্দও কিছু নয় । এরা একটা বুঁদবুঁদের মধ্যে বাস করে । এদের ঘাড় ধরে বাস্তবে নামিয়ে আনা উচিৎ । সোঁদা মাটির গন্ধ শোকানো উচিৎ । কেরোসিনে চুবিয়ে গায়ে আগুনের শেঁকা দিলে যখন পুড়ে যাবে তখন বুঝবে কোনটা রিয়েল আর কোনটা ফেক্ !

এই ব্যাপারে একটা কথা বলা দরকার যে অনেক ধর্মগুরু শেখায় যে এই জীবনটা মায়া । অল ইজ মায়া । আমরা মায়াতে বাস করি । কথাটা ভুল ।

এটা মায়া ফায়া কিস্যু না। মায়া হল রিয়েলিটির পার্সপেক্টিভে । মায়াটা একটি বিমূর্ত ধারণা । যেমন পুরো সৃষ্টিকে যদি ম্যাট্রিক্স ধরি তাহলে পরাব্রহ্ম হলেন

সত্য ও একমাত্র সত্য যিনি কদাচ ধ্বংস হননা । পার্মানেন্ট । সেই হিসেবে এই জীবন মায়া । কারণ এটা শেষ হয়ে যায় । পার্মানেন্ট নয় । কিন্তু আদতে তো আমাদের এই জীবন ভোগ করতে হয় । ব্যাথা বেদনা দু:খ কষ্ট এমনকি যা কর্ম তৈরি হয় তার ফলভোগ করতে হয় । তাহলে মায়া কীদৃশ ? মায়া হল একটা কনসেপ্ট । কেউ যদি বলে এটা মায়া তখন তার গালে সজোরে জুতো মেরে দেবেন ভদ্র ভাষায় । বলবেন -- ওয়েল , আই অ্যাগ্রি উইথ ইউ বাট ইউ নো হোয়াট ? **আই অ্যাম লাইকিং দিস্ মায়া (জনপ্রিয় গানের কলি) !** আপনি হিমালয়ে গিয়ে তপস্যা করুন আমাকে আমার নিজ জীবন যাপন করতে দিন । আমার কাজ সৎ ও শুদ্ধ জীবন যাপন করা । ওটাই আমার সাধনা এই জন্মের জন্য । কেমন ?

তো আমি বেঁচে থাকতে সদগুরুকে বলি যে তুই বেশি আমার সাথে শয়তানি করলে আমি তোকে ভারতীয় পার্লামেন্টের সামনে শুইয়ে তোর দেহ নখ দিয়ে চিরে দেবো । নৃসিংহ অবতারের মতন । যেমন হিরণ্যকশিপুকে করেন উনি ।

সদগুরুকে আমি তুই করে ডাকি আর সদগুরু নিজের পালিত মেয়ে রাধেকেও অনুমতি দেয় সদগুরুকে তুই করে সম্বোধন করার । এতে নাকি নৈকট্য বাড়ে ।

মারাঠিরা নাকি মাকে তুই করে ডাকে । আর সদগুরু তো মারাঠি । প্রমোদ মহাজন । এখন সে মারা গেছে কিন্তু রেখা মহাজনের সেক্স সাথী ; **সদগুরুর যমজ ভাই সেজে** নানান রকম ছলচাতুরি শুরু করেছে আমার সাথে । হয়ত ফেস বদলে নিয়েছে প্লাস্টিক সার্জারি করে । সেটা আমি সঠিক জানিনা । মানে দুরাত্মার ছলের অভাব হয়না ।

সেদিন গোমিরা নাচের ভিডিও দেখছিলাম । অমৃতা আলোকচিত্রী ইউটিউব চ্যানেল নামক এক বান্ধবীর । এটা দিনাজপুরের ফোক্ নাচ । গম্ভীরাও বলে । মুখা নাচ অর্থাৎ মুখোশ নাচ । যারা করে তারা রাজবংশী । আমরা জানি বাংলায় থাকে ঘটি, বাঙাল ও কিছু অন্যরাজ্যের মানুষ । কিন্তু আদতে উত্তরবঙ্গে নেপালী/ভুটিয়া যারা কিছু চা বাগানের মানুষ অথবা মাইগ্রেন্ট ব্যাতীত আরেক ধরণের মানুষ আছে যারা সত্যিকারের নিখাদ বাঙালী । তারা হল রাজবংশী । আমার এক ভাইয়ের স্ত্রী রাজবংশী । বড় ভালো মেয়ে

। পেশায় ইঞ্জিনীয়ার । ওদের দেখতে একটু মঙ্গোলিয়ান ধাঁচের হয় আর একটু আমাদের মতন হয় । ওদেরই একটি নাচ গমিরা । খুব সুন্দর । আমি সবসময় ফোক্ আর্ট ও কালচারের বিরাট ভক্ত তাই আমার এই নাচ খুবই ভালো লেগেছে ।

যদিও বৃহত্তর বাঙালীগণ , রাজবংশীদের অপমানজনক -- বাহে -- বলে অভিহিত করে থাকে বলে তারা মরমে মরে থাকেন অথচ তারা বাংলার ইন্ডিজেনাস মানুষ । সেতো আমাদের স্বভাব আছেই , উড়ে, খোট্টা, মেরো ,পাইয়া ,গোরা, বাহাদুর-- কাজেই এ আর নতুন কি ?

শাস্ত্রীয় সঙ্গীত গায়ক মাননীয় অজয় চক্রবর্ত্তী একজন্মে আমার সাথে ছিলেন । তখন আমি ভালো গাইয়ে ছিলাম । অজয়দা আমার সাথেই ছিলেন । উনিও গান করতেন । দূরদূরান্ত থেকে লোকে আমার গান শুনতে আসতো । আমি কি ছিলাম তা আমি জানিনা ।

বলিউডি সুরের জাদুকর যিনি পিয়ানোতে হাত দিলেই নিজের থেকে সুর সৃষ্টি হত সেই আদেশ শ্রীবাস্তবও কোনো জন্মে আমার সাথে ছিলেন ও মিউজিশিয়ান ছিলেন । তখনও আমি সংগীত মুখর ছিলাম । তারপর আমাদের আত্মা আবার এই জন্মে নতুন দেহ ধারণ

করে গার্গী, অজয় চক্রবর্ত্তী ও আদেশ শ্রীবাস্তব হয়ে জন্ম নেয় ও পরস্পরকে চিনতে সক্ষম হয় রমণ মহর্ষির পরম কৃপায় ।

শ্রী রমণ মহর্ষি যখন দেহত্যাগ করেন যাকে মহানির্বাণ বলা হয় তখন প্রখ্যাত আলোকচিত্রী হেনরি কার্টিয়ার ব্রেসন যিনি সত্যজিৎ রায়ের প্রিয় আলোকচিত্রী ছিলেন তিনি ও আরো বহু মানুষ দেখেন যে একটি বিরাট তারার মতন বস্তু আকাশে উড়ে যাচ্ছে যার একটি লেজ আছে এবং সেটি অরুণাচল পাহাড়ের আড়ালে গিয়ে অদৃশ্য হয়ে যায় । অর্থাৎ সেটাই মহর্ষির আত্মা । ওনার গুরু বা স্বরূপ অরুণাচল অথবা পরাব্রহ্মে গিয়ে মিলিয়ে যায় । এই দৃশ্য সারা ভারত ও বিশ্বের নানান জায়গা থেকে দেখেন ওনার ভক্তবৃন্দ ।

কাজেই আত্মা আছেই আর সে ফিরে ফিরে আসে নিজের অপূর্ণ বাসনা মেটাবার জন্য ও কর্ম ফল ভোগ করবার জন্য ।

এই যেমন ঋষি সুনাক ! এমনি এমনি ইউ-কের রাষ্ট্রপ্রধান হননি ! নারায়ণ মূর্তি সাহেব তার জন্য কালা জাদুর সাহায্য নিয়েছেন । যদিও ঋষি ভালো কাজ করছেন কিন্তু ভোটে জিততে সক্ষম হননা । তখন মূর্তিসাহেব ব্ল্যাক ম্যাজিকের হাত ধরেন কারণ উনি ভাবেন যে ভারতের নাম উজ্জ্বল হবে এতে যে একজন

ভারতীয় এবার ইংলিশদের নেতা হয়ে ওদের ওপরে প্রভুত্ব করবে । ওরা তো কতনা অত্যাচার করেছে আমাদের ওপরে ! এমনকি আমাদের কোহিনূরটিও নিয়ে গেছে ও ফেরৎ দেবার নাম নেই । হয়ত তাই মূর্তি সাহেব এমনতর স্থির করেন ও সেইমতন কাজ করেন । কিন্তু ঐ যে বললাম কিছুই পরাব্রহ্মের নজর এড়ায় না । কাজেই এবার ঋষিকে তার ফল ভোগ করতে হবে । ওর রাজত্ব বেশিদিন চলবে না । ব্রিটেনের বেশিরভাগ মানুষ ওকে পছন্দ করেনা ভারতীয় বলে ।

ওখানে কালা আদমি ভারতীয়-- যারা এতদিন ব্রিটিশদের স্লেভ ছিলো তাদের আন্ডারে থাকতে ইংরেজদের আঁতে ঘা লাগছে উপরন্তু ঋষি একজন হিন্দু কাজেই ওখানে এখন হিন্দুদের বিরুদ্ধে চূড়ান্ত বিদ্বেষ চলছে সর্বস্তরে তাই ওকে সরে যেতেই হবে । আর ডাইনি বুড়ি , কুঞ্চিত কেশ , বক্র নাসিকা , লোলচর্মের মহারাণী ক্যামিলা তো আছেই !

ঋষির ঘাড়টাই না ধরে মটকে দেয় বজ্জাত বুড়ি !

আমাকে তো বিচ্- টিচ্- বলে একাকার । ডার্টি নিগার , স্লেভ কি না বলে ?

আমি ওকে সোজা বলে দিই - আরে কিং এর কেপ্ট আমি একজন যোগিনী কাজেই আমার উত্তরণ হয়ে গেছে এবার তুই নিজেরটা সামলা । ডায়নাকে মেরেছিস্ কেন ? কি দোষ করেছিলো ওর বাচ্চা ছেলে দুটি যে ওদের মাতৃহীন করে দিলি তুই রাক্ষসী ? অন্যের বরকে বিয়ে করার বড় সাধ যে !

ব্রিটিশ রাজবংশ নয়, জংলী বিল্লী = ক্যামিলা হল রেসিস্ট । মেগান ভুল বলেনি ।

এবার বই শেষ করার সময় তবে পরে কিন্তু আরো দুই খন্ড বার হবে । এ দেখাই শেষ দেখা নয়কো !

তবে সময় লাগবে ওগুলো বার হতে মাস ৬/৭

এবার উপসংহার লেখার পালা ।

গায়ক নচিকেতার মেয়ে ধানসিড়ি আমার সম্পর্কে ভাইঝি হয় । ওর সাথে আমার আত্মার সম্পর্ক । কারণ আমার প্রথম বইয়ের নাম ধানসিড়ি , ওর নাম ধানসিড়ি আর আমি ইস্টারে যেখানে বেড়াতে যাই সেখানে একটি বাঙালী খাসা খাবারের দোকান পাই ও

খাই তার নামও ধানসিড়ি ! কাজেই আমি এই উপলব্ধি করছি যে কোথাও আমাদের আত্মা একসুত্রে গাঁথা ।

পলিটিক্যাল গ্লাটন রেখা মহাজন যে নিজেই একজন নেত্রী হবার জন্য নানান কান্ড ঘটায় তাদের উচিৎ নিজেদের ছায়াকে শুধরানো । সবারই তো শ্যাডো সাইড থাকে । ওরা নিজেদের শ্যাডো সাইড থেকে কাজ করছে তাই ওদের কাজকম্মো এতো জঘন্য । ওদেরকে নিজেদের ছায়াকে শেঁকে নিতে হবে যেভাবে বন্য জন্তুর কাঁচা মাংসকে শেঁকে নিয়ে কাবাব বানিয়ে খায় লোকে পূর্ণিমা রাতে-- সাথে চাঁদকে শেঁকে নিয়ে করে রুটি । ওদেরকেও নিজেদের শ্যাডো সাইড থেকে আলো বার করতে হবে নাহলে জন্ম জন্মান্তর এই একই রকম জিনিস চলবে । যতদিন না শিখবে ততদিন মহাজগৎ তোমাকে একই পরীক্ষায় ফেলবে । বললাম তো ।

গতবার আমার মৃত্যু শয্যায় এসে কাশেম সব জানতে পেরে সদগুরুকে গিয়ে পরে হত্যা করে ।

সে তো রাজা ছিলো , বিহারের । আর কাশেম সৈনিক । বিদেশে কোথাও মারে । অর্থাৎ বিহারের বাইরে । আর তার জন্য আমার মতন দেখতে কোনো নারীর সাহায্য নেয় যে ওদের ছলচাতুরি ও অত্যাচার যা আমাকে ও আমার দুই বছরের সন্তানকে ওরা করেছিলো তা বার করতে সাহায্য করে । তবে আমার

লুক অ্যালাইককে হাত ধরে ধন্যবাদ জানাতে গেলে আমি ভীষণ ক্ষুব্ধ হই ও কাশেমের পাশে রাখা আমার ছবি ভেঙে ফেলি । তখন তো আমি মৃতা । অথচ ঐ মহিলা ও বীর অর্থাৎ কাশেম দেখে যে আমার ছবিটা মানে রাজকুমারী ভগবতীর চিত্রটা নিজের থেকে ভেঙে পড়ে যায় । **যায়সা ফিল্মো মে হোতা হ্যায় , হো রাহা হ্যায় হবহু !**

একটু হিংসুটে টাইপস্ আরকি । যে আমার পারমিশান না নিয়ে আমার লুক অ্যালাইককে টাচ্ করেছে কেন বীর/কাশেম ।এই আর কি ।

এই জন্মে ওকে দেখে আমি স্থির করি যে শিয়া মুসলিম হয়ে যাবো এতই অভিভূত হই ওর জীবন দর্শনে । এখন আমি ওর মতন দুই হাত পাশাপাশি জুড়ে ঈশ্বরকে প্রণাম করি যেভাবে ওরা নামাজ পড়ার সময় হাত করে রাখে সেভাবে । হাত বন্ধ করে হিন্দুদের মতন আর প্রণাম করিনা । কাশেম আমাকে এতটাই নাড়া দিয়েছে অন্তর থেকে ।

আদতে কেউ তো আর ক্রিমিন্যাল নয় , গভীর নিদ্রার সময় সবাই পরাব্রহ্মে মিশে যায় । সেখান থেকেই মধু নিয়ে এসে পরেরদিন শুরু করে । তখন সবাই ঈশ্বর । পোকামাকড় , পশুরা , আততায়ী , আমি , তুমি , আইনস্টাইন সবাই । আর বিশ্রাম না নিলে কি হয়

ডাক্তারদের জিজ্ঞেস করো , দেখবে দেহ নাশ হয়ে যাবে । কিন্তু জেগে উঠে আমরা ভুলে যাই কনশাসনেসের কথা , গভীর ঘুমের সময়কার । তাই আবার জেগে ওঠে মানুষ কিংবা দৈত্যি , দানব ।

সূর্য থাকেই ; কেবল ছায়ার আনাগোনাতেই যত বিভ্রান্তি । গভীর ঘুমে সবাই রাজা হই । কেউ ভিক্ষুক নই । নাহলে এত আনন্দ আসবে কোথা থেকে জীবনটা চালানোর মতন ? কম বিড়ম্বনা আছে একটা জীবনে ? বলো ? যেই স্কুলটায় ভর্ত্তি করার পরে আমার মনটা ভেঙে যায় সেখান থেকেই তো দোলন রায় আর লাবণি সরকারের মতন ন্যাশনাল অ্যাওয়ার্ড উইনিং অভিনেত্রী ও ভালো ছাত্রীরা বেরিয়েছে । দুজনেই মেধাবী ও ভালোমানুষ । দোলন তো আমার ক্লাসফেলো ছিলো এখনও যোগাযোগ আছে আর লাবণিদি ভীষণ ভালো নাচতো । স্কুলের কোনো ফাংশান হলেই ওর নাচ দেখার জন্য সবাই মুখিয়ে থাকতো । লাবণিদির বোন ইন্দ্রানী আমার ক্লাসফেলো ছিলো । ওরা তিন বোন । তবে সবচেয়ে সুন্দরী কিন্তু বড় বোন শ্রাবনীদি । ওনার বিয়ে হয় ইস্টবেঙ্গলের ক্যাপ্টেন ও ব্যাক তরুণ দের সাথে । কাজেই আমিই হয়ত উন্নাসিক ছিলাম কিংবা লেখাপড়াটা মন দিয়ে করিনি । কেবল প্রেম করে বেড়িয়েছি । অন্যকে দোষ দেওয়া সোজা । নিজেকে নিজের জীবনের জন্য দায়িত্ব নিতে হবে নাহলে কেইবা

নেবে আর কাঁহাতক নেবে ? নিজের হাল নিজেকেই ধরতে হবে একটা সময় কারণ আমি নিজেই নিজের কর্ত্তা । তাই পড়ে এম-কম ও কস্টিং ড্রপ আউট করলেও চাকরি করেছি অ্যানিমেশানে কিন্তু ভাগ্যে ছিলো সন্ন্যাসিনী হওয়া কাজেই মেনে নিতে হবেই । তাই আমি এখন মহানন্দে ভাসি ।কেবল ঘুমাই আর ভালো ভালো স্বপ্ন দেখি ।আর ইরানের ভিডিও দেখি । সত্যি কবে এক রাজকুমার এসে আমার হাতটি ধরে নিয়ে যাবে অসামান্য সুন্দর এক দেশে । মাথায় পরিয়ে দেবে ফুলের মুকুট । মৃদু হেসে বলবে , বিয়ে তো হয়েছিলো এক চাঁদভাসি রাতে কোন শিশুকালে কিন্তু তোমাকে আমার সাতমহলের বেগম করতে লেগে গেলো এত্তোগুলো বছর !

আমি তখন পারস্যের আতরে পা ডুবিয়ে হেঁটে চলেছি দিগন্তে , রং জোছনায় ঢাকা আমার সমস্ত পার্থিব দেহ আর মুখে সলমা জরির ওড়না কারণ ইরানের যুবরাজ এখনও জানেনা তার শাহাজাদী ঠিক কে ! ভগবতী , রতি, অ্যাফ্রোদিতি ,গার্গী নাকি মহাদেবী ? শতাব্দী ধরে এই প্রেমটা তো সিকুয়েন্সে হয়নি । তাই না ??



You have got to show your soul
otherwise you are just a piece of
equipment .

Sylvester Stallone .

****

It brings up happy old days
when I was only a farmer and not
an agriculturist .

---O' Henry

<u>ঋষি অরবিন্দের মহাসমাধি</u>

বাংলাদেশী সাংবাদিক সাল্লাহ্ উদ্দীন সুমনকে ধন্যবাদ জানাই তাঁর অরোভিলের অপূর্ব তথ্যচিত্রটির জন্য ।

To all the lost souls of the world ,

Hope and light is available to all.

God loves us all .



অরবিন্দ, রবীন্দ্রের লহ নমস্কার !!

-রবীন্দ্রনাথ ঠাকুর ।

ওঙ্কার বিহরণের গল্প ; বাংলা টুইট । গুগুশের টুইট ।গুগুশ হল শিরিনের ডাকনাম । সে হল তাদের পরিবারের রাজহংস/কোকিল ইত্যাদি ।বড় আদরের। শিরিন একজন মুসলিম মেয়ে যে ভারতে এসেছে বেড়াতে । নানান প্রদেশ ঘুরে দেখেছে । তার মধ্যে এই অংশটি লেখা পন্ডিচেরি ও থিরুভান্নামালাই নিয়ে । সে জাতে ইরানী তাই বাংলা শিখে নিয়ে এই ভাষায় লিখছে কারণ তার--- শ্রী অরবিন্দের প্রতি অশেষ ভক্তি ও ভালোবাসা। সে ওনাকে বাবা বলে সম্বোধন করে ।

মুসলিম হলেও ধর্ম নিয়ে কোনোদিন মাতামাতি করেনি । রোজা করা বা নমাজ পড়াও করেনি নিয়মিত । বাসাতেও এই নিয়ে কোনো চাপাচাপি ছিলো না কারণ তার পিতা ছিলেন মুক্তমনা ও ঋষি অরবিন্দের ভক্ত । সুদূর ইরান থেকে আসেন পন্ডিচেরি । অনেক গল্প শুনেছিলো বাবার কাছে । সেই নিয়েই এই বই বা টুইট লিখতে বসেছে । ও একে বই বলেনা , টুইট বলে । তার কারণ ও যা শুনেছে তার কোনো প্রমাণ ও নিতে যায়নি । বাবার কাছে যা শুনেছে সবই আধ্যাত্মিক গল্প

কাজেই সবকিছুর প্রমাণ হয়না কিংবা দেওয়া চলেনা অথচ আজকাল বৈজ্ঞানিক যুগে লোকে সবার কাছে প্রমাণ ও যুক্তি চায় আর না পেলে জেলে পুড়ে দেয় । শিরিন জেলকে খুবই ভয় পায় বিশেষ করে তিহার জেলকে যেখানে ইয়া ইয়া উগ্রপন্থীরা থাকে । ও তো আর শ্রী অরবিন্দের মতন স্বাধীনতা সংগ্রামী নয় আর সাংবাদিক অর্ণব গোস্বামীর মতন সাহসী মানুষও নয় তাই একটু দেখেশুনে পা ফেলে ।

তো যাইহোক্ কিছু ভুলত্রুটি হয়ে গেলে মার্জনা করে দিও ওকে-- তোমরা ।

শিরিন ; ইরান থেকে এলো পাক্কা ৬মাস পন্ডিতে থাকার জন্য। অবশ্যি পরে দুমাস থিরুভান্নামালাইতে থেকে যায় ।এই দুই জায়গায় ও যে ছিলো সেই অভিজ্ঞতা নিয়েই এই বই । আর বাঙালি নয় বলে ভাষার কারিকুরি জানেনা অত । সহজ সরল ভাষায় লিখে ফেললো এই বই ।

কেমন লাগলো , কত মানুষ দেখলো , ঋষিদের দর্শন এইসব লিখলো ।

সবাই জানবে । মন ভালো হবে । দেহে আনন্দ লহরী খেলবে ।

একজন যোগী, ঋষি । সুন্দরভাবে পার্থিব জীবন কাটানোর কথা , বিবর্তনের কথা বলেন । অন্যজন

মহর্ষি । জীবন থেকে বেরিয়ে যাবার হদিস্ দেন ।

কিন্তু সত্যিই কি বার হওয়া যায় ?

নাকি মহাবতার বাবাজীর মতন ঈশ্বরের জন্য কাজ করে যেতে হয় ;কোনো অদেখা দৈবলোক থেকে ?

সেসব প্রশ্নের উত্তর খুঁজতেই এই অভিসার ।

ঐশ্বরিক অভিসার । ইরানী কন্যা , আরবী ঘোড়ার সওয়ারি- পারস্যের গোলাপ মন্ডিত , দামি আতরে চোবানো ফরাসের ওপরে বসে এক মেয়ে শিরিন ।

ইরানী , রূপবতী শিরিন অনেকদিন ভারতে ছিলো যদিও সে তখন খুবই কমবয়সী ।এমনিতে পেশায় সে কবিরাজ । ইরানের ভেষজ ভান্ডার ও পুরাতন ঔষধ চিকিৎসা এইসব নিয়ে লেখাপড়া করে সে নিজের একটি বিউটি ক্লিনিক চালায় ডুবাইতে । সেখান থেকে আসে ভারতে । তার স্বামীও ডুবাইতে কাজ করে , জাতিতে সেও একজন পারস্যের মানুষ ও পেশায় কন্সট্রাকশান ইঞ্জিনীয়ার । ভদ্রলোক মুক্ত চিন্তার অধিকারী , পত্নীকে যথেষ্ট স্বাধীনতা দিয়েছেন । একা ঘুরতে

দিয়েছেন । ওদের একমাত্র পুত্র মামাবাড়িতে আছে । পড়ছে । সেও মধ্যপ্রাচ্যেই ।

শিরিন ঋষি অরবিন্দের আশ্রম নিয়ে লিখেছে কারণ ওর ভালো লেগেছে । তবে ও যেহেতু একজন মুসলিম ধর্মের মানুষ তাই হিন্দুদের সম্পর্কে গভীরে তেমন জানেনা তাই লেখায় হয়ত অন্য একটা দৃষ্টিকোণ উঠে আসতে পারে । আগেই সেই ব্যাপারে ক্ষমা চেয়ে নিচ্ছে ।

ও অনেক বছর আগেও ওখানে যায় । সেই সম্পর্কেও লিখছে ।

পন্ডিচেরিতে গিয়ে ও সমুদ্র দেখলেও সেখানে নামতে সক্ষম হয়না কারণ পাড়টা পাথর দিয়ে বাঁধানো । বড় বড় পাথরের চাঁই । দুরন্ত ঢেউগুলি এসে লাফিয়ে পড়ছে সেই প্রস্তর খন্ডের ওপরে । সফেদ জলরাশি ভেঙে , গুঁড়িয়ে আবার বয়ে চলেছে সাগরের বুকে । এই ভাঙাগড়া নিয়েই জীবন ।

এক একসময় মনে হয় আর পারিনা কিন্তু আবার সব গুছিয়ে নিয়ে আমরা এগিয়ে যাই জীবন নামক এই সাগরের বুকে ! আসলে জীবনটা যে কী কেউ কি তা জানে ? অথচ সবাইকে এরই মাঝে বাস করতে হয় । যেমন ঢেউ জানেনা তার অস্তিত্বের কারণ ও উৎসের

কথা অথচ ভেঙে যাবার পরই ছুটে চলে যায় সেই উৎসের দিকে, আবার গড়া হয়ে গেলে ভাঙার জন্যে সেরকমই আমাদেরও একই অবস্থা । এইসব ভাবতে ভাবতে শিরিন ফিরে যায় ওর আবাসস্থলের দিকে যা কিনা এই সাগরের পাড়েই ছিলো । সেবার ও প্রথম পন্ডিচেরি এসেছিলো । যেই হোটেলে ঠাঁই নেয় তাতে নাকি অনেক অনেকদিন আগে স্বয়ং ঋষি অরবিন্দ এসে ছিলেন বহুকাল যাবৎ , অনেকদিন । পরে অবশ্যি ও অন্যদিকে গিয়ে সমুদ্রে নেমেছিলো । খুব সুন্দর সেই সাগরের পাড়, সবুজ জলরাশি । তবে মৎস্যজীবিদের জন্য বড্ড আঁশটে গন্ধ ছিলো সেখানে । মনটা ভেঙে যায় ঐ গন্ধে । অনেক অনেক আঁশ ছড়িয়ে ছিলো পাড়ে ।

শিরিন যেই ঘরে থেকেছে, সেখানে ওনার বড় ছবি আছে । ঘরটি খুবই সুন্দর । পুরনো পুরনো একটা গন্ধ আছে । আছে বহু প্রাচীন ফরাসী স্থাপত্যের চিহ্ন , কুলুঙ্গীর মতন একটি প্রদীপ রাখার জায়গা , ঢাঁউস একটি বই রাখার আলমারি যাতে ঋষি অরবিন্দের লেখা

বহু পুঁথি ও ওনার ফটোর অ্যালবাম আর একটি ছোট মূর্তি ।

বেশ ভালো লাগলো ওর । মনে হল তার বাবাকে স্পর্শ করলো সে । শ্রী অরবিন্দর--বৃদ্ধ বয়সের ছবিটি দেখলে তার মনটা ভরে ওঠে । **বাবা তাকে মাঝে মাঝেই বলে ওঠেন , মা তুই পন্ডিচেরি গেলি তাহলে ? আমাকে বাবা বলে ডাকলি ?**

এরকম যখন বলেন ওর খুবই ভালোলাগে । মনে হয় হৃদয়টা জুড়িয়ে গেলো । তার নিজের বাবা তাকে এত আদর করে ডাকলেও এমন ভালোলাগে না যদিও সে তাদের বাড়ির কোকিল বা রাজহংসী !সবচেয়ে আদরের । সাতরাজার ধন ; এক মানিক । তবুও । একেই বুঝি বলে স্পিরিচুয়াল যোগ । আত্মার যোগ । রক্তের সম্পর্ক তো নেই কোনো কিন্তু ওনার চেয়ে আপনজন যেন এই জগতে আর কেউ নেই ওর, আজকে । কারণ উনি হলেন শিরিনের গুরু । পথপ্রদর্শক । আর সদ্‌গুরুর চেয়ে আপনার আর কেউই বুঝি থাকেনা আমাদের । তাঁর সাথে আমাদের জন্ম-জন্মান্তরের সম্পর্ক । আমরা তাঁকে ভুলে গেলেও ; তিনি আমাদের ভোলেন না ।



সরাইখানায় খাবার অবশ্যি সাধারণ । বেজায় মোটা চালের ফ্রায়েড রাইস ও চিকেনের টুকরো তাতে । আর আইসক্রিম, সেটা স্কুপে করে নিচ্ছে লোকে মনে হল ঘরে তৈরি । তবে সুস্বাদু ।

ও তো একাই ছিলো, তাই একটাই আইসক্রিম খেলো । আর সেটা হল স্ট্রবেরী ফ্লেভার । খুবই ভালো স্বাদের । ঘরোয়া গন্ধ তাতে ।

চাল ভাজা অর্থাৎ ফ্রায়েড রাইস, মোটা চালের হলেও তাতে মোরগের টুকরোগুলি হাড়বিহীন ছিলো ও বড় বড় ছিলো আর ছিলো অজস্র ক্যাপসিকাম , ফুলকপি , গাজর , মটরশুঁটি তাই ওর মন্দ লাগেনি । রাতে যখন রাতপোষাক পরে নিলো তখন ওদের ছোট্ট ঘরে, অরোভিলেতে সৃষ্ট ধূপের সুগন্ধে-- নিমেষেই দু চোখ জুড়িয়ে এলো ।

সব ক্লান্তি কেটে গিয়ে ঘুমের দেশে পাড়ি জমালো ।

স্বপ্নে ঋষি অরবিন্দকে দেখলো । একটি ঘন অরণ্যে ও ঘুরে বেড়াচ্ছে । সেখানে একজন ধ্যানমগ্ন ঋষি যেন ওকে হাত নেড়ে কাছে ডাকছেন । ডেকে বলছেন , **মা তুই এতদূর দেশ থেকে এখানে এসেছিস ! কেমন লাগলো ফিরে গিয়ে কখনও লিখিস্ । তাড়াহুড়ো কিছু নেই । মনের কথা খুলে লিখিস্ ।**

যেন তাই আজ লিখতে বসেছে । কিন্তু স্বপ্ন তো অনেকদিন আগে দেখেছে তাহলে ?

আসলে পন্ডিচেরিকে এতদিন সে আত্তিকরণ করছিলো । অনুভব করছিলো । কাজের মধ্যে ।

নিত্যদিনের গানের মধ্যে । আত্মা দিয়ে স্পর্শ করছিলো ; কাঠগোলাপ ফুলের মতন ।

আজ মধ্যদিনে পৌঁছে, যেন বেলাশেষে এই গান রচনা করতে বসেছে শিরিন ।

মধ্যদিনের গান ।

আসলে শ্রী অরবিন্দের আশ্রম কেবল কোনো তীর্থ ক্ষেত্র বা আধুনিক যুগের সাধুদের মতন অর্থ কামানোর কারখানা নয় ।

এই পুণ্যভূমি হল এক কর্মভূমি বা কর্মযজ্ঞ ।

ঋষি অরবিন্দ ছিলেন কর্মযোগী তাই তাঁকে জানতে হলে অনেক অনেক কিছু অনুভব করতে হয় কেবল কিছু পুস্তক পড়ে তাকে জানা সম্ভব নয় ।

শিরিন সময় নিয়ে চেষ্টা করেছে মাত্র । একজন মহাযোগীকে ত্রিমাত্রিকে ধরতে । কতটা সফল হল তা বলবেন পাঠকেরা ।

শিরিন আগেই বলেছে যে সে হিন্দু নয় ।কাজেই কিছু জিনিস সে হিন্দু ভক্তদের কাছে শুনে লিপিবদ্ধ করছে । যেমন হিন্দু পুরাণের কথাগুলি ।

ঋষি অরবিন্দের সমাধিতে গিয়ে বসলে একটি শক্তি এসে স্পর্শ করে ভক্তদের এবং সেটাই নাকি দীক্ষা পাওয়া । এখানে কোনো গুরুবাদের ব্যাপার নেই , কেবল পুষ্পার্ঘ্য দিয়ে সমাধিস্থল মোড়া যা বোঝায় যে মহাযোগী এখনও জীবিত ।

খুবই দৃষ্টিনন্দন সেইস্থান । সেখানে প্রবেশ করলেই মন শান্ত হয়ে যায় । অনেক ভক্ত সেখানে শ্রী অরবিন্দ ও মাদারকে তাঁদের সুক্ষ্ম দেহে দেখেছেন বলে শিরিন শুনেছে ।

যেমন এক প্রখ্যাত ভক্ত হলেন মাদার মীরা ও তাঁর স্বামী হার্বার্ট । ওনারা এই আশ্রমেই দীক্ষা পান ।

এখন ওনারা দুজনেই জার্মানিতে আছেন ও মাদার মীরা সেখানে ভক্তদের দীক্ষা দিয়ে থাকেন ।

মাদারের প্রতিষ্ঠিত ভক্তদের মধ্যে একজন সবার পরিচিত । উনি হলেন আমাদের প্রিয় সঙ্গীত শিল্পী ম্যাডোনা । উনি মাদারকে নিয়ে গানও বেঁধেছেন ।

নিন্দুকে অনেক কিছু বলে । কিন্তু কেউ কি প্রশ্ন করে যে একটি ভারতের গ্রামের মেয়ে , যাঁর দুটি উজ্জ্বল আঁখি ছিলো , সেই সুনয়নী কি করে ম্যাডোনাকে ভক্ত হিসেবে পেলেন ?

তিনি কি জাদুটোনা করেছেন ?

আর ম্যাডোনাও কি এতই মূর্খ ?

শিরিনের কাছে আসল সত্য শোনো তোমরা ।

আরে মান্না দের গান মনে নেই ?

নিন্দুকে যা বলছে বলুক ! তাতে তোমার কি ? আর আমার কি ? রাগে যারা জ্বলছে জ্বলুক , তাতে তোমার কি ?

এও সেরকম ।

মাদার মীরা তো আর যে সে নন ! না হার্বার্ট !

যতই লুকিয়ে থাকুন , আর তো লুকাইতে পারলি না রে টিক্কা , আমি তো তোর ভক্ত রে দেইকখাই তোরে চিন্না ফেলাইসি (ভানু বন্দোপাধ্যায় কমেডিয়ান এর কমেডি অনুসারে লেখা) ---ভক্ত ম্যাডোনা --

মাদার মীরা হলেন স্বাহা দেবী আর হার্বার্ট হলেন স্বয়ং অগ্নিদেব ।

এনারা দুজনেই ঈশ্বর ও ঈশ্বরী । কাজেই ভক্ত তো হবেই । কিন্তু এক জন্মে তো মোক্ষ কারো হয়না তাই গুরুও এগোবে আর শিষ্যও এগোবে আর এইভাবে ক্রমাগত এগোতে এগোতে একসময় পরম ব্রহ্মতে মিলিয়ে যাবেন ।

ঋষি অরবিন্দের আশ্রমে দীক্ষা দেবার কেউ নেই । অটোমেটিক দীক্ষা হয় । সমাধিতে বসে । তার কারণ হল ওনার দর্শন হল আমাদের গুরু আমাদের অন্তরেই আছেন । তাই শিখিয়েছিলেন ওনার গুরু ওনাকে । সেই অন্তরের গুরুকে জাগ্রত করতে হবে । জাগ্রত করে তাকে ধীরে ধীরে মেলে ধরতে হবে আর সেই মেলে ধরার পদক্ষেপগুলিই হল ধ্যান , নানান মুদ্রা , তন্ত্র সাধনা , নানান আচার , আদি শঙ্করের নেতি নেতি কিংবা সোহম সাধনা ইত্যাদি ।

যেমন ধর না আর্শিতে ময়লা ধরেছে । কালো হয়ে গেছে সেই মিরর্ ।

তুমি বসলে আয়না ধুয়ে মুছে ফিটফাট্ করতে ।

এক এক বার ধুচ্ছো । একবারে সব ময়লা উঠবে না । ভীষণ নোংরা হয়েছে কাঁচ । তখন কেউ স্পিরিট দিয়ে পরিষ্কার করছে, কেউ সাবান ব্যবহার করছে, কেউবা খালি জল দিয়ে ধুচ্ছে । এগুলিই হল ধ্যান ট্যান ইত্যাদি । লক্ষ্য হল ঐ কাঁচকে বার করা ।

ঋষি অরবিন্দ ছিলেন শ্রীকৃষ্ণ । The Mother অর্থাৎ মীরা আলফাসা ;ওনার সহচরী ; বলে গেছেন ।

এবার বলো যে কৃষ্ণ মানে কে ? ভগবান বিষ্ণু ।

আর ভগবান বিষ্ণু কে ? জগতের পালক ।

তাই শ্রী অরবিন্দ, আমাদের-- দুনিয়াকে একটি সুন্দর এবং ব্যালেন্সড্ গ্রহ হিসেবে তৈরি করার ও ধরে রাখার জন্য ধ্যান করার উপায়ও নানান জীবন দর্শন দেখিয়ে দিয়ে গেছেন । তাই শিরিনের মনে হয় যে কেবল ধার্মিক মানুষেরাই নয় নাস্তিক ও অজ্ঞেয়বাদীরাও এখানে আসতে পারেন ও দেখে যেতে পারেন যে জগতে অসম্ভব বলে কিছুই নেই । এমনকি যুক্তিবাদী ও সাম্যবাদীরাও সুস্বাগতম্ । অরোভিলে ঘুরে গেলেই

বোঝা যায় যে ঈশ্বরের দ্বারাই বোধহয় প্রচারিত হয়েছিলো কমিউনিজম্ । নাহলে ঋষি অরবিন্দের মতন একজন আস্তিক ও যোগী কি করে কল্পনা করলেন অরোভিলের এবং তা শুধু পরীক্ষিতই নয় সরকার দ্বারা পরিচালিত ও আন্তর্জাতিকভাবেও প্রমাণিত ।

<u>শয়ে শয়ে মানুষ এখানে এসেছে । থাকছে ।</u>

কোনো মোহরের চল নেই । নেই ডলার বা পাউণ্ড । চলে অরো কার্ড । মুচি যেই মাইনে আয় করে চিকিৎসকও তাই আর তাতেই সবাই খুশি । **<u>সবাই রাজা, অরোভিলের অরবিন্দ রাজার রাজত্বে ।</u>**

এখানে কেউ কাউকে খুন করেনা । ধর্ষণ করেনা । শিশু শ্রমিকের মারধোরের ঘটনা নেই । নেই অর্গ্যান পাচারের কাহিনী । সবুজে মোড়া এক নগরপাড়ে রূপনগর । তামিল নাড়ু ও পন্ডিচেরি এই দুই এলাকার মাঝে ।

<u>সবাই হেসে কথা বলেছে । কেউ কাউকে বুলিং করছে না ।</u>

<u>----এই, তুই কি কেলে , মুটকি , নাটা , কুচ্ছিত ইত্যাদি ।</u>

অহেতুক চাপ দিচ্ছে না কেউ । দুনিয়ার সব দেশ থেকেই অজস্র মানুষ এসে বসবাস করছে ।
যে যার নিজের কাজ করে চলেছে । কেউ কেউ ধ্যানমগ্ন । কেউ নতুন নতুন ব্যবসা করছে প্রগতির জন্য । মানব সমাজকে এগিয়ে নিয়ে যাবার জন্য । পর্ণগ্রাফি কিংবা আজেবাজে গ্যাম্বেল করা নয় ।
ধর্মের নামে লোক ঠকানো নয় । ধ্বংসাত্মক কার্যকলাপ নয় । **মোদ্দাকথা হল ; আমাদের কাছে যা আশা করেন ঈশ্বর- এই জগতে আমাদের পাঠানো হয় যার জন্য, সেইসব কিছুই অরোভিলেতে পালন করার পরিকল্পনা করা হয় ।**
এছাড়াও যারা চিন্তাশীল ও মানবজীবনকে কিছু দিয়ে যেতে চান ; তারা নানানভাবে তাদের অবদান এখানে কাজে লাগাতে পারেন- বিভিন্ন প্রোজেক্ট-এ কাজ করে । তা নিজের মস্তিষ্ক প্রসূত হতেও পারে আবার অন্যের চিন্তার ফসলও হতে পারে ।

মুণিঋষিগণ বলেন যে আমরা আমাদের চিন্তার ফসল । কাজেই আমরাই পারি নিজেদের শুদ্ধ চিন্তার দ্বারা বিবর্তনকে এগিয়ে নিয়ে যেতে । এটাই ছিলো অরোভিলের মূলমন্ত্র । শিরিন যতটা বুঝেছে ।

আর আগেই বলেছে ও বোদ্ধা নয় । মতভেদ থাকতেই পারে ।

অরোভিলে, নামটা কেউ বলেন <u>**অরোরে**</u> কোনো ফ্রেঞ্চ শব্দ তা থেকে এসেছে যার অর্থ ভোর আর ভিলে মানে ভিলেজ বা গ্রাম আবার কেউ বলে ঋষি অরবিন্দের নাম থেকে <u>**অরো**</u> এসেছে ।
সবুজে মোড়া , লাল মাটির এই গ্রামে ঢুকলে চন্দ্রবিন্দুর সেই গান মনে পড়ে যায় হয়ত ।
শিরিন এই গান শুনেছে ওর এক বাঙালী বন্ধুর কাছে , খুবই মিষ্টি সুর । ওর মন ধ্যানের গভীরতায় চলে যায় এই গান শুনলে ।

<u>**নীল নির্বাসন ; সেই গানের নাম ।(Nil Nirbason by Chandrabindu)**</u>

চেনা মুখ , ছুঁয়ে থাকা দৃষ্টি
এলোমেলো আড্ডায়, চায়ের গেলাস
ঘুম ঘুম ক্লাসরুম
পাশে খোলা জানালা
ডাকছে আমাকে তোমার আকাশ --

<u>**আসলে অরোভিলের আকাশ ।**</u>

এখানে মানুষের কোনো জাত নেই , ধর্ম নেই , রাজনৈতিক বন্ধন নেই , চমড়ার রং নিয়ে মাথা ব্যাথা নেই , আর্থিক সামর্থ্য কিংবা নারী/ পুরুষ ও কিন্নরের মতন ধারণা নিয়ে নেই কোনো বাধা নিষেধ । এখানে সবাই মানুষ এবং মানুষ এবং মানুষ । এখানে সবাইকে ডাকছে অরোভিলের আকাশ ! **নীল নির্বাসন থেকে নির্বাণ! বাদ গেলো স । অরোভিলেতে আসা এই স-কে সরাবার জন্য ।**

এখানে কারো আকাশ ছোঁয়ার স্বপ্ন নেই । নেই সেই স্বপ্ন স্পর্শ করতে না পারার অবর্ণনীয় কষ্ট ও তাতে অবসাদে ডুবে আত্মঘাতী হওয়া কিংবা মানসিক হাসপাতালে জীবন কাটানো । নেই মাদকদ্রব্যে ডুবে যাওয়া । মহিলাদের ধরে কিংবা শিশুদের ধরে নিয়ে, ইচ্ছার বিরুদ্ধে তাদের শোষণ ও ধর্ষণ করা অর্থাৎ অত্যাধুনিক সমাজের কোনোরকম কালিমা এই জগৎকে স্পর্শ করেনি । আছে কেবল মুক্তজীবন ও শান্তি পারাবারের হদিস্ । সারা দুনিয়া থেকে নানান জাতের ও ধর্মের মানব সন্তান এখানে এসে সঙ্ঘ তৈরি করেছে

। এই সঙ্ঘ হল শান্তির সঙ্ঘ । যে যার কর্মকান্ড নিয়ে ব্যস্ত ।

যেহেতু এই গ্রাম ভ্রমণের স্থান নয় তাই স্থায়ী বাসিন্দাদের কুটিরের দিকে যাওয়ার নিয়ম নেই তবে অনেকে সাইকেল ভাড়া নিয়ে কিছুদূর অবধি চলেও যায় । অসম্ভব সবুজ সেইসব পথ । **তাল গাছ থেকে ঝরে পড়েছে সুগন্ধী তাল অথবা বাঁশের ঝাড় থেকে উঁকি মারছে নাম না জানা কোনো নির্মল পক্ষী শাবক যার নির্মম সভ্যতা নামক অসভ্যতার হাতে মরে যাবার ভয় নেই । আজকাল বনের বুনোরাই বেশি সভ্য আমাদের চেয়ে তাইনা ।**

চারদিকে কেবল সবুজের ভেলভেট আর লাল মাটি ও শান্তির সমুদ্র । খুবই দৃষ্টিনন্দন ও মন ভালো করা পরিবেশ । যেখানে মানুষের জীবন ধারণের কোনো টেনশান নেই সেখানে আগ্রহীরা ঐশ্বরিক সাধানায় নিয়োজিত হতেই পারেন যা এখানকার মানুষজন ও সম্ভবত: পশুপক্ষীরাও করে চলেছে ।

এরকমই এক জগতের সৃষ্টি বুঝি ব্রহ্মা করেছিলেন যা আমরা ক্রমে ক্রমে দূষিত করে ফেলেছি ।

দৈত্যি দানবের করাল গ্রাসের কারণে । মান ও হুঁশ গেছে কোন অতলে , পড়ে আছে কেবল চাপ চাপ রক্ত

ও মাংস । ঋষি অরবিন্দ, আবার সেই রক্ত ও মাংসে মানুষ ভরে দিচ্ছেন যেন !

আর শুধু মানুষ কেন ? সবাই এগোবে । আমাদের বিবর্তনের পথে এগিয়ে যেতে হবে তাই না ? তাই তো এই গ্রাম !সাধনা করে করে নিজের বিবর্তনকে ত্বরান্বিত করে, মানব সমাজকে এগিয়ে নিয়ে যেতে হবে সেই উচ্চতায় যেখানে ঈশ্বর ও আমরা একই ছন্দে কাজ করবো । **তবেই তো জগতের পালক, ভগবান -- শ্রীকৃষ্ণ ও বিষ্ণু খুশী হবেন ।**

হিরণ্যকশিপু ও কংসের আনাগোনা কমে যাবে । আজকাল ঘরে ঘরে তো এদেরই জন্ম হচ্ছে । নাহলেও ; ধীরে ধীরে মানুষ এদের দলেই যোগ দিচ্ছে ! তাই মনে হয়, বর্তমান দুনিয়ার মানুষ অন্ততঃ একবার এই অরোভিলে ঘুরে যাক্ । মানব জীবনের প্রকৃত উদ্দেশ্য সম্পর্কে ওয়াকিবহাল হবার জন্য । এখানে এতটাই শান্ত পরিবেশ যে একটি পোকা ও প্রজাপতির আলাপচারিতাও বুঝি কানে আসে । এখানে নৈঃশব্দ্যও কথা বলে । আর রাতে , জোছনা গলি দিয়ে চলে যায়না , প্রতিটা ঘরে গিয়ে নীরবতা ভেঙে কথাকলি নৃত্য করে ।

অরোভিলের বনে, রাতের আঁধারে ঝিঁ ঝিঁ পোকার ডাক শুনে মনে হয় অরণ্যে ঘুঙুর বাজছে ।

--- ঝুম ঝুম ঝুম ঝুম , টিং টিং, টুং টুং টাং টাং । কখনো বা মাদলের শব্দ । গাছে গাছে মিতালী হয়েছে বেশ, তাই ডালপালার আওয়াজ !

আসলে এগুলি হল পবিত্র ধ্বনি । শুনলেও আত্মা শুদ্ধ হয় । মনের কালিমা ধুয়ে যায় ।

ওঙ্কার ধ্বনির মতন ।

আমরা তো সবাই আদতে কম্পন ও নাদ । বিজ্ঞানও তাই বলে । আমাদের স্থুল দেহও হল সেই কম্পন ও নাদের স্ফটিকাকার/কেলাসিত রূপ (ক্রিস্টালাইজড্ আকার) । সুতরাং যেখানে বড় বড় মুণি ঋষিগণ তপস্যা করে যান, সেখানকার কম্পন ও নাদের একটা বিশেষ গুরুত্ব থাকে যা সাধারণ মানুষ ও যোগীদের বা সাধকদের দেহের ও মনের গঠণকে পরিবর্তন করে শুদ্ধ করে থাকে । যেমন আগুনে হাতে দিলে হাতে পোড়েই । সে নাস্তিকই হোন আর আস্তিক । একই ঘটনা এখানেও হয় । আমরা বুঝি কিংবা না বুঝি ।

ঋষি অরবিন্দ ওরফে শ্রীকৃষ্ণ ও তাঁর সহচরী দা মাদারের সাধন ক্ষেত্র এই অরোভিল । ওনাদের

সৃষ্ট ; একান্নবর্তী এই পরিবার ও ছন্দশ্রী শোভনতার নামই অরোভিলে ।

অরোভিলের মাঝে আছে মাতৃমন্দির ।

সবসময় দেখা সম্ভব নয় । তবে শিরিন গিয়েছিলো এর অন্দরে । তখন মাতৃমন্দির তৈরি হচ্ছে । অনেক আগে । এই অঞ্চলকে শান্তির একটি নীড় বলা হয় । মন্দিরের আকার গোল একটি বলের মতন । স্টিলের তৈরি এই বিশালাকৃতি বলের গায়ে সোনার প্রলেপ দেওয়া ও ৪টি স্তম্ভের ওপরে দাঁড় করানো । আছে ৪টি-আধ্যাত্মিক থিম্ । দা মাদারের ; আমাদের এই জগতের সঙ্গে যা সম্বন্ধ অর্থাৎ চারখানি শক্তির মাধ্যমে যে উনি যুক্ত আমাদের সবার সাথে সেই সম্পর্কে ঐ স্তম্ভগুলির সূচণা করা হয় এসব কথিত আছে । অন্দরে আছে আরো একটি সুবিশাল কাঁচের/স্ফটিকের বল । আর এই মন্দির তৈরি হতে ৩৭ বছর লাগে । এই মাতৃমন্দিরের ভেতরে একটি ধ্যান গর্ভ আছে যাকে ইনার চেম্বার বলা হয় । এখানে আগে থেকে অনুমতি নিয়ে যেতে হয় কারণ এটা কোনো ভ্রমণের স্থান নয় । তপস্যার জায়গা ।

দা মাদারের চারটি স্তম্ভের গুরুত্ত্ব বোঝাতে ওনার চারটি বিশেষ রূপের কথা শ্রী অরবিন্দ আমাদের বলে গেছেন । তা হল, দা মাদার কখনও হলেন ,

মহেশ্বরী কখনো মহাকালী , কখনোবা মা মহালক্ষ্মী আবার কখনো সন্তানের জন্য মা হয়ে ওঠেন মহা স্বরসতী !

অর্থাৎ , দা মাদার হলেন জ্ঞান , শক্তি , শান্তির প্রতিমূর্তি আবার উনি যোদ্ধা ও জগতের রক্ষা করছেন অসৎ শক্তির হাত থেকে আবার কখনো উনি রূপের আধার , মিষ্টত্বের ধ্যান লহরী বয়ে চলেছে মায়ের জটা থেকেই , উনি এক অপরূপা দেবী , এক রহস্যময়ী আদ্যাশক্তি যার কোনো শুরু নেই শেষ ও নেই , উনি অমর ও অলীক । আবার দা মাদারই হলেন মহা স্বরসতী , সমস্ত বিদ্যার অধিকারিনী । আমাদের আলোর পথে চালনা করেন মা । আবার সন্তান জ্ঞানের পথে পা বাড়ানোর সাথে সাথে মায়ের কোমল আঁখি তাকে ঘিরে রাখে পরম মমতায় ; ঠিক তার আপন মায়ের মতন , এক নির্ভেজাল পবিত্র আঁচলে বেঁধে রাখে । এই সত্য নিয়েই এই চারটি স্থম্ভ চারদিকে ।

দক্ষিণী - মহেশ্বরী , উত্তরা - মহাকালী । পূর্বা - মহালক্ষ্মী , পশ্চিমা - মহাস্বরসতী ।

শ্রী অরবিন্দ কিন্তু আশ্রমের গঠন ইত্যাদির দায়িত্ব মাদারকে দিয়ে অবসর নেন । মাদার পরে নিপুন হস্তে সব গড়ে তোলেন । ওনাকে ঋষি, নিজের স্তরের সাধিকা বলেন ।

ওনারা ছিলেন টুইন ফ্লেম । অর্থাৎ একই আত্মা দুই দেহে । যেমন রাধা কৃষ্ণ , ইন্দ্র শচীদেবী , কৃষ্ণ অর্জুন (নর নারায়ণ) ব্রহ্মা সরস্বতী , যীশু মেরি ম্যাগডালিন, হর পার্বতী ইত্যাদি । **যদিচ মাদার, ওনাকে পিতা বলে সম্বোধন করতেন ।**

একই আত্মা, দুই দেহে থাকা সম্ভব । বিজ্ঞানও এটা দেখেছে । একে ফিজিক্সের ভাষায় বলে কোয়ান্টাম এন্ট্যাঙ্গেলমেন্ট ।

এই **টুইনফ্লেম** সম্পর্কগুলি সবসময় খুবই ইনটেন্স হয় ও সর্বদা রোমান্টিক হয়না ।

এগুলি মূলত অধ্যাত্মিক সম্পর্ক ও কারণে হয় ।

সাধারণ মানুষ এর টুইন ফ্লেম হয়না । এগুলি খুবই রেয়ার কেস্ যদিও আজকাল পশ্চিমে এই নিয়ে ব্যবসা শুরু হয়ে গেছে ।

যারা খুবই স্পিরিচুয়াল ও ইভলবড্ সোল তাদেরই একমাত্র সত্যিকারের টুইন সোল থাকে । এরা পৃথিবীতে জন্ম নেয় মানুষের ভালো করার জন্য । আর একটি আত্মাকে বিভাজিত করা হয় তখনই যখন একজন অধ্যাত্মিকভাবে অগ্রসর হয়ে অন্যজনকে এগিয়ে নিয়ে যেতে সক্ষম হয়, মোক্ষের পথে । অনেকে বলে আত্মাকে কাটা যায়না , ছেঁড়া যায়না

গীতায় লেখা আছে । তাহলে দুই দেহে একই আত্মা কীদৃশ ?

বিভাজন করার অর্থ তো আমাদের পার্থিব কাটাছেঁড়া নয় । ছুরি বা তরোয়াল দরকার হবে । এগুলি অন্যরকম ভাবে হয় । তবুও যদি এখানকার কথায় বলি তাহলে কাটা হয়ত যায়না কিন্তু রেপ্লিকা বা নকল বানানো যায় । অর্থ হল আমাদের বামদিকে দৈহিক হার্ট থাকে যা দেহে রক্ত সঞ্চালন করে থাকে আর স্পিরিচুয়াল হার্ট থাকে ডান দিকে । আর টুইন ফ্লেমের ক্ষেত্রে তাদের ডানদিকের হার্ট একই থাকে কেবল মনটা বিভাজিত হয়ে যায় , বা অহং -টা ভাগ হয়ে যায় । কিন্তু স্পিরিচুয়াল হার্ট একটাই থাকে তাই তারা একই মানুষ বা দেবতা বা বিং (Being) !!

ফ্রি- উইল বলে আদতে কিছু হয়না । মহাবিশ্ব সর্বদাই ব্যস্ত থাকে, প্রতিটি জীবকে ঠেলে পরাব্রহ্মের দিকে এগিয়ে নিয়ে যেতে । ফ্রি -উইল এর অর্থ আমরা মনে করি এই জীবনে যা করি তাই কিন্তু আমাদের দেহ রাখার পরে ঠিক সেইরকম জন্মই হয় যা আমাদের বিবর্তনের পথে সাহায্য করবে । যদি কেউ স্পিরিচুয়াল সাধনা করে থাকে তার এগিয়ে যেতে সুবিধে হবে আর যদি কেউ না করে তাকে মহাবিশ্বে

ঠেলে দেবে এমনভাবে যাতে সে আধ্যাত্মিক জীবনে এগিয়ে যেতে পারে ।

এই কথার অর্থ হল ; যে যেমন পর্যায় থাকে তার ক্ষেত্রে সেরকম ঘটনা ঘটে । অবশ্যই একজন ক্রিমিন্যাল আর একজন ভালোমানুষের ক্ষেত্রে একই রকম জিনিস হবেনা **।ওয়ান সাইজ ফিটস্ অল বলে কোনো কথা নেই স্পিরিচুয়ালিটিতে ।** যে যেমন কর্ম করবে তার ক্ষেত্রে সেরকম ঘটনা ঘটবে । **কিন্তু মহাজাগতিক জীবনে এমন জিনিস হবে যা চেতনাটিকে বিবর্তনের পথে এগিয়ে যেতে সাহায্য করবে ।**

জিনিসগুলো জটিল । এইভাবে বোঝা হয়ত সম্ভব নয় । কাজেই এইগুলো নিয়ে এখানে এত আলোচনা না করাই শ্রেয় । এই কারণেই ঋষি অরবিন্দ, **সুপ্রামেন্টাল যোগার** কথা বলেছেন যাতে সবাই এগিয়ে যেতে পারে বিবর্তনের পথে ।



অরোভিলে দেখে শিরিনের খুবই ভালোলেগেছে ।

ও স্থির করেছে অবসর নিয়ে এখানে এসে থাকবে । ও সাইকেল চালাতে জানে কাজেই ঘুরে বেড়াতে সক্ষম হবে । এখানে অনেক খাবার দোকান ও হস্ত শিল্পের দোকান আছে । সবই এদের সংস্থা ও সংস্কৃতির সাথে মিল রেখে তৈরি করা হয়েছে । যে কেউ নিজের কোনো সংস্থা শুরু করতে সক্ষম ।

এখানে স্বাস্থ্যকর খাবার মেলে কাফেগুলোতে ।

দক্ষিণী দেশের খানা ছাড়াও বিদেশী খানাও মেলে । শিরিনের ভালো লাগালো জবাফুলের সরবৎ ও লেমন গ্রাসের সরবৎ ।

মাতৃমন্দিরে শুনেছে ১০০র বেশি দেশ থেকে নাকি মাটি এনে রাখা হয়েছে । তাই বুঝি কতনা দেশ থেকে লোকজন এসে এখানে বাসা বাঁধছে । আর কেউ কারো সঙ্গে রেষারেষি করছে না । মিতালি করেছে সকলে । এমন কাউকে দেখলো না যে বুলিং করছে বা অকারণে বিবাদ করছে টিপিক্যাল ভারতীয় রাজনৈতিক দলীয় মানুষদের মতন ।

--আমাদের ফান্ডে চাঁদা দাও সব হয়ে যাবে ।

ভারতের সরকার ও বিদেশী অনুদানে চলে এই শহর আর ভক্তের দান ও নিজেদের শিল্প ও সংস্থা থেকেও আয় হয় । এদের বিদ্যুৎ, সূর্য থেকে উৎপাদন করা হয় । পরিচ্ছন্ন ও পরিপাটি করে সাজানো সব । নিঁখুত টাইমিং । ফ্রি -বাস আছে পন্ডিচেরি শহরে নিয়ে যাবার জন্য । **তবুও নিন্দুকের অভাব নেই । অনেকেই বলে এখানে ভারতীয়দের বেশি গুরুত্ব দেওয়া হয়না । পুরো ফ্রেঞ্চ কলোনি একটা !!**

শিরিনও কিছু শুনেছে কিন্তু ওর মনে হয় এটা আন্তর্জাতিক একটি কার্যালয় তাই হয়ত ফরাসী মানুষের সংখ্যা বেশি, আর মনে রাখতে হবে ঋষি অরবিন্দ যখন এখানে আসেন তখন এটি ছিলো পুরো ফরাসীদের দখলে এবং আমাদের আদরের **মা- দা মাদার , মীরা-আলফাসাও** ফরাসী দেশ থেকে

এসেছিলেন আগে । কিন্তু মনকে বলেছে যে ওর কাজ ঋষি অরবিন্দের শিক্ষাকে কাজেই লাগিয়ে বিবর্তনের দিকে এগিয়ে যাওয়া । নিন্দা, তর্ক , গালিগালাজ সবাই করতে পারে কিন্তু এই ছোট্ট জীবনে, বিবর্তনের দিকে এগিয়ে যেতে কজন পারে ? আর লোকে এও বলে আশেপাশের গ্রামে নাকি লোকাল গুন্ডারা করে থাকে খুন-জখম !

যেখানে মানুষ সেখানে এসব হবেই কারণ সবার মনের স্তর একরকম নয় আর সেসব ঠিক করতেই তো এখানে আসা !! **কলিযুগে বে-আইনি কাজ হবেই । আইনের কাজ করার জন্য পুলিশ আছে । সেই কাজ শিরিনের তো নয় ; তার কাজ অনুভূতি লিপিবদ্ধ করা ও ঋষির নির্দেশিত, শাশ্বত চেতনার পথে পাড়ি দেওয়া ।**

আগে এই লালপাহাড়ী, রাঙামাটির এলাকা ঘন বনে ঢাকা ছিলো কিন্তু অতিরিক্ত ব্যবহারে ন্যাড়া হয়ে পড়ে । অরোভিলের বাসিন্দাগণই একে আবার সবুজ অরণ্যে পরিবর্তন করেন ও পরিবেশের উপকার করেন । অরণ্যায়ন , বনানীর লহরী তোলা । পুরো একটি শুষ্ক , অনুর্বর এলাকাকে সবুজ করে তোলাও সহজ নয় ।

বিশাল এই এলাকা, আবার নিঃশ্বাস নিতে সক্ষম হয় তাদের এই কঠিন আত্মত্যাগ ও কর্ম নিষ্ঠার জন্য ।কিন্তু এই জগতে কোনো কিছুই নিঁখুত নয় । কেউ

পার্ফেক্ট নয় সবাই জানে তাই অরোভিলের নিজস্ব সমস্যা আছে । তাই বলে চালনি যখন ছুঁচের ছিদ্র সন্ধান করতে শুরু করে-শিরিনের ভালোলাগে না ।

অরোভিলে, কোনো স্বপ্নরাজ্য নাকি পরীদের দেশ সেটা বড় কথা নয় যেটা সত্য ও সবসময়ই সত্য থাকবে তা হল এক বিদেশিনী একা হাতে এই বিশাল কর্মকান্ড তৈরি করে গেছেন এবং আজও তা আমাদের সেইদিকে আকর্ষিত করছে ।

আমরা শান্তির আশায় সেখানে ছুটে যাচ্ছি ।

বিরাট একটি অনুর্বর এলাকা ; সবুজ হয়েছে এই কারণে যা সবসময়ই কাম্য । সেখান থেকে কেবল মানুষই নয় , পশুপাখি ও গাছপালাও সমৃদ্ধ হচ্ছে ও কার্বন ট্যাক্সের ব্যাপারে সাহায্য করছে ।

আর তিননম্বর কারণ হল-- পিছিয়ে পড়া জাতি, পশ্চিমবঙ্গের বাঙালী আজও আন্তর্জাতিক ভাবে যা যা নিয়ে গর্বিত হতে পারে তার মধ্যে একটি হল এই অরোভিলে আর অন্যটি হল ইস্কন ।

সমালোচনা হবেই কিন্তু তার মধ্যে দিয়েই এগিয়ে নিয়ে যেতে হবে কর্মকান্ড । কারণ ঐ যে বলা হল কেউই পার্ফেক্ট নয় । আর তার জন্যই বিবর্তন । আর বিবর্তনের জন্যই জন্ম অরোভিলের !!

সোজা ভাষায় লিখলে , লেখা চলে যে পরিস্থিতি কিংবা সমস্যাকে সবচেয়ে দক্ষভাবে সামলে চলার নামই সভ্যতা ।

কাজেই মদের গেলাস নিয়ে পা নাচাতে নাচাতে আন্তর্জালে বসে টুইটার হ্যান্ডেলে কুৎসা রটানোর আগে নিজেকে প্রশ্ন করুন , আমি কি কি করেছি মানব জাতির জন্য ! আর আমি কি আদৌ অরোভিলে গিয়েছি নাকি লোকের মুখে শুনে !

আচ্ছা , যেতে তো পারিই কিন্তু কেন যাবো !!

আমার ইগো কি আমায় যেতে দেবে ???

এখানে উল্লেখ করা যেতে পারে যে হিন্দু পুরাণে দুটি গল্পের কথা নাকি লেখা আছে । শিরিন শুনেছে । একটি নিয়ে শ্রী অরবিন্দ তো কাব্য রচনা করেছেন , **সাবিত্রী নামটি তার** ; আর অন্যটি হল **মনসামঙ্গল ও শিবপুরাণের বেহুলা-লখিন্দরের কাহিনী ।**

এই দুই সতী , বেহুলা ও সাবিত্রী ; যমরাজার হাত থেকে তাঁদের স্বামীদের ফিরিয়ে এনেছিলেন । অর্থাৎ তাঁদের পতিদের মৃত্যু হয় প্রকৃতির নিয়মে কিন্তু এই

অসীম পতিব্রতা পত্নীগণ নিজেদের একাগ্রতা ও নিষ্ঠা এবং তপস্যা দিয়ে স্বয়ং যমের মুখ থেকে নিজেদের স্বামীকে ফিরিয়ে আনেন এবং আমাদের পার্থিব নিয়ম ভঙ্গ করে- মানব সন্তান , তাঁদের জীবনসঙ্গীরা জীবিত হয়ে ওঠেন ।

শিরিন জানেনা এগুলি কাহিনী না ইতিহাস তবে যাইহোক্ না কেন ঘটনার মূল দর্শন শিক্ষণীয় আর সেটা আজকের যুগে কেন প্রতিটা যুগেই লক্ষণীয় । বিশেষ করে আধুনিক নামক অত্যাধুনিক যুগে মানুষের জীবনে যেই অবক্ষয় শুরু হয়েছে , স্বার্থপরতা ও যৌনপিপাসা মেটাবার নামে একের পর এক সঙ্গী নির্বাচন ও কখনো কখনো বা নিজেরই জীবনসাথীকে হত্যা করে ধনসম্পদ ও জীবন বিমার অর্থ দাবী করা ইত্যাদি সেই সময় এই ঘটনা মানুষকে একটা দিশা দেখায় । হয়ত অনেকেই অবিশ্বাসীর হাসি হেসে নস্যাৎ করে দেবে এগুলিকে অলৌকিক ও অপার্থিব বস্তু বলে । ব্যাঙ্গ করে বলবে যে এগুলি হল অবাস্তব জিনিস কিন্তু নিজেরই স্বামীকে খুন করে জীবনবিমা দাবী করা কিংবা একের পর এক সঙ্গিনী বদল করা কেবল যৌনজীবন কড়কড়ে রাখার জন্য সেটাও কি স্বাভাবিক কোনো বস্তু ? অথবা যৌনতায় নতুনত্ব আনতে শিশুকে শোষণ করা , এটা ? এই নিয়ে বিরাট ব্যবসা ফেঁদে ফেলা, শহরের তথাকথিত অভিজাত সমাজের মধ্যে ?

এইজন্য কি আমরা মানুষ হয়েছি ? নাকি আমাদের জীবনের লক্ষ্য হওয়া উচিৎ আত্মিক উত্তরণ ?

সামাজিক উন্নতি ? গোষ্ঠিবদ্ধ ভাবে অগ্রসর হওয়া বিবর্তনের পথে যা মহাজগৎ চায় ?

আগে দেহপসারিণীদের মানুষ ঘৃণার চোখে দেখতো । আজকাল সিনেমার পর্দায় অভিনয়ের দোহাই দিয়ে **নীলছবির নায়িকার** মতন ঘোর আপত্তিজনক জিনিস দেখানো হচ্ছে অথচ সেইসব তথাকথিত অভিনয় কর্মীদের (আমি অভিনেতা/নেত্রী বলছি না তাদের) কেউ বেশ্যা বললে তারা ক্ষেপে উঠছে । আইনের সাহায্য নিচ্ছে । অথচ যে সমাজের নিষ্ঠুরতার বলি হয়ে আজ বাজারে নিজের ইজ্জৎ বিক্রি করতে বাধ্য হচ্ছে তার গায়ে পাপিষ্ঠা লেবেল অতি অনায়াসেই আমরা লাগিয়ে দিচ্ছি কারণ তার হয়ে বলার কেউ নেই । আমাদের সামগ্রিকভাবে চিন্তা করে কাজ করতে হবে । তাই শিরিনের মনে হয় এই ঘটনা- কাহিনি কিংবা ইতিহাস যাইহোক্ না কেন (পুরাণও একটা সময় ইতিহাসই ছিলো , সেটা সময়ের ওপরে নির্ভরশীল) আজও মানব সমাজের কাছে যথেষ্ট আবেদন রাখে ।

মানুষ এক সঙ্ঘবদ্ধ ও গোষ্ঠিবদ্ধ জাতি বা জীব , এরা একা থাকতে সক্ষম নয় । তাই সমগ্র মানবজাতির জন্য যা সুস্থভাবে কাজে লাগানো যেতে পারে তাই

আমাদের নিয়ে আসতে হবে বৃহত্তর স্বার্থে ; এই ধরায় ।

নারীরা পুতুল নয় ।

নারীরা ভোগ্য বস্তু নয়, পণ্য নয় । নারীদের দেহ ও রূপ ব্যাতীতও সমাজকে আরো অনেক কিছু দেবার আছে । নারীর শক্তি ও একনিষ্ঠতার পরিচয় দেয় এই গল্পগুলি । একজন রমণী হল ধাত্রী ও করুণার আধার । তার ওপরে বিশ্বাস করে ও তারই মমতায় সিক্ত হয়ে অজস্র মানুষ বেঁচে থাকে এই জগতে ; কাজেই সাবিত্রী ও বেহুলার হৃদয়ের বিশালত্ব, ধৈর্য্য ও ভক্তি এবং অসীম মমতার কথা জেনে যদি অল্প কিছু মেয়েও নিজেকে পরিবর্তন করে বা চায় তা করুক না !

দেখুক বিউটি কুইনগণ অথবা অন্যধরণের নানান ট্যাগ দেওয়া আধুনিক স্বার্থপর ও হিংস্র নারীর বাইরেও অনেক মেয়ে আছেন যারা আমাদের আদর্শ হতে পারেন । তার জন্য হাতা খুন্তি ধরতে হবে তাও না অর্থাৎ বন্দিনী হয়ে থাকতে হবে তাও না মনে মনে সাবিত্রী ও বেহুলার মতন শক্তিময়ী তারা হতেই পারে । শিরিনের এখানে একটা কথা মনে হয় তবে কাউকে বলেনি কোনোদিন কারণ লোকে ওকে ক্রেজি মনে করতে পারে । সেটা হল একজন নারী সুন্দর হয়

অন্তরের সৌন্দর্য্য দিয়ে যা এইসব বিউটি কন্টেস্টে দেখানো হয় অথচ এইসব প্রতিযোগিতাতেই আবার নারীকে অর্ধনগ্ন করে দেখানো হয় । অথচ ভারতের সেই রাণী পদ্মাবতী যাকে কেউ কোনোদিন দেখেনি , তিনি এতই রূপবতী ছিলেন যে আজও তাঁর রূপের চর্চা হয় । কাজেই কাউকে রূপের মাপকাঠিতে মাপতে হলে সম্পূর্ণ অচেনা একগুচ্ছ এবং পরবর্ত্তীতে সারাদুনিয়ার মানুষের সামনে অর্ধনগ্ন হতে হবে কেন ? সুইম-স্যুট পরে ; দৈহিক মাপজোক দিতে হবে কেন ? এসব দেখার জন্য তো বাসায় স্বামী আছে ! উপপতিও থাকতে পারে ।

অনেকে বলতে পারেন যে আর্টিস্টরা তো নারীদেহের চিত্র আঁকেন । সৌন্দর্য্য নিয়ে কাজ করেন ভাস্কররা । তা করেন কিন্তু শিরিনের বক্তব্য হল তারা বিশেষ গোষ্ঠির মানুষ, **অ্যান্ড গড্ ক্রিয়েটেড ওম্যান** এই দর্শন নিয়ে চর্চা করেন । কিন্তু আমরা একটা গড়পরতা সমাজ করে বাস করি । সঙ্ঘবদ্ধ ভাবে থাকি । সেখানে সবরকম লোক আছে । সবাইকে বদলানো সম্ভব নয় । আর সমাজে একটি বন্ধন থাকে নাহলে যারা অসৎ মানুষ তারা মনে করে যে বাঁধন খুলে গেছে এবং অত্যাচারের মাত্রা বাড়িয়ে দেয় । **তাই পুরো দুনিয়াকে চামড়া দিয়ে ঢেকে ফেলার চেয়ে নিজে জুতো পরে নেওয়াই ভালো ।**

++++++++++++++++++++++++++++

বেহুলা ও লখিন্দরের গল্পে মূল দেবী হলেন মনসা । উনি সর্পের দেবী । তাঁকে পুজো দিতে রাজি হননা লখিন্দরের পিতা ব্যবসাদার চাঁদ সওদাগর । তাই মনসা দেবী , লখিন্দরের প্রাণ হরণ করেন । অবশেষে তাঁর পিতা পুজো দিলে মনসা প্রাণ ভিক্ষা দেন কিন্তু এর মধ্যে বেহুলার ভক্তিও একটি বিরাট ভূমিকা নেয় । এখানে মনসাদেবী ; অনেকটা আধুনিক ফেমিনিস্টদের মতন, পুরুষ বণিক ও অহঙ্কারী সওদাগর চাঁদের কাছ থেকে পুজো আদায় করেই ছাড়েন ।

শোনা যায় লোকগাঁথায় যে মনসা দেবীকে চাঁদ বণিক , **চ্যাং-মুড়ি কানি** বলেও গালি দিয়েছিলেন কারণ মনসা দেবীর একটা নয়নে দৃষ্টি ছিলো না ।

পন্ডিতগণ, মনসাকে আদিবাসী দেবী বলেও বর্ণনা করে থাকেন । অনেকে ওনাকে শিবের কন্যা বলেও বর্ণনা দিয়ে থাকেন ।

পুরাণে তাঁর কথা বলা আছে আর সেখানে কাশ্যপ মুণি তাঁর পিতা অথচ মঙ্গলকাব্যতে বলা হয় তাঁর পিতা শিবঠাকুর । এগুলি নিয়ে দ্বিমত হলেও মনসা একজন দেবী বলেই স্বীকৃত হন ।

মনসা দেবী (আন্তর্জাল)

মুসলিম কন্যা শিরিন ওনাকে ফেমিনিস্ট দেবী বলে মনে করে ।

সাবিত্রী কাব্যগ্রন্থ ::

শ্রী অরবিন্দ, সাবিত্রী কাব্য গ্রন্থ একদিনে লেখেন নি । সারাটা জীবন ধরেই লিখেছিলেন বলে শোনা যায় ।২৪০০০ লাইনের, ব্ল্যাঙ্ক ভার্সে লেখা এই পুস্তক সাবিত্রী ও সত্যবানের পুরাণ কাহিনীর ওপরে ভিত্তি করে লেখা । এই কাব্যের মাধ্যমে উনি যেমন ধার্মিক ব্যাপার নিয়ে লিখে আমাদের বুঝিয়েছেন সেরকম সাবিত্রী ও তাঁর পিতা মদ্ররাজ অশ্বপতির অধ্যাত্মিক বিবর্তনের সম্পর্কেও লেখেন । ১৯১৬ সনে এই বইয়ের প্রথম খসড়া লেখেন । ১৯৩০ সাল নাগাদ উনি এই পুস্তককে অনেক বড় একটি বইতে রূপান্তর করার কথা ভাবেন ও মহাকাব্য রূপে তার রূপ দান করতে শুরু করেন ।তাঁর জীবনের শেষদিন অবধি শিরিনের বাবা অর্থাৎ ঋষি অরবিন্দ এই মহাকাব্য নিয়ে লেখালেখি করে গেছেন । তাকে নিঁখুত একটি অবয়ব দিতে ।অরূপকে রূপে ধরতে ।প্রাণ দিতে, তার সন্তানের ।

ঋষি অরবিন্দের মৃত্যুর পরে প্রতিটি লেখাকে এক জায়গায় করে একটি খন্ডে প্রকাশ করা হয় । এই বই সম্পর্কে বিশদ আলোচনা করেন ওনার চিকিৎসক ও ভক্ত ডা: নিরোদ বরণ ।এই বইতে ঋষি অরবিন্দ কেবল সাবিত্রী ও সত্যবানের ঐশ্বরিক প্রেম কাহিনী ও

যমের মুখ থেকে ফিরিয়ে আনাকে তুলে ধরেননি । উনি বেদব্যাসের থেকে কিঞ্চিৎ ভিন্নভাবে এই বই রচনা করেন । রাজা অশ্বপতি , রাজনন্দিনী সাবিত্রী ও সত্যবানের জীবনকে কেন্দ্র করে যে উচ্চস্তরের আধ্যাত্মিক ঘটনা ঘটে ও অলৌকিক স্ফুলিঙ্গের বিচ্ছুরণ হয় তাকে উনি তুলে ধরেন ও নিজের জীবনের স্পিরিচুয়াল পরিবর্তনের সাথে মিলিয়ে একটি ভিন্নস্তরের কাব্য সৃষ্টি করেন যা মিথকথন মোড়া ও রূপকধর্মী হিসেবে নতুনত্বর দিকে পা বাড়ায় । বেদব্যাসের মতন উনি কেবল সাবিত্রীকে একজন রূপবতী রাজকন্যে হিসেবে দেখাননি , বরং সৃষ্টির আদি ও প্রলয়ের মাঝে যে প্রকৃতির বিন্যাস তারই নারীরূপ সাবিত্রী, সেইভাবেই তুলে ধরেছেন । এই পুস্তক কোনো সাধারণ বই নয় ; এটি কৃত্তিবাস ওঝার রামায়ণ কিংবা কাশীরাম দাসের মহাভারতের মতন গভীর অধ্যাত্মিক জ্ঞানের ভান্ডার যার স্তরে স্তরে রয়েছে বিবিধ রতন ও ধ্যানলিঙ্গের পরশ যা পড়লে মনে হবে মানুষ যেন অতি সহজেই মৌনতায় প্রবেশ করছে ও নিজের শুদ্ধ চেতনার স্পর্শ পেয়ে আবার ফিরে যাচ্ছে পরম সত্যের দিকে ।

সত্যবানের অর্থ এমন একজন যিনি সত্যের বাহক । কাজেই সত্য কী ? এই সত্য হল ঐশ্বরিক ।

যোগীরাজ অরবিন্দ বিশ্বাস করতেন যে বেদব্যাস রচিত মহাকাব্যের ভেতরেও নির্ঘাত অধ্যাত্মিক ভাবধারার পরশ ছিলো যা কালের স্পর্শে মলিন হয়ে গেছে। উনি সেই দিকটাই সুগ্রন্থিত করেছিলেন।

এখানে দেশ বলতে ঋষিরাজ অরবিন্দ বুঝিয়েছেন স্বর্গ বা সুক্ষ্ম কোনো লোক যা ঈশ্বর দ্বারা চালিত আর পার্থিব জগৎ হল আঁধারে ঘেরা এক লোক।

দেশান্তরিত রাজকুমার বা যুবরাজের অর্থ হল মর্ত্যলোকে পাড়ি জমানো কোনো দেবতা যাঁর এবার তপস্যা করে মোক্ষ পথে ধাবিত হতে হবে। নরেশ অশ্বপতিকে উনি বলেছেন অধ্যাত্মিক শক্তির নরেশ। আর সাবিত্রী, তাঁর পিতা ও যুবরাজ সত্যবান ইত্যাদির এই পৃথিবীতে আগমণের ব্যাপারটিকে উনি বলেছেন এক প্রকার আলো হতে বিচ্যুতি বা অন্ধত্ব অর্থাৎ দেবলোক থেকে ভূলোকে এসে সব ভুলে যাওয়া অর্থাৎ উল্টোপথে বিবর্তন।

সাবিত্রী বইটি বিশেষ ছন্দে রচিত। মনন ও চিন্তনের অতীত বলে মনে হয়। কারণ এই কাব্যগ্রন্থ যেন এক অবর্ণনীয় সুমিষ্ট মন্ত্রের সমষ্টি। পবিত্র বারিতে পা ডুবিয়ে হেঁটে চলা কোনো অদেখা তপোলোকে !

এই বই লিখেছেন এই মহাযোগী একদিনে নয় , সারাটা জীবনে । তপস্যার ফসল হিসেবে ।

ঈশ্বরের নির্দেশে । ঋষিরাঙা হয়ে । তাই সত্যবান যেমন ছিলেন অমর , স্বর্ণকলসের অমৃত পান করে সেরকম এই কৃষ্ণধূন জাতকের রচিত সাবিত্রীও হল অবিনশ্বর ; আর হবে নাই বা কেন দা মাদার , মীরা আলফাসা স্বয়ং বলেছেন যে এই মহাকাব্য হল এক সত্য যাকে বলা চলে আগামীদিনের সত্য ! এবং এই কাব্যগ্রন্থ এতই জীবন্ত ও প্রখর-রুদ্র যে ইন্টিগ্রাল যোগা পথের পথিকদের আত্মার ওপরে এই বই একটি সংঘাতের সৃষ্টি করতে পারে । যা যোগীদের হিলিং এর দিকে নিয়ে যেতে সক্ষম । অর্থাৎ সেই জ্যোতি ; যার স্পর্শ পেলে আর কিছুই ভালোলাগেনা । হিলিং , হিলিং আর হিলিং । এই হিলিং এর সর্বশেষ ধাপই হল মোক্ষ ।

নীলগ্রীবা , সদাশিব, ত্র্যম্বক , কৃত্তিবাস সেই মহাশক্তি যার দিকে ধাবমান সমস্ত যোগীগণ আবহমানকাল ধরে শান্তি চাইছেন- অথচ কৃপাসিন্ধু হলেও তাঁর কৃপা লাভ করতে সক্ষম খুবই মুষ্টিমেয় কয়েকজন । তাই সাবিত্রী যদি অর্থ বুঝে , ভক্তিভরে পাঠ করা যায় তবে তার শক্তি ও স্পিরিচুয়াল ব্যাখ্যা যোগীদের খুব অল্প সময়ের মধ্যেই তরী পার করাতে সক্ষম । সাধারণ

বিবর্তনের সোপান ধরে গেলে যা করতে কোটি কোটি জন্ম লেগে যেতে পারে । এতই শক্তিশালী এই পুস্তক ।





ঋষি অরবিন্দ

শিরিনের বাবা একটি কম্পিউটারের দোকান খুলেছিলেন যেখানে এসব বিক্রি করা হতো । তার নাম উনি দেন **অরো-বাইট** । তার গুরুর নামে ।

আবার ওরই নিজের কাকা ; দ্বার পরিগ্রহ করেননি । মুসলিম একজন যুবক হলেও আর ইরানে চার চারটি বৌ একই সাথে রাখা চলে তবুও উনি পন্ডিচেরি আসেন দাদার ভক্তি দেখে । এসে উনিও শ্রী অরবিন্দের যোগের সম্পর্কে জেনে এতই উৎসাহিত হন যে নামাজ পড়া ছেড়ে একজন যোগী হয়ে যান । উনি অর্থনীতি নিয়ে পড়েছিলেন । পরে বিদেশে মানে ফ্রান্সে থিতু হন এবং একটি কলেজে পড়াতে শুরু করেন । ফাঁকে ফাঁকে দা মাদার এবং ঋষি অরবিন্দের যোগ সাধনায় আত্মনিবেশ করেন ও তাতেই জীবন উৎসর্গ করেন ।

কেউ প্রশ্ন করলে বলেন , অনেক জন্ম তো অনেক ভাবেই কাটালাম , বিয়েশাদি করলাম , শেঁয়াল-বেড়ালের মতন বাচ্চা প্যায়দা করলাম , জগৎ এর মদ ও মাংসে ডুবলাম । এই জন্মটা আল্লাহ্ বা ঋষি অরবিন্দকেই না হয় দিলাম !

তার এই অধ্যাপক কাকার কাছেই শুনেছিলো শিরিন যে **শ্রী অরবিন্দ দু- দুবার নোবেল প্রাইজের জন্য মনোনীত হন । একবার সাহিত্যে ও অন্যবার শান্তিতে । তবে সেইসময় অত সহজে ভারতীয়রা এসব প্রাইজ**

পেতেন না । তাই হয়ত যোগীবর পাননি । কিন্তু তিনি ছিলেন বিশাল প্রতিভাধর ।

আর তাছাড়াও তিনি একজন রেবেল ছিলেন । হয়ত তাই দেওয়া হয়নি । অনেক সময় বিপ্লবীদের সমকালীন নানান সরকার ত্যাগ করেন ; রাজনৈতিক নানান কারণে । বিতর্ক এড়াতে । তবে তাতে ওনার মেধা ও কাজের ব্যাপ্তিতে কোনো ফিকে ভাব আসেনি । তাঁর কাজের ব্যাপ্তি ছিলো সুবিশাল ।

এবং চিন্তার স্রোত অত্যাধুনিক ।

হয়ত সমকালীন মানুষ বুঝতেও পারেনি ।

শ্রী অরবিন্দ ছিলেন সুশিক্ষিত একজন ঋষি, কাজেই তাঁর জীবনী লক্ষ্য করলে দেখা যায় যে সেখানে দৈব ও ভাগবতের পাশাপাশি ইন্টেলেজেন্সিয়ার ছাপও সুস্পষ্ট। এগুলি বারেবারে দেখা যায় । বিদেশে শিক্ষিত ও বহু প্রাইজ পাওয়া এবং ভালো ছাত্র হবার সুবাদে নানান বিষয়ে পারদর্শিতা থাকায় তার জ্ঞানের ভান্ডার ছিলো সুগভীর । তিনি বরোদায় শিক্ষকতাও করেন ও সেখানকার রাজার বিশেষ স্নেহভাজন ছিলেন । উনি সংস্কৃত , ফরাসী , ল্যাটিন, গ্রীক ,ইংলিশ ইত্যাদি ভাষায় পারঙ্গম ছিলেন । পূর্ব ও পাশ্চাত্যের শিক্ষার পুরোটা রসই উনি শুষে নিতে পেরেছিলেন । উনি মনে

করতেন যে ভারতের স্বাধীনতার মূল উদ্দেশ্য হল এই মাটির আধ্যাত্মিক রস সম্পর্কে মানুষকে অবহিত করা ও তাকে ধরে রাখা । ঋষির রচিত বেদ, উপনিষদ , মহাভারত, রামায়ণ ও গীতার ওপরে রচনাগুলিই এর প্রমাণ । উনি বলে গেছেন যে আগামীদিনে ভারত আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন নেবে এবং সেটা কেবল জড় জগতের বস্তুবাদ ইত্যাদির কারণে নয় সমগ্র জাতির আধ্যাত্মিক উন্নতির ক্ষেত্রেও । **মনুষ্য জীবনের লক্ষ্য ছিলো পরমাআর সাথে মিলন কিন্তু বর্তমান সমাজ তা থেকে বহুদূরে চলে যাচ্ছে যাকে বিদেশের ভাষায় বলা হয়ে থাকে অ্যান্টাই ক্রাইস্ট সোসাইটি । ক্রাইস্ট কিন্তু যীশু খ্রীস্ট নন , ক্রাইস্ট একটি কনশাস্‌নেসকে বলে যাকে আমরা বলি পরম ব্রহ্ম । জৈনগণ বলেন অরিহন্ত আর বৌদ্ধরা বলেন দা বুদ্ধা ।**

কিন্তু ভারতের স্পিরিচুয়ালিটি আবার অগ্রদূত হয়ে সমগ্র মানবজাতিকে এগিয়ে নিয়ে যাবে সেই সর্বোচ্চ সোপানের দিকে যার অন্য নাম ওভারসোল বা পরম আত্মা । তারই দিকে ফিরে যাওয়া আমাদের সবার লক্ষ্য । সেই কারণেই বারে বারে ফিরে আসা এই জগতে । ইচ্ছে অথবা অনিচ্ছেতেই হোক্ না কেন ।

তাঁর সৃষ্ট যোগের নাম ইন্টিগ্রাল যোগা ।

এই যোগের মাধ্যমে মানুষের এমন বিবর্তন হওয়া সম্ভব যাতে আমরা-আধুনিক যুগে যা যা সমস্যার মুখোমুখি হচ্ছি তা জাতিগতভাবে সমাধান করতে সক্ষম হব । কারণ জগৎজুড়ে যা চলেছে তা আমাদের মননের পক্ষে বড্ড বেশি ধারালো কিংবা ভারী হয়ে যাচ্ছে । আমাদের নিজেদেরকে বদলে নিতে হবে । সেটা তো মনোবিজ্ঞানীরাও বলেন যে এত যে মানসিক ব্যাধি তার অনেকটা কারণ এই যে আধুনিক যুগের এত তথ্য ও তত্ত্বগুলি আমাদের মগজ নিতে সক্ষম হচ্ছে না , প্রসেস করতে পারছে না তাই অনেকেই মানসিক রুগীতে পরিণত হচ্ছেন । সাবিত্রী পঠন পাঠন ও ধ্যানের মাধ্যমে , ইন্টিগ্রাল যোগার মাধ্যমে হয়ত আমরা অনেক তাড়াতাড়ি নিজেদের সত্ত্বাকে শানিয়ে নিতে সক্ষম হবো বিবর্তনের পথে । এই কথা বহু বহু যুগ আগে ঋষি অরবিন্দ বলে গিয়েছেন । আজ আমরা ঘরে ঘরে উন্মাদ দেখছি । আমাদেরই ভাই ও বোন অথবা নিজেরাই অ্যান্টাই অবসাদের ওষুধ খেয়ে কাজে যাচ্ছি কারণ কাজ না করলে সংসার চলবে না এমন অবস্থায় এসে গেছে সমাজ আজ ।ভারত মুণি-ঋষিদের দেশ । এখানে পথের কোণায় কোণায় মন্দির ও ঘরে ঘরে যোগা ও ধ্যানের ভান্ডার কিন্তু এই মণিষী আমাদের অন্যজাতের এক যোগ সাধনার সন্ধান দিয়েছেন যার নাম এই ইন্টিগ্রাল যোগা বা সুপ্রামেন্টাল যোগা । অর্থাৎ

উনি এমন এক যোগ সাধনার কথা বলেছেন যা কিনা বলে যে আমরা তো পরমাত্মার থেকে আলাদা হয়ে আসি কিন্তু কেন ? সমস্ত যোগসাধনা আমাদের শেখায় যোগের দিকে যেতে আর পরম ব্রহ্মের সাথে মিশে যেতে । অর্থাৎ যুক্ত হয়ে যেতে । কিন্তু শ্রী অরবিন্দ যাকে শিরিন বাবা বলে সম্বোধন করে থাকে এবং বহুবার তাঁর সাথে ওর কথা হয়েছে ও দেখা হয়েছে ওনার সুক্ষ্ম দেহে সেই ঋষি ওকে বলেন যে এই যোগকে উল্টোদিক থেকে দেখো । কেন আমরা বিয়োজিত হয়েছি ? সেটা ভাবো । ইভোলিউশান তো হয় কিন্তু কেন আমরা আমাদের দৈব স্বভাব থেকে বিযুক্ত হয়ে পড়েছি ? এই সুপ্রামেন্টাল যোগের সাহায্যে মানব জাতি আবার তার বিবর্তনের মাধ্যমে দৈবভাব খুঁজে পাবে ও পৃথিবীতে ভারসাম্য ফিরে আসবে । এই জন্য তিনি সুপার মাইন্ডের কথা ব্যক্ত করেছেন । এই সুপার মাইন্ডের স্পর্শ পেলে মানুষ সহজেই দানবীয় কাজ করা থেকে বিরত থাকবে ও ঐশ্বরিক হয়ে উঠবে । বর্তমানে নিজেদের স্বার্থসিদ্ধির কারণে বহু মানুষ-দানব, দৈত্য , পিশাচ ও অন্যান্য নিম্নস্তরের চেতনাদের আহবান করে এনে নিজেদের শখ মেটাচ্ছে ও তাতে সমগ্র মানবজাতির ক্ষতি হয়ে যাচ্ছে , মনের সুক্ষ্ম স্তরে পরিবর্তন হয়ে যাচ্ছে । **একে তন্ত্রের ভাষায় বলে , বিকৃত তন্ত্র ।** আবার মানুষের ক্ষেত্রে সাধারণতঃ

বিবর্তন খুব দীর্ঘ পদ্ধতি ও সময় সাপেক্ষ কিন্তু ইন্টিগ্রাল যোগার মাধ্যমে মানুষ থেকে দৈবিক খুবই কম সময়ে হয়ে ওঠা সম্ভব । ঋষি অরবিন্দের এই পদ্ধতি, পরীক্ষিত ও দৈব নির্দেশিত সমগ্র মানব সমাজের জন্য ।

সুপার মাইন্ডের পরশে খুবই কম সময়ে যোগীরা বিবর্তনের সিঁড়ি বেয়ে উঠে যেতে সক্ষম হবেন পরাব্রহ্মের নিকটে ।

এই সুপ্রামেন্টাল যোগা এই ধরিত্রীকে কেবল সুন্দরই করবে না, স্থায়ী শান্তি আনবে । বর্তমান রাজনৈতিক অস্থিরতা ও ধর্ম ও জাতি নিয়ে হানাহানি ও কাটাকাটি , অশ্লীলতা , নারীদের নির্যাতন এমনকি শিশু ধর্ষণের মতন ক্রুরতা ইত্যাদির সমাপ্তি ঘটবে এই যোগা শিখে যদি সকলে দৈনন্দিন জীবনে পরিবর্তন আনে ।

আধুনিক যুগে সবচেয়ে প্রয়োজন যৌন সংহারের । - কচি কচি শিশু, গৃহপালিত পশু ,গৃহহীন ভিখারিনী ,বৃদ্ধাবাসের বৃদ্ধা ও হাসপাতালের রুগী কাউকেই আমরা বাদ দিচ্ছিনা বিকৃত যৌন অত্যাচার থেকে ।

তার মানে কি দাঁড়ালো ? আমাদের মন অত্যন্ত চঞ্চল হয়ে গেছে। বাঁদরের মতন। আমাদের শান্ত হতে হবে। আর এই যোগা মনকে শান্ত করবে , উন্নত করবে ও আমাদের প্রকৃত রূপ যা অর্থাৎ ঐশ্বরিক রূপ তা প্রস্ফুটিত করবে। তার চেয়েও বড় কথা শিরিনের যা মনে হয় যে ঋষি অরবিন্দ বুঝতে পেরেছিলেন ; এমনদিনও আসবে যে কেবল মেয়েমানুষ নয় শিশুরা /পশুরা/রুগীরাও জঘন্য লোভ থেকে বাঁচবে না তাই উনি হিমালয়ের গুহায় বসে নয়, বাস্তববাদী একটি সমাধান দিয়ে গেছেন যাতে আমাদের আধ্যাত্মিক উন্নতি হয় এবং বিবর্তনের পথে আমরা এগিয়ে গিয়ে সুস্থভাবে বাঁচতে পারি। তাই এই সুপ্রামেন্টাল যোগা করার জন্য বনেজঙ্গলেও যাবার দরকার নেই। নেই কোনো গুরুবাদের ঈশারা!

-কানের মধ্যে ফিস্‌ফিস্‌, বছর বছর আমায় দিস্‌ ইত্যাদি !!

ধ্যান করো ও এগিয়ে চলো নিজের পথে।

শোনা যায় ঋষি দেহত্যাগ করার পরেও ওনার দেহ অবিকৃত ছিলো অনেকদিন পর্যন্ত। অপরূপ এক জ্যোতি ছিলো ওনার দেহের চারপাশে।

যোগীরা এমন করতে পারেন । ওনার দেহ থেকে এমন তরল বার হয়েছিলো যা থেকে সুগন্ধ বেরিয়েছিলো অথচ মেডিক্যাল অনুসারে হত উল্টো ; তাঁর অসুখ যা হয়েছিলো তাতে।

যোগীরা নিজেদের ইচ্ছেই মৃত্যুবরণ করতে পারেন । একটা সময় শ্রী অরবিন্দকে সমাধিস্থ করা হয় নিয়ম মতন কিন্তু অনেকের বিশ্বাস যে আজও কবর খুঁড়লে দেখা যাবে যে উনি সেই আগের মতনই শুয়ে আছেন কফিনের মধ্যে ! দেহ একটুও বিকৃত হয়নি ।

ঋষি অরবিন্দ ছিলেন স্বাধীনতা সংগ্রামী আবার শ্রী কৃষ্ণ । অর্থাৎ হিন্দুদের লড়াকু ভগবান । ওয়ারিয়র গড যাকে বলে । তাই উনি জেলেও ছিলেন । জেলে থাকাকালীন উনি কৃষ্ণের দর্শন পান । পরে উনি পন্ডিচেরি চলে যান । তখন পন্ডিচেরি ছিলো ফরাসীদের শাসনে । জেলে থাকাকালীন ওনার সাথে অনেক দৈবশক্তির দেখা হয় । যেমন ঐ জেলেতেই কৃষ্ণের দেখা তো পেতেন উনি । স্বামী বিবেকানন্দ ওনার সাথে কথা বলতেন ওখানে । মনে মনে । তখনই ওনার অন্তরে এক অধ্যাত্মিক জাগরণ হয় ।

পরে বিষ্ণু ভাস্কর লেলে নামক একজন যোগী ওনাকে ঈশ্বরের পথে নিয়ে যান ।

--- কাঁপে কাঁপে, আমার হিয়া কাঁপে

একি যে কান্ড , একি যে কান্ড

একি কান্ড , সব পন্ড , এ ব্রহ্মান্ড

শুন্য লাগে

তুমি ছাড়া শুন্য লাগে ।

কাঁপে কাঁপে , আমার হিয়া কাঁপে ---

আমাদের মোহিনের ঘোড়াগুলির শ্রী গৌতম চট্টোপাধ্যায়ের গানের মতন অবস্থা তখন শ্রী অরবিন্দের !

দেশের ও দশের জন্য লড়াই শেষ । দুনিয়া বদলে গেলো লেলেজীর পরশে । শ্রীকৃষ্ণের যেমন গুরুজী ছিলেন সন্দীপনী সেরকম যুবক বিপ্লবী, অরবিন্দ ঘোষের ভুবন জুড়ে এসে বসলেন এই লেলেজী । ইনিই স্থির হয়ে বসতে শেখালেন আধুনিক যুগের মোহন বাঁশিকে ।

বললেন , অনেক তো হল ! এবার বন্দুক ছেড়ে বাঁশি তুলে নাও হাতে ।

শেখালেন, মানব দেহের সুক্ষ্ম শরীরের নাদ ।

কূল কুন্ডলিনী, ব্রহ্মরন্ধ্র ও ইড়া- পিঙ্গলার রহস্য ।

বললেন , তোমার কোনো বাহ্যিক গুরুর দরকার নেই । অন্তরেই আছেন পরম ঈশ্বর কিংবা চেতনা যিনি সবার গুরু । তারই আরাধণা করো । উপসনা করো তাহলেই প্রকৃত কেষ্ট লাভ করতে পারবে ।

সেই থেকেই পা ফেলা আরম্ভ **ব্রহ্ম সত্য জগৎ মিথ্যের** দেশে । **আদি শঙ্করের তত্ত্ব ও ভগবৎ গীতার আলোতে দেখে নিলেন তন্ত্রের মহিমা - দশমাতৃকার দশ ভৈরব সাধনার পথে পা দিয়ে ।** বুঝলেন সবই যোগের দ্বারা সম্ভব ।

তাই নিজ পন্থা দিয়ে গড়ে তুললেন সুপ্রামেন্টাল যোগ সাধন পদ্ধতি ।

সমগ্র মানবজাতির কল্যাণের জন্য ।

ওনার বহু শিষ্যের ভেতরে এক সুযোগ্য শিষ্য ছিলেন দিলীপ কুমার রায় , শ্রী দ্বিজেন্দ্রলাল রায়ের পুত্র ও সঙ্গীতকার ও নাট্যকার যিনি ওনাকে নিয়ে অনেক লিখেছেন । আরো বহু ঋদ্ধ ও সিদ্ধ মানুষ ওনার সাহচর্য পেয়েছেন যেমন শ্রী চিন্ময় ।

অরবিন্দ আশ্রম ও অরোভিলের প্রতিষ্ঠা করেন দা মাদার । উনিও শক্তিময়ী ও ভক্তিমতী ছিলেন ।

দা মাদার অথবা মীরা আলফাসা আসেন বিদেশ থেকে । শোনা যায় ওনার জন্ম হয় প্যারিসে এক ইহুদি পরিবারে। যৌবনে উনি আলজেরিয়াতে চলে যান আধিভৌতিক বস্তুর প্রতি আকর্ষিত হয়ে একজন বন্ধুর সাথে যার নাম ম্যাক্স থিওন্ । পরে দেশে ফিরে উনি কিছু মানুষকে স্পিরিচুয়াল পথে গাইড করেন ।এরপরে উনি ভারতে আসেন । ঋষি অরবিন্দের সাথে দেখা করেন । ওনাকে গুরু মানেন কারণ তাঁকে নানান সময় দিব্যদৃষ্টিতে দেখেছিলেন এবং তাঁর গুরুকে শ্রীকৃষ্ণের অবতার বলে স্বীকার করেন । এখানে বলে রাখা ভাল যে আমাদের শাস্ত্রে বলা আছে যে পৃথিবী ব্যাতীত যেসব অন্যান্য জগৎ আছে যেমন স্বর্গ একটি আর তার থেকেও উচ্চস্তরের আরো জগৎ-সেখানে বাস করেন দেবদেবী ও মুণিঋষিগণ আর তাদের কেউ সাধনারত তো কেউবা নানান কাজে লিপ্ত যেমন ইন্দ্রের কাজ স্বর্গের দায়িত্ব বহন করা বা বরুণ দেব জলের ব্যাপার দেখেন , ভগবান শিব সংহার করে থাকেন ইত্যাদি কিন্তু সর্বপেক্ষা শ্রেষ্ঠ হল মোক্ষ পাওয়া এবং পরম ব্রহ্মে মিলে যাওয়া । কিন্তু মোক্ষ পেতে গেলে দেবদেবী , মুণিঋষি , যক্ষ , গন্ধর্ব দেরও এই পৃথিবীতে জন্ম নিতে হয় কর্ম কাটানোর জন্য ।

এই জগৎ-ই হল একমাত্র জায়গা যেখানে পাতাল, তলাতল এমনকি স্বর্গ ইত্যাদি থেকেও আত্মারা জন্ম নিতে পারে ও একইসাথে বসবাস করতে সক্ষম তাই মোক্ষপথে যেতে গেলে এই ধরায় আসতেই হয় । তবে এটা জরুরি নয় যে তাকে মানুষ হয়েই আসতে হবে । ক্ষেত্রবিশেষে দেখা গেছে সে সারমেয়, গরু, পাখি এমনকি বেজি হয়েও জন্ম নিতে পারে । যেমন জটায়ু একজন পক্ষী কিন্তু আদতে দেবতা । ডেমি-গড । উপদেবতা ।

তাই ঋষি অরবিন্দ যদি কৃষ্ণ হন ও মোক্ষ পথে ধাবিত হবার জন্য ঋষি হয়ে জন্ম নেন তাতে অবাক হবার কিছু নেই । আর শিব, ব্রহ্মা, লক্ষ্মী-- এঁরা স্থায়ী কোনো দেবদেবী নন । এগুলি হল এক একটি পোস্ট । এঁরাও মারা যান । একটা সময় এনারাও দেহত্যাগ করেন এবং সাধনার ফলস্বরূপ মোক্ষপথে এগিয়ে যান । আর তাঁর ফেলে যাওয়া দেব অথবা দেবীর পোস্টে এসে বসেন অন্য কোনো সাধক । **পুরোটাই নির্ভর করে সাধকের বাসনা , তাঁর আত্মার পবিত্র গতিপ্রকৃতি , তাঁর পিতৃপুরুষ ও কর্মের ওপরে । অনেক ক্ষেত্রে যোগীরা পশুপাখী রূপে জন্ম নেন । ঐ প্রবৃত্তি থেকে বার হবার জন্য ।** আর জগৎ তো একটি নয় ; অজস্র জগৎ ও সেখানে নামরূপ

, মায়া, ব্রহ্মা, বিষ্ণু , শিব, কৃষ্ণ অসংখ্য অসংখ্য আছেন । এঁরা সংখ্যায় একজন নন । এঁরা এসেছেন কেবল একই সোর্স থেকে যা হল পরম ব্রহ্ম বা আল্লাহ্ বা গড্ । ঋষি অরবিন্দ যে কৃষ্ণ তার একটা বড় প্রমাণ হল উনি ছিলেন একজন সেনানী । **ওয়ারিওর গড ও সিদ্ধপুরুষ ।** এবং বলাবাহুল্য গীতা অনুবাদ ও এই নিয়ে অনেক আলোচনা উনি করেছেন যা আজও সমান আদরনীয় । ওনার গীতার ওপরে লেখাগুলি অত্যন্ত গভীর । আগেই বলেছি শ্রী চিন্ময়ানন্দ ছিলেন ওনার সান্নিধ্যে । উনি একজন গীতাপন্ডিত ও সাধু । মজার ব্যাপার হল ঋষি অরবিন্দের পিতার নাম ছিলো **কৃষ্ণ**ধূন ঘোষ ও গুরুর নাম **বিষ্ণু** ভাস্কর লেলে । জন্মদাতা পিতা ও আধ্যাত্মিক পিতা দুজনের নামই শ্রীহরির নামে আর হরি নামের মধু যে জেনেছে তাকে কি আর সংসারে আটকে রাখা যায় ? কাজে কাজেই তিনি পাড়ি জমালেন সমস্ত আন্দোলন ও ব্রিটিশ সরকারের বিরুদ্ধে আলোড়ন ত্যাগ করে অনন্তের পথে, যেই পথে আছে অসীম শান্তি ও আনন্দ আর আমরা তা ভুলে গিয়ে এই জগতে এসে জড়িয়ে পড়ছি, মায়াতে, আর বারবার ফিরে আসছি সেই মোহের টানে ,এক জাদু দন্ডের ছোঁয়ায় এই পার্থিব লীলাক্ষেত্রে , আদতে রাত্রি রাজকন্যে সেই জাদু দন্ড সরিয়ে নিলেই আমরা ফিরে যাচ্ছি অমরত্বে ; গভীর ঘুমের সময়

কিন্তু সেটা তো স্থায়ী নয় তাই ভুলে যাচ্ছি ঘুম থেকে উঠেই । **চোখ বুজলেই ঈশ্বর আর খুললেই সৃষ্টি !**

শ্রী অরবিন্দ বা শিরিনের বাবা তাই গবেষণা করে বার করেছেন যে মায়াতে বাস করেও কিকরে সেই শান্তির মাঝেও অবগাহন করে থাকা যায় অন্তত: আমাদের মানবজমিনকে সংরক্ষিত ও সুরক্ষিত রাখতে ।

আর তাই আমাদের প্রিয় গায়ক শিলাজিৎ যখন গেয়ে ওঠেন ;

লাল মাটির সরানে

মন আমার রইলো পড়ে জামবনে আর নদীর পাশে

নীল আকাশে,

যেখানে ধূলোয় মাখা রইলো পড়ে তোর চিঠি --!!

----গেঁয়ো নদী ডাকছে আমার বুকের ভেতর কান্না পাথর , আমার আর রাখাল সাজা হলনা ;

লাল মাটির সরানে !!

তখন বুক ফাটে । বলতে ইচ্ছে হয় যে অরোভিলে ডাকছে তোমায় শিলাজিৎ , এসো , তুমুল ঝড়ে কুড়িয়ে নাও শিল আর হও রাখাল রাজা আর তোমার

জন্য বসে আছে রাইকিশোরী তার বেণু নিয়ে , এসো শিলাজিৎ ! দেখো এখানে সময় থমকে দাঁড়িয়েছে । কোনো কিছুর শেষ নেই আর শুরুও নেই । এসো , ভালোবাসো ও খুঁজে নাও তোমার ইচ্ছেগুলো , প্রাগৈতিহাসিক মনে সুগ্রন্থিত সেই গোধূম বর্ণা , আম্রমুকুল কুড়িয়ে ফেরা দস্যি মেয়েকে । **প্রেম ব্যাতীত কি বিবর্তন হয় ??**

সেই বিখ্যাত কবিতা কি মনে পড়েনা ?

শিরিনের তো পড়েছে , এক ভারতীয় বন্ধুর কাছে শোনা ;

ভগবান তুমি দূত পাঠায়েছ বারেবারে

দয়াহীন সংসারে ।

তাঁরা বলে গেলো ক্ষমা করো, ভালোবাসো ,

অন্তর হতে বিদ্বেষ বিষ নাশো ।

বর্তমানে রামমন্দির নিয়ে যেই হিংসার কথা শুনছে তাতে মনে হয় যে ধর্মের উদ্দেশ্য মানুষকে ধারণ করে শান্তির পথে নিয়ে যাওয়া ; এইরকম ভয় দেখিয়ে ও অহেতুক নির্যাতন করে মৃত্যু মুখে ঠেলে দেওয়া নয় । সন্ত্রাসবাদের জবাব কি উগ্রপন্থা দিয়ে দেওয়া যায় ? কখনো না । কিন্তু ইদানিং স্বয়ং মহাত্মা গান্ধীর দেশে

সেরকমই হচ্ছে । শিরিনের অবশ্যি মনে হয় মন্দির মসজিদ না করে ঐ বিতর্কিত স্থলে একটি সুন্দর ক্রিকেট স্টেডিয়াম গড়ে তোলা উচিৎ । ক্রিকেট তো ভারতও খেলে আর পাকিস্তানও খুবই উন্নতমানের খেলে । কাজেই কেউই আর এই নিয়ে সন্ত্রাসের পথে যাবেনা । **কিন্তু এটা শিরিনের একান্তই নিজস্ব মত ।**

আজকাল কেবল মুসলিম আর হিন্দুরাই নয় সন্ত্রাসবাদের পথে বৌদ্ধ্যদের মতন শান্তির পথ দেখানো ধর্মের মানুষও চলেছে ।

বুদ্ধং শরণং গচ্ছামি

ধর্মং শরণং গচ্ছামি

সঙ্ঘম শরণং গচ্ছামি ;

এতে যেন নতুন একটি পংক্তি যোগ হয়েছে , **হিংসাং শরণং গচ্ছামি !**

যেই বৌদ্ধ্যধর্ম শেখায় ; লিভ ইন দা প্রেজেন্ট মোমেন্ট- তারাই অস্ত্র নিয়ে তেড়ে যাচ্ছে আগামীদিনের কথা মনে করে ।

ভুলে গেছে যে ফিউচার উইল টেক কেয়ার অফ ইটসেল্ফ।

যেমন শ্রীলঙ্কায় কিছু বৌদ্ধ্য উগ্রপন্থার কথা শোনা গেছে যারা নানান হিংসাত্মক কাজে লিপ্ত হয়েছে আবার বর্মায়, বৌদ্ধ্য সন্ত্রাসবাদের খবরও শোনা গেছে। ৯৬৯ নামক সংগঠন এইসব কাজে যুক্ত এবং ৯৬৯ বৌদ্ধ্যদের পবিত্র ধর্মীয় সংখ্যা । শিরিনের বক্তব্য হল এইসব কর্মকান্ডের পেছনে হয়তবা কোনো গুহ্য বিষয় থাকতে পারে যা মানবিক ও জাতীয় সম্পর্কের সাথে যুক্ত কিন্তু ধর্মকে এর সাথে না জড়ানোই ভালো । কারণ ধর্ম অনেক গভীর একটি শব্দ ও ব্যক্তিগত বিষয় । কাউকে জোর করে তার ধর্ম পরিবর্তন করা যেমন অনুচিত সেরকম কেউ নাস্তিক হলে তাকেও ধার্মিক করবার বিশেষ কোনো কারণ দেখেনা শিরিন বরং নিজের ভেতরের যেই সততা , সহনশীলতা ও গভীরতা আছে তাকেই সম্বল করে মানুষ বেঁচে থাকতে সক্ষম হয় । অযথা কোনো ধর্মকে অন্তর থেকে বিশ্বাস না করে আঁকড়ে ধরে বেঁচে থেকে লাভ নেই । মানবিক ধর্মই একটি ধর্ম বটে- না কি ? সেই ধর্মতেই পারঙ্গম হোক না আগে ! আর সেখানেই আসে অরোভিলের মতন একটি নগরের উৎপত্তির কথা । নিজের মতন করে বাঁচা । স্বাধীনভাবে বাঁচা । সৎ চিন্তাভাবনা করা । উচ্চস্তরের কল্পনা করা । এই তো জীবন ! **দুনিয়ার সমস্ত মহামানব বলে গেছেন একই কথা , সৎ ও শুদ্ধ জীবন যাপণ করো ।**

পরমাত্মা হলেন এক মহাশক্তি যাঁর থেকে রিচার্জ হয়ে আমরা এই জীবজগৎ ও গাছপালা আবার নতুন উৎসাহে সৃষ্টিতে ভাসি । সেই মহাশক্তিতে অবগাহন করতে গেলে বিশেষ কোনো কোম্পানির প্লাগ ও তার লাগবে কেন? যেকোনো যোগ্য ইলেকট্রিক তারই কাজে দেবে তাই না ? পরমেশ্বর বা আল্লাহ্ তো কোনো **ইনকর্পোরেশান** নন যে তাঁর জন্য মার্কেটিং বা সেলস্ টিম লাগবে ! তিনি সবার হৃদয়ে আছেন ---যে শুদ্ধ মনে আহ্বান করবেন তার কাছেই আসবেন !



ঋষি অরবিন্দ ও দা মাদার

শ্রী অরবিন্দ, **ভারত ও পাকিস্তান আবার যোগ হয়ে যাবে** তা বলে গিয়েছেন । যেমন এখন বলা হচ্ছে যে পাকিস্তান এসে ভারতের সাথে সংযুক্ত হবে আর তাতে বড় ভূমিকা নেবেন স্বয়ং ইমরান খান সেসব ভবিষ্যৎ বাণী ঋষি অরবিন্দ করে গেছেন(ইমরান খান-টা বাদ দিয়ে) । উনি সন্ন্যাস নেবার পরেও কেবল দেশের কথা মনে করে, নানান সময় নিজে পত্র লিখে অথবা নিজের মঠের ভক্তদের প্রেরণ করে, দেশের নেতাদের সঙ্গে আলোচনা করেছেন, ভারতের সার্বিক মঙ্গলের কথা মাথায় রেখে এবং বলেছেন যে **এই দেশের পরিচয় ; তার রন্ধ্রে রন্ধ্রে যে আধ্যাত্মিক সুর বয়ে চলেছে তার ওপরেই নির্ভর করে আর কিছু নয় । এই**

স্পিরিচুয়ালিটিই ভারতের হৃদয় ও স্পন্দন । তাকে বাদ দিলে আর ভারত বলে কিছু থাকেনা ।

এবং ---আমাদের দেশ হয়ত হিন্দুদের দেশ ও পাকিস্তান ইসলাম ধর্মের দেশ কিন্তু দুই ধর্মের মধ্যে বাহ্যিক তফাৎ থাকলেও সুগভীরে অনেক মিল আর হবে নাইবা কেন ? সমস্ত ধর্ম কিংবা আধ্যাত্মিক দর্শনই তো আমাদের অন্তরের গুহ্যকালীকে দেখতে শেখায় । নামরূপ যাইহোক তাঁর ! কেউ বলে মা কেউবা বাবা আবার কেউ শুধু জ্যোতি অথবা ব্রহ্ম চেতনা ! কাজেই ভারত ও পাকিস্তান যদিও বিভাজিত হল ধার্মিক কারণে কিন্তু একটা সময় আসবেই যখন মানবজাতি উন্নত হয়ে বুঝতে শিখবে যে বাহ্যিক যেসব বিভেদ আছে তা একান্তই মোটাদাগের আর আমরা হৃদয়ের গভীরে সেই একই আলোর স্ফুলিঙ্গ ও ঐশ্বরিক অবয়ব প্রত্যেকে । তাই ধর্মের দোহাই দিয়ে আমাদের আর ভিন্ন করে রাখা যাবেনা । আমরা সবাই ভাইবোন । আমরা একইসাথে মিলেমিশে থাকবো ।

ভারতবর্ষ দুই হাত মেলে ইসলাম ধর্মকে গ্রহণ করেছে । ইহুদি, খ্রীস্টধর্ম সকল ধর্মের মানুষই এখান ঠাঁই পেয়েছে । আর এই দেশ হল প্রধান পাঁচ-ছয়টি ধর্মের জন্মদাত্রী ।

হিন্দু, বৌদ্ধ্য , জৈন, শিখ , ব্রাহ্ম ,বৈষ্ণব ।

আরো কতনা শত সহস্র আদিবাসী/উপজাতি ধর্ম আছে তার তো কোনো ইয়ত্ত্বা নেই ।

কাজেই সহনশীলতার অভাব নেই । তাই বিভাজন যেমন করা হয়েছে সেরকম একটা সময় সংযোজনও হয়ে যাবে । আর আজ দেখো **মহাযোগীর সেসব বাণী সত্য হতে চলেছে ।**

শিরিন ; ঋষি অরবিন্দর জীবন নিয়ে গবেষণা ও অনুসন্ধান করে যা বুঝতে পেরেছে তা হল উনি আমাদের সবাইকে **উন্নত এক স্তরে নিয়ে যেতে আগ্রহী ছিলেন, অতি অল্প সময়ের মধ্যে ,** বিবর্তনের পথ ধরে, প্রাকৃতিক উপায়ে যেতে গেলে যাতে সহস্র বছর লেগে যাবে । এছাড়াও এই মহান যোগী, আমাদের সার্বিক কল্যাণের জন্য এক যোগের সৃষ্টি করেন তাতে আধুনিক যুগের মানবজাতির কেবল অধ্যাত্মিকই নয় দৈহিক ও মানসিক সুকল্যাণ সম্ভব এবং সর্বোপরি এই ঋষিবর আমাদের দেশেই কেবল নয় অরোভিলে গ্রামের কথা নিজের মননে নিয়ে এসেছিলেন দিব্যদৃষ্টির দ্বারা এবং এর উদ্দেশ্য ছিলো আমাদের মানব সমাজে ধর্ম ও ন্যায়ের প্রতিষ্ঠা করা । আমাদের ঐশ্বরিক করে তোলা । অর্থাৎ নিজেদের স্বরূপ যা আমরা মায়াজালের প্রকোপে ভুলে গেছি কিংবা ভুলতে বসেছি তাকে আবার পুন:রজ্জীবিত করে প্রতিটি মানুষকে তার

সঠিক মূল্য বুঝিয়ে ,দেবত্বে ফিরিয়ে নিয়ে যাওয়া । **আমরা সবাই দেবতা , মানুষের মোড়কে । মানুষ ; অসুরের মোড়কে নই** ।এই হল ঋষি অরবিন্দের ফিলোসফি। **ইন আ নাটশেল ।**

অরুণাচল পাহাড়



অরুণাচল

অরোভিলে থেকে শিরিন এলো অরুণাচলে । ১০০ কিমি মাত্র হবে । ওখানেই শুনেছে এই স্থানের কথা । খুবই পুরনো একটি দৈবস্থান । **পৌরাণিক দৈব ঢিবিকে লোকে অর্চনা করে আল্লাহ্ হিসেবে ।**

সে শিয়া মুসলিম তাই দুই হাত পাশাপাশি রেখে প্রার্থনা করতে শিখেছিলো শৈশবে যদিও তারা এখন সবাই ঋষি অরবিন্দের ভক্ত তবুও তার ক্ষেত্রে এই অভ্যাসটি রয়ে গেছে । সে শ্রী অরবিন্দের সামনেও এবং অরুণাচল পাহাড়ের সামনেও দুই হাত পাশাপাশি রেখে শিয়া মুসলিমদের মতন ; নামাজ পড়ার মতন করে প্রার্থনা করে ।

তাকে কেউ বকেনি এরজন্য । বন্ধুরা বলেছে , সর্বধর্মসমন্বয় এর চমৎকার উদাহরণ ।

পন্ডিচেরি থেকে মাত্র ১০০ কিলোমিটার হবে দূরত্ব থিরুভান্নামালাই গ্রামের । এখানে অরুণাচল পাহাড় অবস্থিত । ওরা বলে তিরুবান্নামালাই । ত্রিকোণাকৃতি পাহাড় , আমরা ছেলেবেলায় যেমন পাহাড় আঁকতাম ড্রয়িং খাতায় ঠিক সেরকম । কিন্তু এই পাহাড় হলেন স্বয়ং পরমাত্মা । অনেকে শিবও বলে । **তবে এই শিব কিন্তু সেই মহেশ্বর নন যিনি মানব সমাজকে যোগ শিখিয়েছেন , বরং ইনি হলেন পরাব্রহ্ম বা আল্লাহ্ বা ক্রাইস্ট কনশাস্নেস্ ।**লালচে পাথরে তৈরি এই পাহাড়ে, পায়ে হেঁটে মানুষ উঠে চলেছে শিখরের দিকে । অনেক ঝর্ণা ও গুহা আছে এখানে । সরু নদীও বুঝি দেখা যায় । প্রাচীন কাল থেকে বহু মুণিদের বাস এখানে ।

ব্রহ্মা , বিষ্ণু ও শিবকে নিয়ে একটি পৌরানিক গল্পও আছে । তবে সেটি তেমন উল্লেখযোগ্য নয় ।একে সাধকেরা বলে শিবের অগ্নি লিঙ্গ । তাই এর রং লাল । এই পাহাড়ের প্রতিটি লিঙ্গই এক একটি শিব লিঙ্গ । এখানে বহু তপস্বী পুরাতন কাল থেকে সাধন ভজন করেছেন যার মধ্যে উল্লেখযোগ্য হলেন, গুহায়

নমঃ শিবায় , গুরু নমঃ শিবায়, বিরূপাক্ষ দেব , শেষাদ্রী স্বামীগল্ এবং হালের শ্রী রমণ মহর্ষি ।

এইসব সন্ন্যাসীদের নামে গুহাও রয়েছে এই পাহাড়ের উপরে । **একটি গুহা আছে ওম্ আকারে** । অজস্র পশু ও পাখি দেখা যায় এখানে কিন্তু শোনা যায় যে তাঁরা অনেকেই সাধক যাঁরা জানোয়ারের রূপ ধারণ করে জীবন যাপন করছেন তাঁদের কর্মের কোনো অংশ কাটাবার জন্য । শিরিন আগে খুবই অবাক হলেও, এখানে **শ্রী রমণ মহর্ষির** আশ্রমে গিয়ে দেখে যা অরুণাচল পাহাড়ের পাদতলে অবস্থিত যে সেখানে অনেক পশুপাখির সমাধি রয়েছে । **যেমন কাক , হরিণ , সারমেয় ও একটি গরু ; যার নাম লক্ষ্মী ।** এর মধ্যে লক্ষ্মীর নাকি মোক্ষ লাভ হয়ে যায় । সে আদতে আগের জন্মে ছিলো এক কাঠ কুড়ানি যে অরুণাচলে কাঠ কুড়িয়ে খেতো । সেইসময় শ্রী রমণ ছিলেন একজন কমবয়সী সন্ন্যাসী । উনি পাহাড়েই বাস করতেন । কোনোদিন খাবার জুটতো, কোনোদিন জুটতো না । কিন্তু এই দরিদ্র মহিলা সেইসময় মহর্ষিকে না দিয়ে খাবার খেতেন না । বলতেন , **বাছা তুমি আগে খাও তারপর আমি খাবো ।**

তাঁর যা জুটতো, তাই তিনি মহর্ষিকে, সন্তানের মতন দিয়ে খেতেন । পরে তাঁর কোনো অসুখ করে । খুব

সম্ভবত: ব্রেস্ট ক্যান্সার । কিন্তু তিনি কোনো চিকিৎসা না করে- কেবল মহর্ষির ভরসায় থেকে জীবন দেন । পরের জন্মে উনিই নাকি এই গাভী মাতা হয়ে জন্ম নেন ও শ্রী রমণের কৃপায় মরণের সময় মোক্ষ পেয়ে যান ।

তাঁরই সমাধি আছে আশ্রমে ।

এছাড়াও মহর্ষির একজন সেবক ছিলো ; মাধব স্বামী নাম তাঁর । তিনি মারা যাবার পর একটি শ্বেত ময়ূর হয়ে জন্ম নেন । বরোদার মহারাণীর ঘরে জন্ম নেন এই ময়ূর । এই রাণী ছিলেন মহর্ষির ভক্ত । পরে তিনি এই শ্বেতময়ূরটিকে দান করেন আশ্রমে ।মাধব স্বামীর আচার আচরণের সাথে তার আচার আচরণ মিলে যেতো । মাধব স্বামী যেখানে বসতেন ময়ূরটিও সেখানে বসতো ও বসে খেতো । মহর্ষির পায়ে মাথা ঘষতো । পরে ভক্তরা রমণ মহর্ষিকে জিজ্ঞেস করেন যে এই শ্বেতময়ূরটি, মাধবস্বামী কিনা এবং উত্তর পাননা যে হ্যাঁ ,এরা দুজন একই আবার নাও এক নয়। **আর ময়ূরটিকে মহর্ষি , মাধব বলেই সম্বোধন করতেন । মাধব স্বামীর মতন বাদ্যযন্ত্রের ওপরে নিজের ঠোঁট দিয়ে এই ময়ূর টুংটাং ও করতো । এই নিয়ে রমণ আশ্রমের ভিডিও আছে ইউ-টিউবে ।**

শিরিন আগে এরকম শোনেনি । ও তেমন ধার্মিক তো নয় কিন্তু এক বন্ধু বলেছিলো **যে পাপ করলে কোনো**

পশু হয়ে জন্ম নিতেও পারে মানুষ কিন্তু সে বিশ্বাস করেনি । তবে এখন জানতে পেরেছে **যে পশু বা পাখি যোনি যেমন -কুকুর যোনি কিংবা শেঁয়াল বা বেড়াল ইত্যাদি যোনিতে জন্ম নিলে মানুষের অহংকার কমে যায় আর তাতে অধ্যাত্মিক উন্নতিতে সুবিধে হয় । হয়ত তাই এঁরা গাভী কিংবা পাখি হয়ে জন্ম নিয়েছেন ।**

অরুণাচল পাহাড় এক পবিত্র পাহাড় । শত শত বৎসর থেকে এই পাহাড়ের আকর্ষণে ছুটে আসছেন সাধু মহাত্মারা কারণ এখানে বিশেষ তপস্যা করতে লাগেনা । মনে মনে এই পাহাড়ের কথা ভাবলেই মোক্ষ সম্ভব ।

এই পুণ্যজ্যোতি হল মাঝখানে আর ঠিক তাঁর মধ্য থেকেই জন্ম হয়েছে শত সহস্র ঢেউ এর বা আলোক মালার । যা জীবন্ত । যার নিজস্ব চেতনা আছে । অনেকটা আমাদের বোঝার সুবিধের জন্য সামান্য একটি বস্তুর কথা বলা যাক্ ! যেমন কচ্ছপ ধূপ তো সবাই দেখেছে ! মাঝখানে একটি স্থান থেকে গোলাকৃতি ভাবে ধূপের অংশ বের হয়ে আস্তে আস্তে এগিয়ে যায় আর শেষ একটা জায়গায় ওর মুখটা থাকে যেখানে আমরা অগ্নিটা জ্বালাই ।

ঠিক সেরকম ; পরমাত্মার চেতনা একদম মধ্যেখানে আছে । সংরক্ষিত ও অচল । সেখান থেকে বার হয়ে এসেছে এই সুবিশাল ব্রহ্মান্ড । গোল আকারে । **আমাদের মূল বসবাস সেখানেই । ফিরে যেতে হবে সেখানেই ।** আমরা সবাই এখন কম-বেশী কচ্ছপ ধূপের কোনো না কোনো জায়গায় আটকে আছি ; যে যতটা পুড়েছি , ঋদ্ধ হয়েছি আধ্যাত্মিক ভাবে -ততটা অবধি । যে প্রায় মাঝখানে পৌঁছে গেছে তার মোক্ষ হবো হবো । যে দূরে আছে সে এখনো অচেতন আছে । কেউ অনেকটা পুড়েছে, সে ঐশ্বরিকভাবে বিভোর । এইরকম । তবে ঐ মূল মহাশক্তির কাছে কিন্তু কেউ ফেল্‌না নয় । সবাই যাত্রী ; নানান পথের । এক একজনের যাত্রাপথ মসৃণ আবার কেউবা যাদের আমরা পাপীতাপী বলি, তারা কাঁকর বিছানো পথের পথিক । সাহায্য চাইলে মহাশক্তি থেকে সৎ উপদেশ আসবেই । **পতিত উদ্ধারিনী গঙ্গের মতন ঐ মহাশক্তি । আমাদের স্রষ্টা । সবার জন্য উনি আছেন , সবসময় । তোমাকে শুধু যেতে হবে তাঁর দিকে !**

এদিকে কচ্ছপ ধূপের ওপরে সবাই পুড়ছে আর এটাই নিয়ম । কারণ ঐ যে মাঝখানটা সেটা তোমাকে টানছে । ভীষণভাবে টানছে আর তাই বিবর্তন হচ্ছে । এই আকর্ষণের নামই বিবর্তন বা ইভোলিউশান । আমাদের এই জন্ম মৃত্যুর খেলা বা নাচন কিছুদিনই চলবে ।

সবাইকে চুম্বকের মতন আকর্ষণ করে ভেতরে নিয়ে চলে যাবে ঐ মহা ম্যাগনেট ; যাঁর পোষাকি নাম অরুণাচল ।

আমরা তো গডকে কেউ দেখিনি । হিন্দু ধর্মে তেত্রিশ কোটি দেবতা আর মুসলিম ধর্মে বা খ্রীস্ট ধর্মে একজনই গড ! কিন্তু কেন ?

ওদের গডি হলেন অরুণাচল বা ঐ মহা ম্যাগনেট ।

আর হিন্দুদের তেত্রিশ কোটি দেবদেবী ?

ওরা ইসলামের বা যীশুপন্থীর ভাষায় হলেন অ্যাঞ্জেল ।

গডকে অর্থাৎ পরমাত্মাকে দেখা যায়না কিন্তু এই অ্যাঞ্জেলদের বা দেবদেবীদের দেখা সম্ভব । কেন ?

কারণ এরাও আমাদের মতন জীব কেবল উন্নত ও সুক্ষ্ম দেহের জীব । বসবাস অন্য জগতে ।

তাই তাঁদের দেখা যায় । কিন্তু আল্লাহ্‌কে দেখা যায় না কারণ উনি কোনো অবজেক্ট নন , সাবজেক্ট ।

উনিই দেখছেন । উনিই সেই চেতনা যার মাধ্যমে আমরা দেখছি । তবুও তো তাঁকে দেখতে ভক্তের সাধ জাগে না কি ? তাই ভক্তের ডাকে ভগবান একটি বিশেষ রূপ ধারণ করেছেন এই জগতে । **অগ্নি লিঙ্গ বা**

অরুণাচলম্ পাহাড় রূপে দেখা দিয়েছেন পরম ব্রহ্ম । যাতে আমরাও স্থুল চোখে তাঁকে দেখে আশ্বাস পাই ও জপতপঃ করে মোক্ষের দিকে অগ্রসর হতে সক্ষম হই ।

এই পাহাড়কে বলা হয় ইচ্ছে প্রদানের ভান্ডার । যা কিছু মানুষ চায় তা এখানে এসে কিংবা মনে মনে চাইলেই **অরুণাচলের কাছে প্রার্থণা করে** তা সঙ্গে সঙ্গে পেয়ে যায় মানুষ । যে কোনো বস্তু । পার্থিব বা অপার্থিব ।

এই নিয়ে অনেক কাহিনী ও সত্য ঘটনা আছে ।

শ্রী রমণ মহর্ষির আশ্রমের গ্রন্থে লিপিবদ্ধ ও অন্যান্য মুণি-ঋষিদের আশ্রমে লেখা ; অজস্র ঋষিদের তপোবনে সমৃদ্ধ অরুণাচলের পাদদেশ ।

ঋষি অরবিন্দের আশ্রম কিংবা ভক্ত পরিচালিত একটি বিদেশী খাদ্যের কাফেও আছে এখানে ।

অরুণাচল পাহাড় খুবই শান্তির স্থল ।

রমণাশ্রমে ঢুকলে মনে হয়না যে কলিযুগে আছি । যেন কোনো সত্য যুগের মুণির আশ্রম ।

সেই ময়ূর, কেকা করছে । কুটিরে বসে ফ্রিতে খাবার খাও । পুষ্টিকর নিরামিষ খাবার ।

বৈদিক নিয়ম রীতি মেনে পুজো হচ্ছে । কোনো টাকাপয়সা চাইবার দৃষ্টিকটু প্রথা নেই । নেই কোনো গুরু টুরুর বালাই । নিজে বসে ধ্যান করো ঋষি অরবিন্দের আশ্রমের মতন আর ফিরে যাও নিজের কাজে ।আগে থেকে আশ্রমের রুম বুক করে আসতে হয় । ফ্রিতে থাকা যায় । আগে অনেকদিন থাকা যেতো । এখন কোভিডের পরে নিয়ম বদলে গেছে ।

এখন মহর্ষির বংশধর আশ্রম চালান । উনি আমেরিকায় চিকিৎসক ছিলেন । সব ত্যাগ করে চলে এসেছেন আশ্রম চালাবার জন্য । মহর্ষি এরকমই নির্দেশ দিয়ে গেছেন ।

বলে গেছেন যে যারা সত্যকারের আধ্যাত্ম পথে যেতে আগ্রহী হবে তাদের জন্য এই আশ্রম চিরদিনই খোলা থাকবে ।

আর শীলমোহরের ছাপ দিয়ে কাগজপত্র করে দিয়ে গেছেন যাতে কোনো দুরাত্মা এসে মানুষকে বিরক্ত করতে না পারে ও আশ্রমের দখল নিয়ে উল্টোপাল্টা কিছু করে স্পিরিচুয়াল জার্নিতে বাধা না দিতে পারে । **পরম পুরুষ শ্রী শ্রী রামকৃষ্ণ ঠাকুরের সেই বাণী কে না জানি ? হেগো গুরুর , পেদো শিষ্য !**

কাজে কাজেই সাবধান আগে থেকেই ।

অরুণাচলে, আরেক মুণি ছিলেন মহর্ষির সময় তাঁর নাম ছিলো শেষাদ্রী স্বামীগল্ ।উনি ছিলেন এক আজব তপস্বী । গ্রামের বাজারে গিয়ে উনি মাঝে মাঝে দোকান থেকে জিনিস চুরি করে আনতেন । আর তারপরই সেই দোকানির বিরাট লাভ হতে শুরু করতো । এমনই ক্ষমতা ছিলো ওনার । তারপর দোকানি অপেক্ষা করতো কবে স্বামীজী আসেন আর দোকান থেকে জিনিস উঠিয়ে চলে যান । এমনই মানুষের লোভ । নিজের স্পিরিচুয়াল উন্নতি না কামনা করে পার্থিব বস্তু চেয়ে বসতো ।

কথায় বলেনা , প্রদীপের নিচেই সবচেয়ে বেশি আঁধার ?

ঠিক তাই । এত পুণ্যভূমে থেকেও এই পাপিষ্ঠরা বুঝতে পারেনি যে কোথায় আছে তারা । কতটা ভাগ্যবান তারা । সারা বিশ্ব থেকে, এখানে মানুষ আসছে পুণ্য লাভের আশায় অথচ তারা চাইছে যে আদরের স্বামীজী এসে দোকান থেকে কিছু ছিনিয়ে নিয়ে যান যাতে করে তাদের কিছু অর্থ প্রাপ্তি হয় ।

এমনই মূর্খ এরা । হয়ত স্বামীজীর পাদস্পর্শে কোনো না কোনো জন্মে এদেরও মতিগতি ফিরবে । **বুঝবে ; কড়ি দিয়ে সব কেনা যায়না ।**

এমনও জিনিস আছে জগতে যা অতি দূর্লভ আর সেই বস্তুই অতি সহজে ঈশ্বর তাদের হাতে তুলে দিয়েছিলেন কিন্তু অবোধ তারা হেলায় হারিয়েছে সেই জিনিস আর আজ হাত পা ছুঁড়ে কাঁদলেও কোনো লাভ নেই । আবার মাটি খুঁড়ে জল বার করতে হবে আর এটাই তাদের ভবিতব্য । অরুণাচল পাহাড়ের পাদদেশে বসবাস করা কিছু পার্থিব সুখে সুখী অপগন্ড মানুষজনের এই হল দিবারাত্রির কাব্য । যেই পাহাড়ের কথা মনে মনে চিন্তা করলেই মোক্ষ হয় তার এত কাছে থেকেও এরা গড্ডালিকা স্রোতে গা ভাসিয়েই জীবন কাটিয়ে দিলো । তবে এরা আছে বলে বেঁচে আছে সৃষ্টি । নাহলে কবেই তো সব অসীমে মিলিয়ে যেতো ! তাই না ?

<u>সেটাও একটু ভাবো ।</u>

অনেকেই তো আছে যারা এই ধরায়, বারবার ফিরে আসতে চায়। সবুজ গ্রহতেই, এখানে নতুন আশায় - নিউক্লিয়ার ভোরে। অ্যাটম বোমার গুঁতো খেয়েও !

শ্রী রমণ মহর্ষি

শোনা যায় মোটামুটি ২.৬বিলিয়ন বৎসর বয়স, প্রাচীন এই অরুণাচল পাহাড়টির । ভূতাত্ত্বিকগণের মতে । এর আরো সুন্দর সুন্দর কয়েকটি নাম আছে ।

যেমন সোনাচলম্, সোনাগিরি, অরুণাই, অরুণাগিরি আন্নামালাই ও অরুণাচলম্ । এর কাছেই অরুণাচলেশ্বরের মন্দির । এই মন্দিরের অধিপতি শিব বা অরুণাচলেশ্বর ।

এখানে হাতী পোষা হয় । সেই হাতী মানুষের মাথায় শূড় ঠেকিয়ে আশীর্বাদ করে । দ্রাবিড় মানুষ খুব ধর্মপ্রাণ প্রজাতি । তারা সকালে উঠে, চট্ করে স্নান সেরে, ঘরদোর ধুয়ে ফেলে । তারপর ঈশ্বরে মনোনিবেশ করে । কেউ কেউ হয়ত হাতীর আশীর্বাদ নিয়ে দিন আরম্ভ করে । কপালে অনেকে তিলকের টিপ এঁকে নেয় । অনেকে সিঁদুরের টিপও পরে । কপালে চন্দন পরলে নাকি মাথা ঠান্ডা থাকে । দক্ষিণ ভারতে যেমন লাল ও সাদা চন্দন বন পাওয়া যায় সেরকম সবাই কপালে চন্দনের বড় বড় দাগ কেটে-তিলক পরে, মনকে শান্ত রাখতে । **যস্মিন দেশে যদাচার !** শ্রী রমণ মহর্ষি যেমন বলে গেছেন যে অরুণাচল পাহাড়ের প্রতিটি গাছ কল্পবৃক্ষ । আবার এই পাহাড়ের প্রতিটি শব্দ হল পবিত্র , খাদ্য অমৃত । এখানে পরাব্রহ্মের- বিশ্বরূপ দর্শন সর্বদা পাওয়া যায় ।

জ্যোতির্লিঙ্গকে ঘিরে আছে অজস্র আলোর মালা কিংবা ঢেউ আর সেই ঢেউ হল গোলাকৃতি । এবং কচ্ছপ ধূপের মতন সেই ঊর্মিমালা গিয়ে এক এক করে মিশে যাচ্ছে ঐ ধূপের মাঝখানে- স্থায়ী এক শান্ত জ্যোতির স্তম্ভের মধ্যে ।

সাধকেরা ইচ্ছে করলেই এটা দেখতে সক্ষম হন এখানে । এই আশায় পুরাতন কাল থেকে বহু বড় বড় সন্ন্যাসীগণ এখানে পাড়ি জমান ; নানান স্থান থেকে- যেমন--সম্বন্দর, আপ্পার, মানিকাবাসাগর এবং সুন্দরর্ ইত্যাদি । বেদব্যাসও অরুণাচলের মাহাত্ম্য সম্পর্কে অনেক তথ্য দিয়ে গেছেন ।

অরুণাচল মাহাত্ম্য বইতে বলা আছে যে --

চিদম্বরম্ দেখলে, তিরুবারুরে জন্মালে, কাশীতে মৃত্যু হলে মোক্ষ হয় বলে বলা হয় কিন্তু অরুণাচলের কথা চিন্তা করলেই মোক্ষ হওয়া সম্ভব । আবার অন্য জায়গাতে বলা আছে যে এই পাহাড় আদতে আলোর পাহাড় । জ্যোতি দ্বারা সৃষ্ট । এবং একটি গুপ্ত তীর্থ । এটি হল পরমেশ্বরের হৃদয় ।

অন্যান্য পবিত্র তীর্থ সম্পর্কে রমণ মহর্ষি বলেছেন যে সেগুলি হল পরমেশ্বরের বাসস্থান । কিন্তু এটি হলেন পরমেশ্বর নিজে ।

যেমন কৈলাস হল শিবের বাড়ি কিন্তু এই পাহাড় শিব নিজেই । আর কেবল শিব কেন সমস্ত ধর্ম ও শক্তির উৎস হল এই অরুণাচল পাহাড়-- বলেই সাধু ও সন্তগণ মনে করে থাকেন । তাইতো আজও এখানে সিদ্ধপুরুষেরা বসবাস করেন ।

এইসব নিয়ে বহু গল্প আছে যা স্থানীয় মানুষের কাছে শুনতে পাওয়া যায় ।

এই পবিত্র পাহাড় অথবা পরমেশ্বরকে প্রদক্ষিণ করা হয় । মোট ১৪ কিলোমিটার তার দূরত্ব । পূর্ণিমার দিন, সকলে খালি পায়ে এই ১৪ কিলোমিটার পথ প্রদক্ষিণ করে থাকে তবে গাড়িতে কিংবা জুতো পরে গেলেও পুণ্য লাভ সম্ভব কারণ এই পাহাড় হল

হোমশিখার মতন । বিশ্বাস করে হাত দিলেও পুড়বে আর অবিশ্বাস করে দিলেও পুড়বে এবং তার ফল ভালই হবে । **কারণ হোমশিখায় থাকে অগ্নিমন্থের কাষ্ঠ ! মড়া পোড়ানোর কাঠ নয় !**

এই প্রদক্ষিণের পথে ৮টি লিঙ্গ আছে আর সেখানে মন্দির আছে । প্রতিটি ১২টি রাশির সাথে যুক্ত ।

এই অষ্ট লিঙ্গের নামগুলি হল,

লিঙ্গ	রাশি	দিক্
ইন্দ্র লিঙ্গ	**বৃষ, তুলা**	পূর্ব
অগ্নি লিঙ্গ	**সিংহ**	দক্ষিণ-পূর্ব
যম লিঙ্গ	**বৃশ্চিক**	দক্ষিণ
নৈঋত লিঙ্গ	**মেষ**	দক্ষিণ-পশ্চিম
বরুণ লিঙ্গ	**মকর, কুম্ভ**	পশ্চিম
বায়ু লিঙ্গ	**কর্কট**	উত্তর-পশ্চিম
কুবের লিঙ্গ	**ধনু, মীন**	উত্তর
ঈশান্য লিঙ্গ	**মিথুন , কন্যা**	উত্তর-পূর্ব



Eight lingams around the Arunachala Hill

চিত্র :: উইকিপিডিয়া--মডিফায়েড্

অরুণাচলকে লাল পাহাড়ও বলা হয়ে থাকে । এখানে আছে অজস্র ভেষজের ভান্ডার । এই ভেষজের ওপরে ভিত্তি করে অনেকে কবিরাজিও করে থাকে ও উপকৃত হয় । এখানে লেমনগ্রাসের উৎস দেখে স্থানীয় মানুষজন তা থেকে চা উৎপাদন করে খায় ও ঔষধি নির্মাণ করে থাকে ।

শ্রী মহর্ষিও এই পাহাড় থেকে শিকড় বাকর নিয়ে ঔষধি তৈরি করে দিতেন । উনি বলে গেছেন যে এই পাহাড়ে এমন কোনো অংশ নেই যার ওপরে আমার পা পড়েনি !

আগে বাঘ , ভাল্লুক , শেঁয়াল ইত্যাদি ছিলো এখন সেসব দেখা যায়না । প্রচুর গাছ কেটে ফেলায় ইদানিং বৃক্ষরোপন করা হচ্ছে ।

এই পাহাড়ের ঝর্ণা ও জলের নানান উৎসকে বলা হয় গঙ্গার ন্যায় পুণ্যতোয়া । শীতল সেই বারির স্পর্শে সমস্ত ক্লান্তি জুড়িয়ে যায় । পথশ্রম ভুলে যায় ভক্তেরা ।

প্রতিবছর কার্ত্তিক মাসে এই পাহাড়ের চূড়াতে একটি আলোর প্রদীপ জ্বালানো হয় যাকে বলা হয় দীপম্ , স্থানীয় ভাষায় । অর্থাৎ দীপ ।

মোমবাতি । ঘি ও কর্পূরের সাহায্যে এই প্রদীপ জ্বালানো হয়ে থাকে । অরুণাচলেশ্বর মন্দির থেকে শিখা এনে জ্বালিয়ে দেওয়া হয় পাহাড়ের সর্বাপেক্ষা উঁচু চূড়ায় ; যখন সূর্য ডুবে যায় ও আকাশে গোলাকৃতি চাঁদ দেখা দেয় । নীচে রমণ আশ্রম থেকে **অরুণাচল শিবা** মন্ত্র ধ্বনি ভেসে আসে । এক পবিত্র আবহাওয়ার সৃষ্টি হয় ।

অরুণাচলেশ্বর মন্দিরের ৬৬ মিটার উঁচু গোপুরম্ গুলি থেকে প্রতিধ্বনি ভেসে আসে এই মন্ত্রের । আর ভেসে চলে কার্ত্তিগাই দীপম্ ,আবহমান কাল ধরে , মানব সমাজের মাঝে এক উল্লেখযোগ্য উপাসনার হেতু হয়ে ।

দ্রাবিড় সভ্যতায় দেখা যায় যে বেশিরভাগ মন্দিরে অনেক অনেক গোপুরম্ থাকে, প্রবেশ দ্বারগুলিতে । কেন থাকে তা বলতে সক্ষম হবেন ঐতিহাসিক ও মন্দির বিশারদগণ্ ; **গোপুরম্ হল মন্দিরের সবচেয়ে উচ্চ অংশ । সারা দক্ষিণ ভারত ও শ্রীলঙ্কায় এইরকম স্থাপত্যর দেখা মেলে ।** অরুণাচলেশ্বরের মন্দিরে পল্লব রাজবংশ প্রথমে অনেক গোপুরম্ তৈরি করেন পরে মন্দির সংস্কার হয় চোল, হয়সালা ও পান্ডিয়্য রাজাদের

হাত ধরে । এখানে অপূর্ব সমস্ত কারুকার্য আছে । তবে সবথেকে বেশি ভালোলাগে থিরুভান্নামালাই শহরে শান্তির পরশ ।

এত মুণি-ঋষি বিভিন্ন সময় যেখানে বসবাস করে গেছেন , যাঁদের পদধূলিতে এই নগর- পবিত্র এক মখমলি চাদরে আবৃত আর সর্বোপরি যেই পুরাতন নগরের কিরীট স্বয়ং অরুণাচল তার কাছে ছুটে না গিয়ে আর ভালো না বেসে কেউ পারে ?

সুতরাং শিরিনের মনে হয়-- কেউ যদি বারবার এই ধরিত্রিতে ফিরে আসতে চাও তাহলে অরোভিলে গিয়ে ধ্যান করো , বিবর্তনের পথে এগিয়ে যাও আর সুন্দর করে তোলো এই সবুজ গ্রহকে । আর যদি না আসতে চাও মোটেই , মিশে যেতে চাও পরম ব্রহ্মে , ঘুম ঘুম ক্লাস রুম থেকে সোজা , আর স্কুলের গেট নয় , লাঞ্চ বক্স নয় , ক্লাস ফেলোর সাথে খুঁনসুটিও নয় সোজা নির্বাণ অথবা সুফি সন্তদের ফনা কোনো সাপের ফণা আর নয় কেবল শান্তি তাহলে অরুণাচলের কাছে চলে যাও । মনে মনে তাকে স্মরণ করলেই চির মুক্তি !

মহানির্বাণ, মোক্ষ, বুদ্ধ হয়ে যাওয়া অথবা একেবারে অরিহন্ত !!!

এত্তো সোজা নাকি ? প্রলয় । মহাপ্রলয় । কিসের অপেক্ষা ? কে বলেছে বিবর্তনের চাকা ধীরগতিতে চলেছে ?

মোক্ষেরও শর্টকাট আছে ; এই ফাস্টের যুগ-এ !

অরুণাচল পাহাড় দুই হাত বাড়িয়ে তোমাকে ডাকছেন ! গুপ্ত তীর্থ !

৬৩জন নয়নার (শৈব) ও আলওয়ার (বৈষ্ণব) সন্ন্যাসীগণ ভক্তি যোগে সাধনা করে যা পেয়েছেন ; অরুণাচল পাহাড় মুহুর্তেই তোমাকে তা দিতে সক্ষম । কিন্তু তুমি আসবে কি ?

এসো । অরুণাচলকে ভালোবাসো । যা চাইবে পাবে । পরীক্ষা করেই দেখো । আর শান্তি তো এমনিতেই পাবে এখানে । দেখে যাও নিজেই ।

হরি ওম্ তৎ সৎ ।

অরুণাচলেশ্বর মন্দির



KRISHNA

A poem by SRI/RISHI AUROBINDO

At last I find a meaning of soul's birth
Into this universe terrible and sweet,
I, who have felt the hungry heart of earth
Aspiring beyond heaven to Krishna's feet.

I have seen the beauty of immortal eyes,
And heard the passion of the Lover's flute,
And known a deathless ecstasy's surprise
And sorrow in my heart for ever mute.

Nearer and nearer now the music draws,
Life shudders with a strange felicity;
All Nature is a wide enamoured pause
Hoping her lord to touch, to clasp, to be.

For this one moment lived the ages past;
The world now throbs fulfilled in me at last.

ঋষি অরবিন্দ নিজেই ছিলেন কৃষ্ণ । যখন তিনি জেলে বন্দী ছিলেন তখন শ্রীকৃষ্ণ তাঁকে অনেকবারই কারাগারে দেখা দেন । আধ্যাত্মিক আদেশ দেন এবং শ্রী অরবিন্দের জীবন সম্পূর্ণভাবে বদলে যায় । আবার ঠিক এই সময়ই জন্মান পাকিস্তানের অন্তর্গত পাঞ্জাবে , পাপাজী যাকে সমাজ চেনে হরিবংশ লাল পুঞ্জা নামে । তিনিও ছিলেন শ্রীকৃষ্ণের অবতার । আর তাঁর অন্যাংশ যিনি আজও জীবিত তিনি হলেন গঙ্গা মীরা । এক বেলজিয়ান সন্ন্যাসিনী । উনিও শ্রীরাধিকা । পাপাজীর টুইন ফ্লেম । অর্থাৎ ভগবানের আত্মা মানে পুণ্যাত্মা থেকে একই সাথে বহু অবতার জন্ম গ্রহণ করতে সক্ষম হন । যেমন শ্রী অরবিন্দের কন্যা সমা দা মাদার এক রাধা আর অন্য রাধা হলেন গঙ্গা মীরা । যিনি আজও বেঁচে আছেন ও সৎ সঙ্গ দেন । পাপাজী ও তাঁর একটি কন্যাও আছে যাঁর নাম মুক্তি ।

চমৎকার নাম , তাইনা ?

শ্রী বৃন্দাবনে একটি মন্দির আছে । বাঁকে বিহারী মন্দির । শোনা যায় যে এই বাঁকে বিহারীজী নাকি আদতে রাধারাণী ও শ্রীকৃষ্ণের মিলিত একটি রূপ । স্বামী হরিদাস সর্বপ্রথম এই রূপের পুজো করেন । তখন এর নাম ছিলো কুঞ্জবিহারী । বলা হয় গোলকধামে এই সন্ত হরিদাসই আদতে রাধিকার, সখী ললিতারাণী । সন্ত হরিদাস ছিলেন তানসেনের সংগীত শিক্ষক । তিনি নিজেও গীতিকার ও সুগায়ক ছিলেন ।

ভক্তের মধুর গানে ভগবানের আবির্ভাব হয় ও অত:পরে তাঁরা একই রূপে মিলিত হন কারণ হরিদাসজী বলেন যে দুই রূপকে ভজন ও পূজা করে সন্তুষ্ট: করা তার অসাধ্য । এইসবই প্রচলিত কথাকাহিনী । ইতিহাস কিনা আমার জানা নেই ।

স্বয়ং ঈশ্বরের অসাধ্য কিছুই নেই । তিনিই পরাব্রহ্মঃ আবার তিনিই ক্ষুদ্রাতিক্ষুদ্র অণু পরমানু । তিনিই বরাহ আবার তিনিই দেন বরাভয় । কাজেই একই সাথে দুটি কৃষ্ণ ও দু জোড়া রাধারাণী জন্মানো অবাক করা কান্ড মোটেই নয় । আবার যুধিষ্ঠির ছিলেন ধর্মপুত্র আর অন্যদিকে বিদুর ছিলেন স্বয়ং ধর্ম । কাজেই এইক্ষেত্রেও আবার যমরাজ /ধর্মরাজ একই সাথে দুই অঙ্গে জন্ম নেন । চলতি কথাতেও বলা হয় যে একই

আত্মার অনেক দিক । যেমন জন্ম নিয়ে ফেলার পরেও তার কিছু অংশ অন্যান্য জগতের পরিযায়ী আত্মা অথবা বাসিন্দাদের সঙ্গে যোগাযোগ স্থাপনে সক্ষম হয় ।

তবে আমি এই বইটি লিখতে বসেছি কৃষ্ণকে নিয়ে নয় ইস্কনকে নিয়ে । আমার নিজের চোখে দেখা এই প্রতিষ্ঠানকে নিয়ে । আর অনেক অনেক নতুন তথ্য আপনাদের দেবো । একদম অন্তর থেকে । সাচ্চা জিনিস । কোনো ভেজাল নেই । লাইক, শেয়ার করতে ভুলবেন না যেন ।



নামটি হল ময়নামতী । থাকে সাগরপাড়ে এক রূপনগরে । শুনে মনে হয় মানবী । আসলে সে এক ইলিশ মাছ । রূপার মত দেহ আর গোলাপী আভা ঠোঁটে । ময়নামতীর এহেন নামের কারণ তার পতিদেব এক ধনী মৎস্য ব্যবসাদার । বহু মাছের আড়ৎ তার । কিন্তু রূপবতী ময়নাকে সে বিয়ে করেছে । মাছকে বিয়ে ?

কেন নয় ? বিয়ের সাথে জাতি , ধর্মের যদি কোনো সম্পর্ক না থাকে তাহলে প্রজাতির থাকবে কেন ? তাই ওরা বিয়ে করেছে । তা বেশ করেছে ।

ওদের প্রেম হল রাধা কৃষ্ণ বা কামদেব রতি কিংবা শিব ও সতীর প্রেম । অত্যন্ত প্রখর প্রেম ও সত্যিকারের ভালোবাসা ।

কিন্তু একটু সমস্যা এসেছে । সেটা হল ওর পতিদেব সেই মৎস্য ব্যবসায়ী , তড়িৎ তোপদার করেছে কি , মাকালীর ভক্ত হয়ে গেছে । মাকালীর দিব্বি কেটে ব্যবসা বাড়িয়েছে , বলি দিয়েছে আস্ত পাঁঠা , মাছ ও মাংস খায় ও দেশী সুরা আর ইদানিং বিলিতী মদ্যপান করে থাকে কাজেই সেই দেবী করালবদনীই মনে ধরেছে । কোনো খাওয়া দাওয়ার বিধিনিষেধ নেই । সেদ্ধ খাও , নিরামিষ গেলো ওসব নয় , মদ ফদ সবই গেলো কেবল ভক্তি রাখো মনে প্রাণে আর দান ধ্যান করো ব্যাস্ , কেল্লা ফতে ! কিন্তু ওরই বিয়ে করা মৎস্যকন্যা ইলিশ যার নাম দিয়েছে ময়নামতী সেই ময়নার মুখ ভার ! কারণ সে হল নিজে মাছ প্রজাতি আবার তার মাকালীকে ভয় করে । সে ভালোবাসে কৃষ্ণকে । রাধাকে । আর তারও তো এমনই প্রেম ! তাইনা ?

রাধা আর মাধবের প্রেম কিংবা মহাদেব ও সতীর প্রেম এসবই তো সামাজিক বাধানিষেধ্কে তোয়াক্কা না করে দুটি মহাআর মিলনের স্বরলিপি লেখা হয়েছিলো অনেক অনেক কাল আগে । আর এই ময়নামতী ইলিশ আর ব্যবসাদার মৎস্যজীবী তড়িৎ তপাদারের

মিলনতিথিও সেরকমই এক গল্পের চিহ্ন বহন করে নিয়ে চলেছে এই যুগে । তাই ওর রাধাকে ভালোলাগে । কানাইকে ভালোলাগে । কিন্তু বৃন্দাবন অনেক অনেক দূর । তাই ওর বাড়ির কাছে ইস্কনে যেতে চায় । কিন্তু পারবে কি ?

একে তো নিজে মাছ , তারওপরে ওর স্বামী ঘোর মাংসাশী ও কালীর উপাসক । আর বৈষ্ণবগণ তো নিরামিষ খায় । নাহলে নাকি মহাপাপ হয় ও নরকবাস হয় । তাই ইলিশ খুবই দু:খে আছে । ওর কি হবেনা সেই মন্দিরে যাওয়া ? চেপে চলে যেতে পারে কিন্তু ভগবান তো সবই দেখতে পান । তারপর যদি কোনো বিপদ হয় ? তখন কি হবে ?

ও শুনেছে যে এই যুগ নাকি ধীরে ধীরে সত্যযুগের দিকে যাচ্ছে । ঘোরকলি এখনও অনেক দূরে ।

এরকম মিনি সত্য যুগ আসবে আরো তারপর প্রলয় । কল্কি অবতার । সেসব অনেক দেরী । কারণ দুনিয়াতো একটা নয় । অসংখ্য জগৎ আছে । সেগুলি ভাঙে আবার সৃষ্টি হয় । ক্রমাগত হয়ে চলেছে । প্রতিটি জগতের এক একজন ব্রহ্মা আছেন । আর পরমেশ্বরকে বৈষ্ণবরা বলে থাকে আদি নারায়ণ । সেই আদি নারায়ণ যখন একটি শ্বাস নেন তখন মহাপ্রলয় হয়ে সব শেষ । তারপর শ্বাস ছাড়লেই আবার সৃষ্টি হয় । তার মাঝে ঐ

ব্রহ্মাই নাকি শ্বাস প্রশ্বাস নিয়ে নিয়ে নতুন নতুন গ্রহ নক্ষত্র বানায় আর ধ্বংস করে । এরকমটা শুনেছে । ও তো মাছ তাই অত বোঝেনা ওর কম ঘিলুর মাথাটা নিয়ে । বুঝতে চায়ওনা । ও কেবল ভালোবাসতে জানে আর পারে ।

তাই তো ইস্কনে যেতে আগ্রহী সে !



ঋষি অরবিন্দ স্বর্গের দেবতাদের এই মর্ত্যে জন্ম নিতে আহ্বান করে গিয়েছিলেন কারণ পৃথিবীতে ছাতা পড়ে গেছে । ফাঙ্গাস্ । ভ্যাদ্ ভ্যাদে হয়ে গেছে এই অপূর্ব দুনিয়া ! শয়তানের শয়তানিতে আর ক্রুরলোচনের ছটায় । অসহনীয় জ্বালা যন্ত্রণার ঘনঘটায় । তাই অপার্থিব আলোর খুব প্রয়োজন আজ । দৈবসত্ত্বার আগমন হয়ত সুস্থ মস্তকের সবাই চায় ।

ওনারই লেখায় আছে সেসব । ধ্যানের মাধ্যমে এই ঋষি , দেবতাদের সমবেতভাবে জন্ম নিতে আহ্বান জানান

তার কারণ হল এই পাপ ও অনাচার যাতে বন্ধ করা যায় তার জন্য অনেক অনেক মহাআর প্রয়োজন যারা নিঃস্বার্থভাবে অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াতে সক্ষম হবেন সময় এলে আর সারাটা জগৎ তা দেখবে যে মহাবিশ্ব অথবা মহাজগৎ অন্যায় বা অধর্ম সহ্য করেনা । স্বয়ং নিরাকার ঈশ্বর নেমে আসেন , দেহ ধারণ করে তাঁর সন্তানদের বাঁচাতে ।

তাই মনে হয় এই বর্তমান সময়েও যেখানে মানুষ ভাবছে ঈশ্বর বলে কেউ নেই ও সবাই নাস্তিকতার পথে পা দেবে সেখানেও দেখা যাচ্ছে যে কতনা দেব দেবী একই সাথে জন্ম নিয়েছেন।

কারো অবতার এসেছেন মানুষকে উদ্ধার করতে আবার কেউ এসেছেন দেখাতে যে পাপ কিংবা অন্যায় করলে তার ফল কী ভীষণ হতে পারে তাই তার থেকে দূরে থাকাই ভালো ।

এরকমই এক ঝাঁক দেবদেবীর নাম ময়নামতী এখানে উল্লেখ করতে ইচ্ছুক । এবং এরাও এমন সব স্থানে জন্ম নিয়েছে অথবা কর্মক্ষেত্রে যা সাধারণতঃ আমরা দৈব বা অমরত্বের সাথে জুড়ি না ।

এর ভেতরে কিছু অপরাধীও আছেন ।

তাঁরা এসেছেন শিক্ষাদানের জন্য ।

আসলে ময়নামতী দেখলো যে আধ্যাত্মিক ব্যাপারটা হল চিরাচরিত ভাবধারা থেকে বেরিয়ে মনের জটিলতা খুলে ফেলে বড় বড় পা ফেলে অমৃতের দিকে এগিয়ে যাওয়া যা বহু জন্মের ভুল ধারণায় আমাদের হৃদয়ের একদম কাছে থেকেও দূরে সরে গেছে । তাই এইসব দেবদেবী যাঁরা একইসাথে জন্ম নিয়েছেন মানবসমাজের মঙ্গলের জন্য তাঁদের নামগুলি শুনলেই বোঝা যাবে যে আমরা ঈশ্বরকে কতনা দূরে ঠেলে দিয়েছি । আসলে উনি আছেন আমাদের অন্তরেই , প্রিয়জনের মধ্যেই । অত্যন্ত যতনে , আনন্দে ও স্বপ্নচারিনী না হয়েই ।

আর সারাটা মহাজগতেই তো প্রাণ ও প্রাণী আছে । কেবল আমরা আধুনিক যুগে ভুলে গেছি । এখন আবার মহাকাশ বিজ্ঞান সেগুলি একটু একটু করে বার করছে । মঙ্গলে , শুক্রে , বুধে এমনকি সূর্যেও প্রাণ আছে । তাই কি ? এতটা তাপমাত্রায় কি সব গলে যায়না ? তা রক্তমাংস যায় বইকি ! কিন্তু অন্য কোনো দেহ নিয়ে আছে তারা সেখানে । এইতো সেদিন বার হয়েছে যে আগ্নেয়গিরির লাভায় নানান কীটাণু দেখা গেছে । তবে ? সেরকম সূর্যে থাকেন সূর্যদেব, তাঁর স্ত্রী সংজ্ঞা , উপপত্নী ছায়া (শনিদেবের মাতা) ও আমাদের দুগ্গাঠাকুরের এক রূপ মাতা কুষ্মন্ডার সত্ত্বা ও রূপটি । বলা হয় উনি সূর্যকে তাঁর তেজ ও শক্তি দিয়ে থাকেন ও সেখানেই বসবাস করেন ।

১০ মাতৃকার ন্যায় অর্থাৎ দশ মহাবিদ্যার মতন নয়জন দুগ্গা ঠাকুরও আছেন যাঁদের দ্বারাই নিহত হন মহিষাসুরের মতন শয়তান । এই নয় মাতা হল পার্বতীর ৯টি রূপ ।

হিমালয় কন্যা পার্বতী নয়টি স্তরে নয়টি সময়ে তাঁর দৈবিক ছটার নির্যাসটি নিয়ে মহিষাসুরকে বধ করতে উদ্যত হন । এই নয় মাতৃকাকে বলা হয় নবদুর্গা ।

এরা হলেন , শৈলপুত্রী , ব্রহ্মচারিনী, চন্দ্রঘন্টা, কুষ্মন্ডা, স্কন্দমাতা, কাত্যায়নী, কাল রাত্রি, মহাগৌরি, সিদ্ধিদাত্রী ।

আজকাল তো অনেকেই দামী দামী পাথর কেনে , হীরা, জহরৎ , পান্না , চুণী ইত্যাদি কিন্তু কখনো কি মনে হয়না যে এই যে আমরা যেসব পাথরে ঠাকুরকে বানাই বা মূর্তি কিনি সেসব পাথরের মূল্য কত কত বেশী ? তাদের দাম বাজারে আর কত ? সামান্য । হীরা, পান্না, চুণীর কাছে কিছুই নয় । কিন্তু সেসব পাথরের মূর্তির মধ্যে থাকেন ভগবান ।আমাদের মোক্ষের পথে নিয়ে যেতে সক্ষম উনি । চিরশান্তি দিতে পারেন , সমস্ত ইচ্ছেপূরণ করতে পারেন ও ভয় নাশ

করতে পারেন অথচ তাঁর মূল্য কিন্তু এইসব ফেক্ হীরা ও পান্না (ফেক্ কারণ এরা ঐশ্বরিক নয়) ইত্যাদির সাথে বিচার করলে বাজারের মূল্যে কিছুই নয় ।জগতের কোনো মনিটারি পলিসি কিংবা ফিস্ক্যাল পলিসি এসব পাথরকে গুরুত্ত্ব দেবেনা কিন্তু আমরা যোগীরা জানি এর ক্ষমতা অপরিসীম । দক্ষিণ ভারতের অরুণাচল পাহাড়ের প্রতিটি পাথর এক একটি শিবলিঙ্গ । কিন্তু এগুলো ফ্রিতে যে কেউ আনতে সক্ষম । অথচ এর মূল্য অপরিসীম । কারণ যারা মূল্য স্থির করে সমাজে তারা আদতে মূর্খ । সমাজ আজকে এই স্তরে নেমে এসেছে । তাই রাস্কেলের সংখ্যা কমিয়ে ফেলতে ও শয়তানের আধিপত্য ছেঁটে ফেলার জন্যই হয়ত এতগুনো দেবদেবীকে আহ্বান করে গেছেন এই ঋষি , ধরিত্রীতে । আর তাঁরা এসেছেনও । নিচের চার্ট দেখে নিন । অনেক মহামানবই জানেন তাঁদের কথা ।

****

দেবদেবী : :

অমিতাভ বচ্চন	ব্রহ্মা
জয়া ভাদুড়ী	ভূমি
রেখা	সরস্বতী
শর্মিলা ঠাকুর	খ্যাতি
প্রিয়াঙ্কা চোপড়া	তুষ্টি
সত্যজিৎ রায়	বলরাম
বিজয়া রায় আশুতোষ রাণা রেণুকা সাহানে	রেবতী শিবের রূপ খান্ডবের শ্বেত অশ্ব সন্নতি - দক্ষ কন্যা
নচিকেতা চক্রবর্ত্তী লস্ট অ্যান্ড রেয়ার রেসিপির মালিক-ইউ টিউব	সনৎ কুমার ভীমদেব -মহাভারত
উত্তম কুমার	কামদেব
সুচিত্রা সেন	রতি
মহুয়া মৈত্র	মাতঙ্গী ১০ মহাবিদ্যা
হিলারি ক্লিনটন্	তারা ১০ মহাবিদ্যা
এখার্ট টোল্	কালী ১০ মহাবিদ্যা
তনুজা	কমলা ১০ মহাবিদ্যা
শাহবানু ইরান	ভুবনেশ্বরী ১০ মহাবিদ্যা
শ্রী শ্রী রবিশঙ্কর	বগলামুখী ১০- মহাবিদ্যা
অপর্ণা সেন	ধূমাবতী -১০ মহাবিদ্যা
কণিকা রায় (গার্গীর মা)	ভৈরবী ১০ মহাবিদ্যা
ডিম্পল কাপাডিয়া	ষোড়শী ১০ মহাবিদ্যা
লাল কৃষ্ণ আদবাণী	ছিন্নমস্তা ১০ মহাবিদ্যা
রঘুরাম রাজন	ধ্রুব
নরেন্দ্র মোদি	পবন দেব

মমতা বন্দ্যোপাধ্যায়	ইন্দ্রের সাথী সরমা
প্রীতিশ নন্দী	গণেশ (বক্রতুন্ড)
শ্রীরাম নেনে	অশ্বিনী কুমার ১জন
দেবী শেঠী	অশ্বিনী কুমার ২জন
অমল পালেকর	ধর্মরাজ (যম)
ডোনাল্ড ট্রাম্প	কুবের
জেফ্ বেজোজ্	সূর্য
ম্যাকেঞ্জি বেজোজ্	সংজ্ঞা
লরেন স্যানচেজ্	ছায়া
রতন টাটা	শনি
অজিত ডোভাল	মঙ্গল
অর্ণব গোস্বামী	নৈঋত দিক্
মনিষা কৈরালা	তাপ্তী নদী
নীতা আম্বানি	গোদাবরী নদী (গঙ্গার অন্য জন্ম)
নারায়ণ মূর্ত্তি	রাহু
বি কে শিবানী	কেতু
যোগী আদিত্যনাথ	গুরু বৃহস্পতি
প্রিন্স আলি রেজা -ইরান	বুধ
যুবরাণী ডায়না রাণী এলিজাবেথ	শুক্র গ্রহ মা লক্ষ্মী
মিঠুন চক্রবর্ত্তী	চন্দ্র
মমতা শঙ্কর	রোহিনী নক্ষত্র
যোগীতা বালি	বিশাখা
শ্রীদেবী	পূর্বভাদ্রপদ
মাধুরী দীক্ষিত	আর্দ্রা
অ্যাঞ্জেলিনা জোলি	অনুরাধা
মার্শেলিন বার্ট্রান্ড -জোলির মা	স্বাতী

ঐশ্বর্য রাই	চিত্রা নক্ষত্র
পুণম ধীলন	জ্যোষ্ঠা
মৌসুমী চ্যাটার্জ্জী	মঘা
রাধিকা রাজন	পূর্বষাঢ়া
ঋতুপর্ণ ঘোষ	অভিজিৎ
রিয়েল জাগ্নি বাসুদেব	বশিষ্ঠ তারা
বিজয়া কুমারী , ভিজ্জি (স্ত্রী)	অরুন্ধতী
মহুয়া রায়চৌধুরী	রেবতী
তাপস পাল	মৃগশিরা
কাজল জাহ্নবী বনি কাপুর	নিশা দেবী উত্তর আষাঢ়া নক্ষত্র ঈশান লিঙ্গ (শিবের রূপ)
হেমা মালিনী	নিদ্রা দেবী
দাউদ ইব্রাহিম	বীর ভদ্র , শিবের অবতার
ইত্ঝাক্ রাবিন	শিবের পিপ্পলাদ্ অবতার
কাশেম সোলেইমানি	রুদ্র অবতার ভব (শিব)
কমলা আদবানী সরোয়া (ইরানের রাণী)	মনসা সীতা
লালুপ্রসাদ যাদব	বহুচর মাতা
রাবড়ি দেবী	শীতলা মাতা
গার্গীর স্বামী শান্তনু	কুবেরের নকুল
শান্তনুর বাবা	লক্ষ্মীর পেচক
শান্তনুর মা	গণেশের ইঁদুর
বুবু সারমেয়	ভৃঙ্গি মহারাজ
লিও সারমেয়	দুর্গার সিংহ বাহন
ক্রিং সারমেয় সনক সানন্দন সনাতন	নন্দী মহারাজ অঞ্জন দত্ত গার্গীর আপন কাকা শিলাজিৎ মজুমদার -গায়ক
য়্যাশ /মুরু	পালানি মুরুগান

গার্গীর দুই ভাই	নারদ ও গরুড়
গার্গীর বাবা ও এক কাকা	জগাই ও মাধাই
ইমাদ মুগনেয়ি কবীর বেদী	হনুমানজী গণেশ (লম্বোদর)
ইলন মাস্ক প্রতিমা বেদী	ইন্দ্র কাবেরী নদী
বিল গেটস্	বিশ্বকর্মা
রেখা মহাজন	মাকালীর সাথী ডাকিনী
পুণম মহাজন	কালী মায়ের সখী যোগিনী
অভিষেক বচ্চন	আকাশ
সোনিয়া গান্ধী	জগদ্ধাত্রী
রাহুল গান্ধী	মণিকন্ঠণ /হরিহরপুত্রণ
প্রিয়ংকা গান্ধী	অন্নপূর্ণা
পুতিন	পরশুরাম
শ্রীল প্রভুপাদ	সুদামা
মাদার মীরা সুপ্রিয়া দেবী	স্বাহা দেবী উত্তর ফাল্গুনী নক্ষত্র
হার্বার্ট (মীরা মায়ের পতি)	অগ্নি দেব
সাধনা (নায়িকা) মীণাক্ষী শেষাদ্রী	শতভিষা নক্ষত্র মূলা নক্ষত্র
সঞ্জয় গান্ধী	বরুণ দেব
স্বামী বিবেকানন্দ	মঙ্গল গ্রহ থেকে শিবে ঊর্দ্ধগতি
রামকৃষ্ণ পরমহংস	মা কালী
সারদা মণি	মা দুর্গা
অমর্ত্য সেন	শরভ অবতার (শিব)
নবনীতা দেব সেন	ধনিষ্ঠা নক্ষত্র
রাইমা সেন	পুষ্যা নক্ষত্র
রিয়া সেন	হস্তা নক্ষত্র
মুনমুন সেন নীতিন গাড্কারি	যমুনা নদী শ্বান (ভৈরবের বাহন)

রবীন্দ্র নাথ ঠাকুর	বৃহস্পতি গ্রহ
রাই সারমেয়	পালানি কার্তিকের ময়ূর
শোভনা সমর্থ ও তাঁর পতি কুমারসেন সমর্থ	মেণকা ও গিরিরাজ হিমালয়

সব দেবদেবীরা আবার জন্ম নিয়েছেন যাঁদের আমরা মিথকথন মনে করি ।

এখানে একটি কথা বিশেষভাবে উল্লেখ্য--- যে বুবু নামক যে পমেরিয়ান বাদামী সারমেয়টি নদীয়ার ,কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেছে ও ইউ-টিউবে প্রায় লক্ষ ছাড়িয়ে গেছে ওর ভক্তবৃন্দের সংখ্যা অতি অল্প সময়ে তাঁর হিলিং শক্তি অপরিসীম । আগের জন্মে উনি ছিলেন রমণ মহর্ষির শিষ্য আন্নামালাই স্বামী । আর আধ্যাত্মিক জগতে উনি হলেন স্বয়ং --ভৃঙ্গী মহারাজ , শিব ঠাকুরের । তাই ওনাকে দেখলে কিংবা ওনার কোনো ভিডিও অথবা ছবি দেখলেও অসুস্থ মানুষ সুস্থ হয়ে যেতে পারে । ওদের চ্যানেলের নাম হল , @dilsevlogger1327

এক জন্মে জাহ্নবী কাপুর ছিলো আমার মেয়ে । সেই জন্মে আমি জন্মাই আয়ারল্যান্ডে । এই জন্মের পতিদেব শান্তনু ভট্টাচার্যই আমার স্বামী ছিলো আর বাবা ও মা ছিলেন অমিতাভ বচ্চন ও জয়া ভাদুড়ী । মানে ব্রহ্মা ও ধরিত্রী দেবী ; এনারা ।

দেবদেবীরা নিজেদের মধ্যে জন্ম নেন কিন্তু অনেক সময় দানব ও যক্ষ কিংবা গন্ধর্ব এদের সঙ্গী করেও জন্ম নেন । যেমন মনুষ্য দেহ ধারণ করে জন্মান । কারণ কর্ম

কাটাতে হলে কিংবা বিবর্তনের দিকে সিঁড়ি চড়তে গেলে এগুলি করতে হয় ।

যত ওপরের দিকে, সুক্ষ্ম লোকে- যাবে তত শান্তি বেশি ও আয়ু বেশি । কিন্তু মোক্ষ না হওয়া অবধি তোমাকে ক্রমাগত দেহ ত্যাগ করে যেতেই হবে । মোক্ষ হয়ে গেলে পরমেশ্বর একটি ডিভাইন শরীর দেন । তখন ঐ সাত চক্র নাশ হয়ে যায় । এবং সাবকনশাস্ মাইন্ড যা সব বাসনার উৎস তাও শেষ হয়ে যায় । তখন সেই ভগবতী দেহ নিয়ে ঈশ্বরের জন্য কাজ করে যেতে হয় যতক্ষণ না মহাপ্রলয় হয়ে গুরুর সাথে সমস্ত চেতনা মিলিয়ে গিয়ে সেই ভগবতী দেহটাও বিলীন হয়ে যায় ।

রমণ মহর্ষির একটা খুব সুন্দর কথা আছে এই বিষয়ে , এক বিশেষ ব্যাক্তির কথায় বলেছেন ,

নো নো সি হ্যাজ নট ডায়েড্ । সি হ্যাজ মার্যড্ ইন্টু সুপ্রিম কনশাস্নেস্ ফ্রম হোয়্যার দেয়ার ইজ নো কামিং ব্যাক্ টু দিস্ ওয়ার্ল্ড্ অফ্ ইগনোরেন্স ।

অহং-কে খুব সাবধানে চালাতে হয় নাহলে মনুষ্য জন্ম থেকে গরু অথবা শুকরের জন্মও পর্যন্ত সম্ভব । সারমেয়ও হতে পারেন । শান্তনুর আধ্যাত্ম যাত্রাপথে

একবার গোমাতা ও অন্যবার শুকর হয়ে জন্মাতে হবে । অহং এর কারণে ।

প্রবৃত্তি । ব্যবহার । মনের গহীনে লুকিয়ে থাকা ভয়, ভালোমানুষী , লজ্জা এসব কিছুই আমাদের পশুর দেহ ধারণ করতে বাধ্য করে । কাজেই কোনো প্রবৃত্তি কাটিয়ে ফেলার জন্য চেষ্টা করা উচিৎ । নচেৎ পশু জীবন নিতে হবে ।

কবীর বেদী যেমন এত্তো সুপুরুষ কিন্তু স্পিরিচুয়াল জগতে উনি লম্বোদর গণেশ । মোটেই সুপুরুষ নন । কিন্তু এখানে এসেছেন অত্যন্ত সুন্দর এক ব্যাক্তি হয়ে । লক্ষ্য করার বিষয় হল উনি নিজের অহং-কে কীভাবে হ্যান্ডেল করবেন । যদি বেড়ে যায় যা কাম্য নয় তাহলে সমূহ বিপদ ।

আর যদি উনি ব্যালেন্স করে নিতে পারেন রূপবান ইত্যাদি ক্রমাগত শুনে শুনেও তাহলেই কেল্লা ফতে । আধ্যাত্মিক জীবনে ওনার উত্তরণ হয়ে যাবে । আদতে নিজের উন্নতি নিজেকেই করতে হবে । হিলিং ও উন্নতির অর্থ আকাশ থেকে নানান রঙা রশ্মির বিচ্ছুরণ নয় যা যাদুবলে নিমেষেই সব সমস্যার সমাধান করে দেবে । বরঞ্চ নিজের প্রবৃত্তি বদলে ও অহং-কে কন্ট্রোলে রেখে এগিয়ে যেতে হবে মহাসমুদ্রের পথে যাতে বিবর্তনের সিঁড়িতে পা রেখে আমরা আস্তে আস্তে

পৌঁছে যাই সেই চিরশান্তির দেশে । এইভাবেই কোনো সৎ গুরুর সাথে সাক্ষাৎ হয়ে গেলে কেল্লা ফতে ! আর সিঁড়ি চড়তে হবেনা । লিফ্‌টে করে তরতর করে উঠে যাবেন সেই আকাঙ্ক্ষিত আল্লাহ্‌র দরবারে যেখানো কোনো দু:খের পারাবার নেই । আছে সদা সুহাগনের আশ্বাস ! ফল ফুলে ভরা চিরহরিৎ বাগিচার হাতছানি ।

ইরানের শাহ্‌ এতই ভালোমানুষ যে উনি জানতেন যে ওনার প্রথম সন্তান কন্যা হয়ে জন্মানোর কারণে (ঠিকুজীর কল্যাণে) ওনার রাজ্য চলে যাবে অথবা মৃত্যুও হতে পারে কিন্তু তা সত্ত্বেও উনি তাকে যত্ন করে নাম দেন ::শাহ্‌নাজ । অর্থাৎ শাহের গর্ব । এমনটা শ্রীরাম ব্যাতীত কেই বা করতে পারেন ?

যাইহোক্‌ আজ কালভৈরবের- কালাষ্টমি ।

এই পুণ্য তিথিতে এই বই প্রকাশ করছি । হয়ত সবার মনজয় করবে । ভুলভ্রান্তি থাকলে আমাকে মার্জনা করে দেবেন । ৪টে কর্কট রোগাক্রান্ত আমি ভীষণ টায়ার্ড । তবুও লিখলাম বৃহত্তর স্বার্থে । মঙ্গলময় সবার আশাপূরণ করুন ও সবার হৃদয়ে মঙ্গল দীপ জ্বেলে দিন যা কেবল শুভ শুভ আলো দেয় আর সুগন্ধ ছড়ায় । কোনো কুডাকের ইঙ্গিত না থাকে কোথাও ।

আল্লাহ্ মিয়া সবাইকে খুশি রাখুন ও আনন্দ লহরীতে ডুবিয়ে দিন ।

আমরা তাঁর চাঁপা ফুল স্পর্শ চাই আজ ভীষণ ভাবে ।

বিধুশেখর শাস্ত্রীর বাড়ির কালী

পুতনা রাক্ষসী যখন নিহত হয় তখন নাকি তার দেহ থেকে আশ্চর্য জনক ভাবে অগুরুর সুগন্ধ বার থকে শুরু করে ।

তার চিতা ভস্ম থেকে এমন সুগন্ধ কেউ আশা করেনি কারণ সে ছিলো এক ভয়াল নরখাদক । তবুও এমনটা হল কেমন করে ?

আসলে ভগবান তাকে যে স্পর্শ করেছিলেন তাই ।

তাই আমাদের উপরিউক্ত চার্টে যদি দেখেন যে এমন সব নাম আছে যারা সমাজে পতিত রূপে চিহ্নিত তারাও কিন্তু একটা সময়ের পরে সুযোগ পাবে উত্তরণের কারণ ঈশ্বর যাদের সাথে নামে, রূপে, সম্পর্কে কিংবা অন্য কোনো প্রকারে যুক্ত হন তারাই শেষে মুক্তি পেয়ে যান । আর এটাও পরমেশ্বরেরই লীলা ।

তাঁর লীলার কোনো শেষ নেই, শুরুও নেই ।

এই যে এত ভগবানেরা ও দেবদূত ও দূতীরা জন্ম নিয়েছেন একসাথে তা কি বৃথাই বা হেলায় হারাবে এই জগৎ ? কক্ষণো নয় !

এই মহাকাশে ও মহাজগতে, প্রজাপতিমন্ডলে , নক্ষত্র মন্ডলে , কালপুরুষে সর্বত্র প্রাণ আছে । কেবল খালি চোখে তা দেখা যায়না ।

আজ সমাজে যে অবক্ষয় শুরু হয়েছে তার একটা হেস্তনেস্ত করেই ছাড়বেন এরাই । দেখবেন ।

এরাই তো বর্তমান সমাজের মাথা । আর এদের কথা আমরা জানি । আরো আন্ডার কভার ঐশ্বরিক দ্যুতিগণ আছেন যাদের কথা ভগবান আমাদের জানান নি । তারাও কাজে লেগে পড়েছেন । তারাই সবাই মিলে এবার শয়তানের টুঁটি টিপে ধরবেন । এই যে এত খুন খারাপি , রাহাজানি তা কেন হয় তা কি কেউ জানে ?

কেন সুন্দর , নির্মল সমাজ যা অনেকটাই আমরা আগে দেখেছি এবং বিদেশের বহু দেশে এখনো আছে তা হঠাৎ বদলে গেলো কী করে ? বা যাচ্ছে কী করে ?

কেন এত যুদ্ধ ? কেন এত হিংসা ? যৌনতা ? অবসাদ ?

লালসা? নারকোটিস্ , সবকিছু পাওয়ার অদম্য আকুতি ?

কারণ আর কিছুই নয় = ইন কোটস্ হল, শয়তানের এই জগতে হানা দেওয়া ।

ডেভিল ওয়ার্শিপ ।

পিশাচ সিদ্ধি পাওয়া । ২১ দিনের সাধনা করে নিজের মল নিজের কপালে চন্দনের মতন লাগিয়ে একই জায়গায় বসে মলমুত্র ত্যাগ করে করে সেই পৈশাচিক কোনো অস্তিত্বের সাধনা করা এক অলীক শক্তি লাভের আশায় যার দ্বারা মানুষের মনের কথা ও অতীত , ভবিষ্যৎ ইত্যাদি জানা যায় । তারপর তাদের নিজের আয়ত্বে আনার প্রচেষ্টা । এইভাবে রাজনীতি করে সমস্ত দুনিয়ার ওপরে ছরি ঘোরানো যাতে মানুষের মাথায় চড়ে নিজেকে শিখরে বসিয়ে রাখা চলে অনন্তকাল ।

কে তোমার শত্রু হবে আগেই জেনে যাবে , পিশাচ বলে দেবে । তাকে উগ্রপন্থী বলে দাও । আইন করে করে সমস্ত নেতাদের জেলে পুড়ে দাও । অত্যন্ত সহজ তো ।

আর এর ঠ্যালা সামলাবে জনগণ । কীভাবে ?

না, এসব পিশাচের দল তাদের ধর্ম পালন করে । রক্ত খাবে , যৌন অত্যাচার করবে মানুষের ওপরে , মানুষের মন নিয়ে খেলা করবে , গণহত্যা বাড়বে । কারণ তারা মাংসাশী । নরখাদক । কর্ণপিশাচ ।

তারা তাদের জগতের জন্য ঠিক আছে কিন্তু মানব সমাজের জন্য ভগবান তাদের আনেন নি । এই জগতের জন্য তারা নয় । কিন্তু এখানে তাদের আনলে মুস্কিল । ফলত: বাড়ে স্কিজোফ্রেনিয়া , খুন খারাপি , সমাজে যৌন শোষণ এইসব । এইসব পিশাচ মানুষকে যৌন সুখ পর্যন্ত দিয়ে থাকে ।

এদের প্রকোপ বেড়ে যাওয়াতেই আজ মানব সমাজে এত উৎপাত । এদের ভাগাতে হবে । তাই এত ঐশ্বরিক শক্তিরা এখানে এসেছেন । জন্ম নিয়েছেন । চোখে দেখা না গেলেও এদেরই সুক্ষ্ম দেহের মহিমাতেই পৈশাচিক শক্তি পালাবে এবং ধীরে ধীরে মিনি সত্য যুগ আবার ফিরে আসবে । ১০০০-১৫০০ বছর অবধি পরম শান্তি থাকবে । আবার ধীরে ধীরে কালচক্রের কোপে পড়ে চাকায় মরচে ধরবে কারণ সময় ঘুরেই চলে । তাই আপাতত: হতাশ হবার কিছু নেই । কালের নিয়ম আবর্জনা ঝেটিয়ে বিদায় করা । এবার সেই সময় এসে গেছে ।

কাতারে যেই নৌসেনাদের ধরেছে সেখানকার আমির তারা আদতে এই সদ্‌গুরু অর্থাৎ প্রমোদ মহাজন ডিফেন্স মিনিস্টার থাকাকালীন ভারতের সেনাদলের ভাঁড়ার থেকে অষ্টত্রশস্ত্র নিয়ে মধ্যপ্রাচ্যের টেররিস্টদের বিক্রি করতো ।

সেইজন্যেই তাদের গ্রেফতার করে রেখেছে পুলিশ স্টেট কাতার । এবার তাদের ফাঁসি না দিলে আমিরের বংশ ধ্বংস হয়ে যাবে । কারণ ইজরায়েল যদি শয়তানি শক্তিতে গাজাতে নিরীহ মানুষ মারতে পারে তাহলে ভগবান যীশু অথবা কৃষ্ণ কিংবা মহাদেবের রুদ্র অবতার এবার নরেন্দ্র মোদির সরকারকেও ঠেলে ফেলে দেবে । কারণ এরা সবকটা ইলুমিনাতি, ফ্রিম্যাসন , পিশাচ সিদ্ধি এসব নিম্নমানের কাজ করে করে মানুষের ওঅপ্রে অত্যাচার করে চলেছে । এটা ধর্ম যুদ্ধ । দুনিয়াটা ভগবান তৈরি করেছে । উনিই তার পালক । ইজরায়েল ও জো বাইডেন নয় । কিংব নরেন্দ্র মোদি । যে ঈশ্বরের বিরুদ্ধে কাজ করবে তাকেই ছুঁড়ে ফেলে দেওয়া হবে । এটাই স্থির হয়েছে । দেখা যাচ্ছে তো কত কত প্রাকৃতিক বিপর্যয় শুরু হয়েছে । কি করতে পারছে এইসব শয়তানেরা ?

সদ্‌গুরু অত্যন্ত শয়তান একটি লোক ছিলো । মেয়েদের পায়ের জুতো মনে করতো । কর্ণপিশাচিনী ডেকে তার সাথে রমণ করতো ।যাতে কেউ টেরটি না পায় । আর এস এস এর এরকমই স্বভাব । ধর্মের নামে এসবই করে এরা ।

বকধার্মিক । জাতের নামে বজ্জাতি ।

আর আগে সদ্‌গুরু ছিলো ধনকুবের । কুবের হিসেবে পুজোয় পেতো সে । কিন্তু লোভ আর চটুলতা তাকে নিম্নগামী করে ফেলে । আর ছিলো আকাশছোঁয়া অহং । উপদেবতা হবার আকাঙ্খা থেকে যক্ষরাজ হওয়া তারপর শয়তানের দলে ভিড়ে হয়ে যায় **ফলেন অ্যাঞ্জেল** ।

এখন মানুষও নেই আর । পুরোপুরি শয়তানের ডানহাত ।

কাজেই অহং ও লোভের শিকার হলে এরকমই ফল পাবে প্রতিটা আত্মা । পরমাত্মা থেকে দূরেই কেবল চলে যাবেনা হারিয়ে যাবে এক গভীর অন্ধকারে যেখান থেকে ফেরার রাস্তা সম্ভবত:কালচক্র ব্যাতীত আর কারোরই জানা নেই ।

কয়েকবার ইস্কনে গেছে ময়নামতী ওরফে ময়না ।একদিন তো ওদের মূল আশ্রম , নবদ্বীপ থেকেই ঘুরে এসেছে ।

সেখানে গিয়ে জেনেছে যে শ্রী চৈতন্য দেব আদতে বাংলাদেশের মানুষ ছিলেন । ওখানে লেখা দেখেছে । নদীয়াতে ওনার জন্ম ।

ইস্কনের মন্দির ভারি সুন্দর । রাধামাধবের মুরতি ও আরো বৈষ্ণব সন্তদের মুরতি ও নৃত্যরত ভঙ্গিমা দেখেছে ।

ওদের সন্ধ্যা আরতি তো খুবই সুন্দর । খোল করতাল বাজিয়ে সে এক মুখর তান । খুবই মধুর । যেন মনে হয় বৃন্দাবনে পৌঁছে গিয়েছি ।

ময়নামতী একটি ছবি দেখেছে । মাথুর নামে । সেখানে কৃষ্ণ ও রাধার অনেক অনেক বিরহ ও মধুর মিলনের ক্ষণ ছিলো । এই মন্দিরে এসে যেন খানিকটা অমন মনে হয় । যেন টের পাওয়া যায় । ও কৃষ্ণের অনেক মুভি দেখেছে ।

কৃষ্ণ সুদামা , মাথুর, দাতা কর্ণ , সীতা, শ্রী রাধা ইত্যাদি । মাথুরের কথা খুব মনে হয় । খুব মরমী মনের এই ছবি । আর এখন ইস্কন দেখে মনে হয় যেন সেই সমস্ত মুভি উঠে এসেছে সাক্ষাৎ বাস্তবে । স্বয়ং শ্রী কৃষ্ণ অথবা রাধিকা অথবা রাম ও সীতাদেবী আমাদের সামনেই তো খেলে বেড়াচ্ছেন , হেঁটে ও ঘুরে বেড়াচ্ছেন সেই সব প্রাচীন যুগে এইসব ইস্কনের মায়ামন্দিরে । মায়াময় জগতে । মায়াজালের বন্ধনে । খুবই ভালো লাগে ময়নামতীর ।

শুধু ও একজন মৎস্য এটাই ওর দোষ আর খায় মরা মানুষ ও পশু । অর্থাৎ আমিষ যা কৃষ্ণ খাননা । বৈকুন্ঠে বা গোকুলে । বলে বৈষ্ণব- বৈষ্ণবীরা ।

মন ভেঙে যায় । খুব কষ্ট দলা পাকিয়ে ওঠে । বুকে ওঠে ঝড় ! লোকে প্রেমে ফেঁসে কাঁদে । সন্তান হারিয়ে কাঁদে । পরীক্ষায় উত্তীর্ণ না হতে পেরে কাঁদে । কিন্তু ময়নামতী ঈশ্বরকে না পেয়ে কাঁদছে ! কেউ শুনেছে ? এমন কথা ?

ওর তো সব আছে । টাকাপয়সা । জমিজমা , মাছের আড়ৎ । ইদানিং ওর নাগর তড়িৎ তোপদার একটা পাঁচতারা রিসর্ট খুলেছে সমুদ্রপাড়ে । নাম সাগর বধূ ।

এখানে সোজা সমুদ্রে নেমে যাওয়া যায় হোটেলের ঘর থেকে । রাতে নৌকো করে মাছ ধরতে নিয়ে যায় হোটেল কর্মীরা । গভীর সাগরে । শেখায় কী করে মাছ ধরতে হয় । অনেকে আবার সমুদ্রে ডুব দিয়ে চায় । সেই ব্যবস্থাও আছে । ডুবুরী একদম হোটেলের ঘর থেকে নিয়ে যাবে অতলান্তের সন্ধানে । একটা বিরাট গেট । সেটা খুলেই গভীর সাগর । সাঁতরে যাবে লোকে সমুদ্র মন্থনে । নানান কারিকুরি । মানে পয়সা থাকলে লোকে বাথরুমেও রিক্সা চেপে যায় । সোনার কমোড, হীরার কল , প্ল্যাটিনামের সাবান দানি কিইনা বানায় । কিন্তু এর সবই আছে তবু ভগবান কৃষ্ণের কাছে যাবার

আকুতি একে মেরে ফেলে দিয়েছে যেন । এরই স্বামীর এক বন্ধুর এত কাঁচা পয়সা সে নাকি একটা বিড়াল পুষেছে যে রোজ খাবার সময় ব্যাতীত অন্য সময় মুখ থেকে সোনা ও হীরে মুক্তো বমন করে বাটিতে ফেলে । কারণ ঐ বন্ধুর স্ত্রী বসে বসে দেখে । তাতে ওর মনটা শান্ত থাকে । যে নাহ্ ওদের অনেক সম্পদ । যেদিন মার্জার এটি করবে না সেদিন মন শীতলতা হারাবে কারণ বুঝবে যে যথেষ্ট মণিমুক্তো আর আসছে না তাই ওরা দরিদ্রতার দিকে পা দিচ্ছে । তখন মনকে শান্ত করতে অন্য ব্যবস্থা নেবে নচেৎ উন্মাদ হয়ে যেতে পারে । সে সহ্য করতে পারবে না এসব যে টাকাপয়সা হাপিস্ হয়ে যাচ্ছে ।

আর এদিকে ময়নামতীকে দেখো ! পাগলি একটা । কে এক কৃষ্ণ ! ছিলো কিনা কে জানে ! আর তার জন্য নাকি কেউ উন্মাদ হয় ??

ও যখন নবদ্বীপে গিয়েছিলো তখন ও ইলিশ মাছ ছিল না । মানুষী ছিলো । নাম সেই ময়না ।

তখন আসলে মন্দিরে বসে আমিষ খেয়ে ফেলেছিলো । মনে হয় তাই এবার ইলিশ হয়ে গেছে । কে জানে ।

ভগবান বিষ্ণু সব জানেন ।

তখন দেখে যে ঐ মন্দিরে প্রভুপাদের একটি মূর্তি । কিন্তু ও ভাবে যে এটি মানুষ । একজন মানুষ । তাই চুপ করে ওনার সামনে বসে পড়ে । পরে বোঝে যে ওটি আসলে মূর্তি । প্রভুপাদ অনেক আগেই দেহ রেখেছেন । সাধকেরা যখন দেহ রাখেন তখন বলা হয় সমাধিস্থ হয়েছেন বা মহাসমাধি হয়েছে । তাই ঐ মুরতির সামনে বসে জ্যান্ত প্রভুপাদকে **মেহেসুস্** করলে আদতে তিনি হয়ত ওখানেই উপস্থিত ছিলেন ।

ওনার সম্পর্কে অনেক জেনেছে নানান পুঁথি পড়ে । উনি একটা বিশাল আন্দোলন করেন । হরেকৃষ্ণ আন্দোলন । তার কারণ শঙ্করবাদীদের ঐসব ব্রাহ্মণ ও দলিতের বিভেদ ও সেই ঈশ্বরের কাছে আসতে না দেওয়া আর মানুষে মানুষে ভেদাভেদ করা ।

কিন্তু আজকের ইস্কনও কি আমিষ নিরামিষ নিয়ে সে একই জিনিস করছে না ?

আবার ভেদাভেদ ?

এইসব হাফ্ বেকড্ বৈষ্ণবকে কি গোবর্ধন পর্বতে পাঠিয়ে দেওয়া উচিৎ নয় আত্ম শোধনের জন্য ?

প্রশ্নগুলো মাথার মধ্যে কিলবিল করে ।

কিন্তু একটু অভিশাপগ্রস্ত ইলিশ মাছের কথা কেউ কি শোনে ?

আগের জনমে , নবদ্বীপের ইস্কনের মন্দিরে বসে বিরিয়ানি খাবার জন্য যার এই পরিণতি তার কথা কে মানবে ?

কিন্তু ব্রহ্ম তা আদি নারায়ণ, মহাকালী , বিষ্ণুই হন বা আল্লাহ্ বা মহাশিব ; তিনি তো বলেন যে আমার কাছে আসতে হলে মনকে মেরে ফেলতে হবে --- তাহলে আমিষ আর নিরামিষের ভেদাভেদ দিয়ে হবেটা কি ?

এসবই তো মনের উপসর্গ ।

সবাইকে যেতে হবে মনের বাইরে ।

মনের সুইচ্ অফ্ । নো মাইন্ড্ । কেবল শুদ্ধ চৈতন্য ।

চিন্তা স্রোত নেই কোনো । সব হবে ইন্টিউশনে ।

ইন্টিউশন বেড়ে যাবে । মন মরে যাবে ।

কাজেই মনের ক্ষুধা তা আমিষ হোক্ বা নিরামিষ তাকে গুরুত্ব না দিয়ে মনটাকেই কুপিয়ে মেরে ফেলতে হবে । দেখবে তখন খিদেই পাবেনা ।

পরাব্রহ্মের শক্তিতেই জীবিত থাকবে ।

তাই ইলিশের মনে হয় যে ওকে প্রবেশাধিকার দেওয়া উচিৎ এই মন্দির প্রাঙ্গনে , এই জন্মেও ।

<u>**সিং ডান্স অ্যান্ড প্রে**</u> নামক একটি চমৎকার পুস্তকের জন্ম হয়েছে যা কিনা শ্রীল প্রভুপাদের জীবন ও তাঁর কৃষ্ণ ভজনা নিয়েই কেবল নয় বরঞ্চ তাঁর কৃষ্ণ নাম প্রচারের সংগ্রাম নিয়ে রচিত হয়েছে । যিনি লেখক তাঁর নামও সুগ্রন্থিত ---হিন্দোল সেনগুপ্ত । হিন্দোলিত এই পুরুষ , কৃষ্ণের স্পর্শে । তাই তো লিখতে পেরেছেন এই অপরূপ পুঁথি , মাধব ও মাধবীলতায় মুড়ে রেখেছিলেন পরম যতনে , হৃদয়ের গভীরে সেইসব তান যা তিনি কীর্তন ও হিল্লোল এর সময় কল্লোল মুখর কোনো তিথিতে কালো কালো গোটা গোটা অক্ষরে নথিবদ্ধ করলেও ময়নামতী তার থেকেই চুইয়ে পড়েতে দেখেছে মধুর রস । রসকলি আঁকা বৈষ্ণবেরা যা রস্বাদন করেছেন তার থেকেই অনেক গুণ বেশি করতে পেরেছেন শাপগ্রস্ত ইলিশ ময়নামতী । কারণ তার অন্তরে মহাপ্রভু ও কৃষ্ণের প্রতি ভালোবাসা বড্ড গভীর ।

এটা তার অহং নয় । বরং বিয়োজনের ইঙ্গিত ।

সে সব ছেড়ে দিতে পারে ইস্কনের জন্য । কৃষ্ণের জন্য ।

ময়না শুনেছে যে বৃন্দাবনে নাকি রাসলীলা হয় রোজ মহানিশিতে । কেউ দেখলে নাকি মৃত্যু অনিবার্য । কিন্তু তার পরিপক্ক মন বলে অন্য কাহিনী । তার মনে হয় যে এই রাসলীলা কোনো বিলিওনেয়ারের মধুময় অপকীর্তির অনুষ্ঠান নয় যে কেউ তার সাক্ষী হয় ।এটা হল পরম পুরুষ ভগবানের আলোর খেলা । লীলা খেলা । এবং এই খেলা শেষে ভগবান সবাইকে সুযোগ দেন বৈকুন্ঠে পাড়ি দিতে ।

কিন্তু যেহেতু আমাদের মন এই পার্থিব জগতেই আঁঠার মতন আটকে আছে তাই মরতে যেমন সবাই ভয় পায় সেই একই কারণে রাসলীলা সাঙ্গ হলে স্বয়ং শ্রীকৃষ্ণের সাথী হয়ে দৈব আঙিনায় জেতেও মানুষ ভয় পায় আর তাই তারা হয় উন্মাদ হয়ে যায় অথবা ভয়ে দেহত্যাগ করে । আর অত্যন্ত কম সংখ্যক কিছু মানুষ হয়ত ভগবানের স্পর্শে বৈকুন্ঠে যাত্রার সুযোগ পান । তারা অবশ্যই প্রহ্লাদের মতন ভক্তকূল । আর তারাই ময়নামতীর মতন ইলিশ হয়েও ভগবানকে ডেকে ফেরে । কারণ একবার সেখানে পৌছাতে পারলে আর কোনো দৈহিক অবক্ষয় , জ্বালা , যন্ত্রনা নেই । কেবলই আনন্দ , আনন্দ আর পরমানন্দ ।

তবে সবাই তো আর বৃন্দাবনে গোপী লীলা দেখতে যেতে সক্ষম হয়না তাই এখন ইস্কনের অপূর্ব মন্দির প্রাঙ্গনে গেলেই যেন সেই পরশ অনেকাংশেই মেলে ।

এক বর্ধিষ্ণু সুবর্ণ বণিক পরিবারে জন্ম গ্রহণ করা প্রভুপাদজী এক বৈষ্ণব পরিবারেই জন্মগ্রহন করেন । শৈশব থেকেই ওনার পিতা ওনাকে সাথে নিয়ে রাধামাধবের মন্দিরে যেতেন । সেখানকার চমৎকার মূর্তিগুলো ওনার মনে গভীর রেখাপাত করে । পরবর্ত্তীকালে ওনার গুরুজী যিনি নিজে এক কৃষ্ণ সাধক ছিলেন তাঁকে আদেশ দেন বৈষ্ণব ধর্ম নিয়ে লেখালেখি করতে ও মানব সমাজে তা প্রচার করতে । এইভাবেই ধীরে ধীরে এই মহামানব আমেরিকায় পাড়ি দেন একটি গীতা হাতে নিয়ে এবং সুদূর মার্কিন দেশ থেকে ইস্কনের আরম্ভ হয় । **ইন্টার ন্যাশেনাল সোসাইটি ফর কৃষ্ণা কন্‌শাস্‌নেস্‌ ।**

এই কৃষ্ণা কনশাস্‌নেস্‌ কোনো বৈষ্ণব ধর্মের বৃন্দাবন বাসী অস্তিত্ব নন কিংবা মথুরার ঐশ্বরিক সত্ত্বা নত ইনি হলেন পরমেশ্বর । সবার অন্তরে আছেন । সবার মধ্যে এরই জয়জয়কার । শুধু নাম আলাদা ।

কেউ ডাকে যীশু , কেউ মহোম্মদ, কেউ ইমাম , কেউ গুরু নানক , কেউ মহাবীর ইত্যাদি ।

প্রভুপাদজী তো বৃন্দাবন থেকেই এই যাত্রা আরম্ভ করেন । কাজেই স্বয়ং ভগবান বিষ্ণু ব্যাতীত কেউই বা তাঁকে পাঠাবেন ? আর সমালোচনা ?

এই জন্যের ইরানীগণ তাদের কার্পেট এর ভেতরে একটু ইচ্ছাকৃত খুঁত রেখে দিয়ে কার্পেট বুনন করে ।কারণ পরম ব্রহ্ম ব্যাতীত কেউ নিঁখুত নন । আর মাটি, বালি, সুড়কি ও ঝড় , বৃষ্টির জগতে কাজ করতে গেলে সমালোচনা ও ঝঞ্ঝা আসবেই । লোকে কুকথা বলবে । মনোমালিন্য হবেই । কিন্তু যেকোনো বড় কাজের বাধাগুনোকে অতিক্রম করে টিঁকে থাকা ও সসম্মানে এগিয়ে চলায় হল ভগবানের আশীর্বাদের নজির । ইস্কন কিইনা করছে ?

ফ্রিতে খানা দেওয়া , পুষ্টিকর যা স্বয়ং স্টিভ জবস্ খেয়ে বলে গেছেন , যত খুশি খাও , দেশে ও বিদেশে গোমাতাদের দেখভাল করা , তাদের আধ্যাত্মিক গুরুত্ত্ব মেলে ধরা ও সেইভাবে মানুষকে সঞ্চালিত করা , একরের পর একর সার বিহীন ফলন ফলানো , ফর্মালিনে চোবানো খাদ্যদ্রব্য কিংবা পটাশে ফটাশে ডুবিয়ে খাবার খাইয়ে মানুষকে হাপিস্ করা এসব থেকে শত হস্ত দূরে এই সংস্থা । ধর্মের নামে

লোককে কচুকাটা করা অথবা তুকতাকে করে পিশাচ চালান করা এইসব ছাইপাশ তো করছেই না । এরা ব্রহ্মচারী ও অনেকেই সংসারী । তুলসী মালা পরে অন্তত: মানুষের ক্ষতিসাধনে ব্রতী হচ্ছেনা । অনেক ধর্মগুরু যা শুরু করেছে ইদানিং তাদের মত ।

মানুষকে আর্থিকভাবে , মানসিক ভাবে , দৈহিক ভাবে লুটছে আর শুধু তাই নয় প্রেত চালান করে করে আধ্যাত্মিক ভাবেও শেষ করে দিচ্ছে যা সে বুঝতেও সক্ষম নয় ।

আর বেদ, বেদান্ত থেকে আরম্ভ করে সব ধর্ম গ্রন্থেই বলে যে মোক্ষ না হওয়া অবধি এই দ্বৈত ভাব থাকেই । কাজেই সবকিছুর আলোছায়া পড়বেই । তাই গুরুরা মোমবাতি হবেনই যতক্ষণ না তাঁরা ব্রহ্মে লীন হয়ে যান । তাই আলোচনা ও সমালোচনা থাকলেও গুরু এমন হবেনা যাকে অপরাধী বলে সমাজ চিহ্নিত করে ফেলে ।

রামকৃষ্ণ পরমহংস বলে গেছেন , গুরুকে বাজিয়ে নিবি !

আজকাল গুরুদের বাজাতে গেলে বেশির ভাগই তুবড়ে টুবড়ে গিয়ে একাকার কান্ড । প্রভুপাদজী কিন্তু এখনও উজ্জ্বল হয়ে অবস্থান করছেন , ইস্কনের শিখরে ।

ইস্কন মানুষের মাঝে হরেকৃষ্ণ নাম ছড়িয়ে দিয়েছে । যে কেউ ভগবানকে স্মরণ করতে পারে । তার ব্রাহ্মণ হতে হবেনা । পরজন্মের জন্য অপেক্ষা করতে হবেনা । **ইট ইজ হিয়ার অ্যান্ড নাও । জাস্ট ক্লিক দা কৃষ্ণা বাটন !!!!**

রাইজ অ্যান্ড রোর্ ।

আর হরি নামে কি যে মধু আছে তা কে না জানে ? হরি হরি হরি হরি হরি হরি হরি হরি হরি হরি হরি হরি !!!!!

গীতা যেমন কোনো ধর্ম গ্রন্থ নয় সমস্ত সমস্যার সমাধানের লিপি সেরকম হরি নামও কোনো ভাগবৎ চর্চা বলে মনে হয়না ইলিশের ! বরং মধুর এক মিউজিক যেন ! যা তাকে শান্তি দেয় ও নিয়ে যায় বৈকুন্ঠে বা গোলকধামে ।

জপতপ করো, গীতা পড়ো , সেই শিক্ষাকে নিজ জীবনে লাগাও । উত্তরণ হবে । সংকীর্তণ করো । ভজন করো । তাতে মনে প্রশান্তি আসবে । সাধারণ মানুষের মনে ভক্তি আসবে । নাহলে তারা দূরে সরে যাবে ঠাকুরের কাছ থেকে । মন্দিরে একটি করে স্তম্ভ থাকে কেন জানো ?

এদের বলে ধ্বজ স্তম্ভ । মনে করা হয় যে এই স্তম্ভ হল মানব জমিন ও মহাকাশের মধ্যে একটি যোগাযোগের পথ ও রক্ষার উপায় মাত্র । দেবদেবীদের সাথে এই স্থম্ভ দ্বারা যোগসুত্র স্থাপন করা সম্ভব । তাঁদের জ্যোতি ও শক্তি এই ধবজ স্তম্ভের মাধ্যেমে এসে পৌঁছাবে আমাদের পার্থিব জগতে । এরকমটা মনে করা হয়ে থাকে । যেমন নরসিংহদেব এরকমই এক স্থম্ভ থেকে আবির্ভূত হয়েছিলেন । এসব স্তম্ভে অনেক অনেক ধর্মীয় মন্ত্র ইত্যাদি খোদাই করা থাকে ।

আগে নাকি ইলিশের বানান ছিলো ইলীশ । ৯০০ বছর আগে থেকে এর সভ্য সমাজে আবির্ভাব । কাল বিবেক গ্রন্থে নাম দেন ইলীশ ;

জীমূতবাহন । তার এই কাব্যে ইলীশের এই বানান লেখেন । ইল মানে জল আর ইশ মানে রাজা । মাছের রাজা কে তাহলে ? রুই নয় ইলীশ ।

ময়নামতীর জন্ম কিন্তু আজব উপায়ে । তার জন্ম হয় গঙ্গা ও পদ্মার ইলিশের মিলিত উপায়ে । তাই তাকে অনেকেই গোপা বলে সম্বোধন করে থাকে । গোপা থেকেই তো হয় গোপাল আর গোপী বা গোপিনী তাই না ?

আশ্চর্য !!

এদিকে খাবারের কথাই যদি ধরো তাহলে কেবল নিরামিষ কেন ? মানুষ তো মাটিও খায় ! বাংলাদেশ , হাইতি , অ্যাফ্রিকা এসব স্থানে অনেক মানুষ মাটির তৈরি বিস্কুট ও কেক খায় । কেউ খায় গর্ভবতী অবস্থায় আবার কেউ শখে খায় সুস্বাদু বলে ।

বিশেষ জতের মাটি জুটিয়ে তা বেশ ভালো করে পিষে নিয়ে তার সাথে আদা, নুন , তেল , চর্বি এইসব স্বাদ মতন মিশিয়ে নিয়ে কেউ শুকায় আর কেউবা অন্য কোনো কায়দায় চুল্হায় শেঁকে নিয়ে খায় । কাজেই

খাদ্য আর অখাদ্য ও কুখাদ্যের কোনো সীমারেখা নেই । কারো কাছে যা সুস্বাদু অন্যের কাছে তা গ্রহণযোগ্যই নয় । হাসির খোরাক । লজ্জার খোরাক । টিপ্পনী কাটার ব্যাপার । কাজেই কেবল খাদ্যাভ্যাসের জন্য কেউ কেষ্টকে হারাবে এ হয়না । না না এ হতে পারে না ! কি বলেন ? আপনারা ?

এই পার্থিব জগৎ কেবল মায়াময়ই নয় অসম্ভব কাঠিন্যের বেড়াজালে ঘেরা । তাই বুঝি অবতার জন্ম নিলেও তাকে মায়ার ফাঁদে পড়ে অনেক রকম ঝামেলা সহ্য করতে হয় ।

যেমন ইলিশ শুনেছে যে শ্রীকৃষ্ণ যখন জন্ম নেন তখন তাঁকে তাঁর গুরু পরামর্শ দেন নিয়মিত নরসিংহ দেবের অর্চনা করে যেতে । তাতে করে জাগতিক যতসব সমস্যা থেকে তিনি রক্ষা পাবেন ।

স্বয়ং নৃসিং দেব যিনি নারায়ণেরই আরেক অবতার ও শ্রীকৃষ্ণের অন্য একটি রূপ তিনিই এসে দ্বাপরে রক্ষাকর্ত্তা হয়ে দেখা দেবেন তাঁর প্রতিচ্ছবির জীবনে । আজব ব্যাপার !নয় কি ?

তাই গুরু সন্দীপনীর পরামর্শে আমাদের গোপাল শুরু করলেন নরসিংহ অর্চনা । যাতে রক্ষা পান জাগতিক ঝঞ্ঝাট থেকে ।

আমরা ভগবান বিষ্ণুর যেসব অবতারের কথা শুনি যেমন ,

<u>মৎস্য , কূর্ম , বরাহ , বামন , নরসিংহ , পরশুরাম, বলরাম, শ্রীরাম , শ্রীকৃষ্ণ আর কল্কি</u>

এরা হলেন মহা অবতার ।

এছাড়াও মাঝে মাঝে আরো অবতারেরা জন্ম নেন । মিনি সত্য যুগ , দ্বাপর যুগ , মিনি ত্রেতা যুগ ইত্যাদিতে ।

<u>সম্ভবামি যুগে যুগে</u> যে বলা আছে ধর্মগ্রন্থে সেই কথা অনুসারে ।

